সৃষ্টবান্ স্যাৎ তদা গৃধ্রধ্বাঙ্ক্ষবৃকাংস্তনৌ নিপততঃ কো বা কথং বারয়েৎ ধ্বাঙ্ক্ষাঃ কাকাঃ বৃকাঃ ক্ষুদ্রব্যাঘ্রাঃ। গৃধ্রধ্বাঙ্ক্ষবৃকান্ কীদৃশান্ প্রত্যগ্রং তৎকালং ক্ষরতা চর্ম্মাবরণাভাবাৎ স্রবতা অস্রেণ শোণিতেন মিশ্রং যৎ পিশিতং তদ্গ্রাসার্থং গ্রহেণ গৃহ্নতো মাংসার্থিত্বাৎ তেষাং। *

যদা লোলেতি। যদ্যপীত্যর্থে যদা যদ্যপি বিষয়জন্যা রসা লোলাব-স্থিদ্যুদ্বচ্চঞ্চলাঃ প্রান্তে পর্য্যন্তে বিরসাঃ দেহং দেহং প্রাপ্য বিপৎ প্রতিদেহে বিপদিত্যর্থঃ। গুরুঃ শোকো যস্য লোকজনস্তাদৃশঃ অলুক্‌সমাসোঽয়ম্। অবলা সততমনর্থবহুলা তথাপ্যস্মিন্ ঘোরে পথি সংসারবাসনারূপে ঘোরে দুঃখহেতৌ পথি বত খেদে জনা রতা ন আত্মনি ব্রহ্মণি রতা ইত্যর্থঃ। †

তেন, তাহাহইলে এই শরীরে গৃধ্র, কাক অথবা ব্যাঘ্র নিপতিত হইলেও কেহ বারণ করিত না। কিন্তু শরীর এইরূপ কোমল আবরণে আবৃত না হইলে ব্যাঘ্রাদিরা তাহা বিদীর্ণ করিয়া গলিত শোণিতধারা পান করিতে পারিত না; সুতরাং তাহাদিগের নিবারণ নিষ্প্রয়োজন হইত। বিধাতা এই শরীরকে অতি কোমল করিয়া সৃষ্টি করিয়াছেন বলিয়াই লোকে সেই শরীরের নিমিত্ত সর্ব্বদা ভীত হইয়া থাকে। আরও দেখ, এই বিষয়জন্য রস বিদ্যুতের ন্যায় চঞ্চল ও পরিণামবিরস। সকল দেহই বিপদের আধার, প্রচুরতর ধনও নিধনের কারণ, লোকমাত্রই গুরুতর শোকের আশ্রয়, স্ত্রীগণ ভূরি অনর্থের নিদান। হা! কি দুঃখের বিষয়, এই সকল জানিয়াও মনুষ্যগণ এই ঘোরতর সংসারপথে নিরত আছে, একবারও সর্ব্বসুখপ্রদ পরব্রহ্মে অভিরত হয় না।

সর। বৎস! এতদ্বৈরাগ্যং ত্বামুপস্থিতং তদেতৎ সম্ভাবয়।

মনঃ। কাসি পুত্রক!

বৈরা। অভিবাদয়ে।

মনঃ। বৎস! জায়মানেন ত্বয়া পরিত্যক্তোঽস্মি তৎ পরিষ্বজস্ব মাম্।

বৈরা। (তথা করোতি।)

মনঃ। বৎস! ত্বদ্দর্শনাৎ প্রশান্তো মে শোকাবেশঃ।

বৈরা। কোঽত্র শোকাবেশঃ।

পান্থানামিব বর্ত্মনি ক্ষিতিরুহাং নদ্যামিব ভ্রাম্যতাং
মেঘানামিব পুষ্করে জলনিধৌ সাংযাত্রিকাণামিব।
সংযোগঃ পিতৃমাতৃবন্ধুতনয়ভ্রাতৃপ্রিয়াণাং যদা
সিদ্ধো ভূরিবিয়োগ এব বিদুষাং শোকোদয়ঃ কস্তদা॥ *

পান্থানামিবেতি। পিত্রাদীনাং সংযোগো যদা পান্থানাং বর্ত্মনীব নদ্যাং ভ্রাম্যতাং ক্ষিতিরুহামিব পুষ্করে গগনে মেঘানামিব জলনিধৌ সাংযাত্রিকাণাং বণিজামিব ভূরিবিয়োগঃ সিদ্ধো বিদুষাং শোকোদয়স্তদা কুত ইত্যর্থঃ। *

সর। বৎস! এই বৈরাগ্য তোমার নিকট উপস্থিত হইয়াছেন, ইহাঁকে সম্ভাষণ কর।

মন। বৎস! তুমি কোথায় আছ?

বৈরাগ্য। অভিবাদন করি।

মন। বৎস! তুমি জন্মমাত্রই পরিত্যাগ করিয়াছ, আমাকে আলিঙ্গন কর।

বৈরাগ্য। (মনকে আলিঙ্গন করিলেন।)

মন। বৎস! তোমার দর্শনে আমার শোকাবেশ প্রশান্ত হইল।

বৈরাগ্য। শোকাবেশ কি? যেমন পথিকের সহিত পথিকের সংযোগ হয়, যেমন নদীবেগে ভ্রাম্যমান বৃক্ষসকলের মিলন হয়, যেমন আকাশে সঞ্চরণশীল মেঘসকলের সঙ্গম হয়, যেমন সাগরযাত্রায় যাত্রিকসকলের

মনঃ। (সানন্দং) দেবি! এবমেতদ্‌যদাহ বৎসঃ সম্প্রতি হি—

নার্য্যস্তা নবযৌবনা মধুকরব্যাহারিণস্তে দ্রুমাঃ
প্রোন্মীলন্নবমালিকাসুরভয়ো মন্দাস্ত এবানিলাঃ।
অদ্যোদাত্তবিবেকমার্জ্জিততমস্তোমাবলীকং পুন-
স্তানেতান্মৃগতৃষ্ণিকার্ণবজলপ্রায়ান্মনঃ পশ্যতি ॥ *

সর। বৎস! যদ্যেবং গৃহিণা তদা মুহূর্ত্তমপ্যনাশ্রমিণা ন ভবিতব্যং তদদ্যপ্রভৃতি নিবৃত্তিরেব তে ধর্ম্মচারিণী ভবত্বিতি।

মনঃ। (সলজ্জং) যদাদিশতি দেবী।

নার্য্যস্তা ইতি। অদ্য মন উদাত্তবিবেকেন মার্জ্জিতা অপসারিতা তমস্তোমাবলী অজ্ঞানপুঞ্জশ্রেণী যত্র তাদৃশং সৎ পুনস্তানেতান্ সম্প্রতি মৃগতৃষ্ণিকায়াং ভ্রমবশাজ্জলপ্রায়ান্ পশ্যতি মিথ্যাত্বেন জানাতীত্যর্থঃ। তানেতান্ কানিত্যাহ নার্য্য ইতি পূর্ব্বার্দ্ধং স্পষ্টম্। অনাত্যা ইত্যন্তত্তাপ্যুপচরিষ্যন্তীত্যর্থঃ। *

পরস্পর সাক্ষাৎকার হয়, পিতা, মাতা, বন্ধু, তনয়, ভ্রাতা ও মিত্র ইহাদিগের সহিত মিলনও সেইরূপ; সুতরাং পিত্রাদির সহিত বিয়োগ প্রসিদ্ধই আছে। অতএব জ্ঞানিগণের শোকোদয়ের সম্ভব কোথায়?

মন। (সানন্দে) দেবি! বৎস বৈরাগ্য উত্তম কথা বলিয়াছে এবং ইহাই সত্য বটে; কারণ মন বিবেকোদয়ে অজ্ঞানবিনির্ম্মুক্ত হইলে নবযৌবনা নারী, গুঞ্জায়মান মধুকরপরিব্যাপ্ত দ্রুমশ্রেণী, প্রফুল্ল নবমালিকার সৌরভপূর্ণ মন্দ মন্দ অনিল, এই সকলকে মৃগতৃষ্ণিকাজলের ন্যায় অলীক জ্ঞান করে।

সর। বৎস! যদি তোমার অন্তঃকরণ বিবেককর্ত্তৃক এইরূপ নির্ম্মল হইল, তাহাহইলে গৃহিদিগের ক্ষণকালও অনাশ্রমী হইয়া থাকা উচিত নহে; অতএব অদ্য হইতে নিবৃত্তিই তোমার সহধর্ম্মচারিণী হউক।

মন। (সলজ্জ হইয়া) দেবী যাহা আজ্ঞা করেন, তাহাই হইবে।

সর। বৎস! শমদমসন্তোষাদয়শ্চ পুত্রাস্ত্বামুপচরিষ্যন্তি যমনিয়মাদয়শ্চামাত্যাঃ বিবেকোঽপি ত্বদনুগ্রহাদেবোপনিষদ্দেব্যা সহ যৌবরাজ্যমনুভবতু এতাশ্চ মৈত্র্যাদয়শ্চতস্রো ভগিন্যো ভগবত্যা বিষ্ণুভক্ত্যা ত্বৎপ্রসাদনায় প্রেষিতাস্তা এতাঃ সপ্রসাদমনুনয়।

মনঃ। যদাদিশতি ভগবতী মূর্দ্ধনি নিবেশিতাঃ সর্ব্বা এবাজ্ঞাঃ। (ইতি সহর্ষং পাদয়োঃ পততি।)

সর। বৎস! যমনিয়মাসনপ্রাণায়ামাদয়শ্চ সাদরমায়ুষ্মতা দ্রষ্টব্যা এভিরেব সহেদানীমায়ুষ্মান্ সাম্রাজ্যমনুতিষ্ঠতু অপি চ ত্বয়ি স্বাস্থ্যমাপন্নে ক্ষেত্রজ্ঞোঽপি * স্বাং প্রকৃতিমাপ্স্যতি। যতঃ—

ক্ষেত্রজ্ঞঃ পরমাত্মা। *

সর। বৎস! শম-দম-সন্তোষাদি তনয়গণ তোমার পরিচর্য্যা করিবে। যমনিয়মাদিও তোমার অমাত্যকার্য্যে ব্রতী হইবে। বিবেকও তোমার অনুগ্রহে উপনিষদ্দেবীর সহিত যৌবরাজ্যে অভিষিক্ত হউক, মৈত্রীপ্রভৃতি চারিভগিনী ভগবতী বিষ্ণুভক্তির সহিত সান্ত্বনার নিমিত্ত প্রেরিত হইয়াছে, এক্ষণে তুমি ইহাদিগকে প্রসন্ন কর।

মন। ভগবতী যাহা আদেশ করিলেন, আমি আপনার সকল আজ্ঞাই মস্তকে ধারণ করিলাম। (সহর্ষে সরস্বতীর পাদদ্বয়ে পতন।)

সর। বৎস! যম, নিয়ম, আসন, প্রাণায়ামপ্রভৃতিকে তুমি সাদরে দেখিবে। আয়ুষ্মন্! তুমি ইহাদিগের সহিত সাম্রাজ্যভোগ কর, আর তুমি স্বাস্থ্যভাব আশ্রয় করিলে পরমাত্মাও প্রকৃতিস্থ হইবেন। যেহেতু এক সনাতন পরমাত্মা তোমার সঙ্গবশতই নানারূপে প্রকাশিত হয়েন। তোমার সঙ্গেই সেই পরমাত্মার উৎপত্তি, প্রলয়, জরাপ্রভৃতি উপদ্রব ঘটিয়া থাকে। যেমন

ত্বৎসঙ্গাচ্ছাশ্বতোঽয়ং প্রভবলয়জরোপপ্লবো বুদ্ধিবৃত্তি-
ষ্বেকো নানেব দেবো রবিরিব জলধের্বীচিষু ব্যস্তমূর্ত্তিঃ।
তূষ্ণীমালম্বসে চেৎ কথমপি বিততা বৎস! সংহৃত্য বৃত্তী-
র্ভাত্যাদর্শে প্রসন্নে মুখমিব সহজানন্দসান্দ্রস্তদাত্মা॥ *
তদ্ভবত্বিদানীং জ্ঞাতীনামুদকক্রিয়ায়ৈ ভাগীরথীমবতরামঃ।

মনঃ। যদাদিশতি দেবী। (ইতি নিষ্ক্রান্তাঃ সর্ব্বে।)

ইতি বৈরাগ্যোৎপত্তির্নাম পঞ্চমোঽঙ্কঃ॥ ৫॥

ত্বৎসঙ্গাদিতি। শাশ্বতো নিত্যোঽয়মাত্মা দেবঃ কোঽপি জলধের্বীচিষু ব্যস্তমূর্ত্তিরেকো রবিরিব বুদ্ধিবৃত্তিষু নানেব সন্ প্রভবলয়জরোপপ্লবঃ প্রভব উৎপত্তির্লয়ো মরণং তাদৃশ উপপ্লব আপদ্যস্য ত্বৎসঙ্গাদীদৃশঃ। হে বৎস! ত্বঞ্চেদ্বিততাবৃত্তীঃ সাংসারিকস্য ব্যবসায়ান্ সংহৃত্য তূষ্ণীমালম্বসে নির্ব্ব্যাপারত্বমাশ্রয়সি তদা প্রসন্নে আদর্শে মুখমিবৈকতাং ভাতি কীদৃশঃ সহজানন্দেন সান্দ্রো ব্যাপ্তঃ। ব্যাপ্তিরত্রাভেদেন বোধ্যা। *

ইতি শ্রীমহেশ্বরন্যায়ালঙ্কারভট্টাচার্য্যকৃতায়াং প্রবোধচন্দ্রোদয়-
টীকায়াং পঞ্চমাঙ্কবিবরণম্॥ ৫॥

তরঙ্গায়িত জলধির জলে এক আদিত্যের বিবিধমূর্ত্তি দৃষ্ট হয়, সেইরূপ এক পরমাত্মা তোমার সঙ্গবশতই নানারূপে প্রকাশ পাইয়া থাকেন। বৎস! তুমি যদি সাংসারিক বিষয় পরিহার করিয়া মৌনভাব অবলম্বন কর, তাহাহইলে সহজানন্দনির্ম্মল আত্মা দর্পণস্থিত (আদর্শগত) মুখের ন্যায় একরূপেই প্রতিভাত হইবে। যাহাহউক, এইরূপে জ্ঞাতিবর্গের পারত্রিক তর্পণাদি ক্রিয়ার নিমিত্ত ভাগীরথীতীরে গমন করি।

মন। দেবী যাহা আজ্ঞা করিলেন।

[সকলের প্রস্থান।

ইতি পঞ্চম অঙ্ক সমাপ্ত॥ ৫॥

ষষ্ঠোঽঙ্কঃ।

(ততঃ প্রবিশতি শান্তিঃ।)

শান্তিঃ। আদিষ্টাস্মি মহারাজবিবেকেন যথা বিদিতমেব ভবত্যা যথা কিম্।

অস্তং গতেষু তনয়েষু বিলীনমোহে
বৈরাগ্যভাজি মনসি প্রশমং প্রপন্নে।
ক্লেশেষু পঞ্চসু গতেষু শমং সমন্তাৎ
তত্ত্বাববোধমহিতঃ পুরুষস্তনোতি॥ *

ভগবতী ত্বরিতং দেবীমুপনিষদমনুনীয় মৎসকাশমানয়ত্বিতি।

অস্তং গতেষ্বিতি। তনয়েষু অস্তং গতেষু সৎসু বিলীনঃ পলায়িতো মোহো যস্মাত্তাদৃশে মনসি প্রশমং বিষয়বৈরাগ্যং প্রপন্নে সতি পঞ্চসু মদমাৎসর্য্যরাগমানদ্বেষরূপেষু ক্লেশেষু শমং নাশং গতেষু সৎসু পুরুষঃ পরমাত্মা তত্ত্বাববোধমহিতঃ সর্ব্বদিক্ষু তনোতীতি ভবিষ্যৎসামীপ্যে বর্ত্তমানতা পুরুষ আসন্নতত্ত্বাববোধ ইত্যর্থঃ। *

(শান্তির প্রবেশ।)

শান্তি। মহারাজ বিবেক আমাকে আদেশ করিয়াছেন, "তুমি সকলই বিদিত আছ, কামক্রোধাদি মনের তনয়গণ বিনাশ পাইয়াছে, সুতরাং এইক্ষণ যদ্যপি মন লোভবিরহিত ও বৈরাগ্যশালী হইয়া শান্ত হইতে পারে এবং মদ, মাৎসর্য্য, রাগ, মান ও দ্বেষরূপ পঞ্চক্লেশ বিনাশ প্রাপ্ত হয়, তাহাহইলে পুরুষও তত্ত্বাববোধের অধিকারী হইতে পারে। অতএব উপনিষদ্দেবীকে অনুনয়

(বিলোক্য) অয়ে ! অম্বা শ্রদ্ধা প্রহর্ষং কিমপি মন্ত্রয়ন্তী ইত এবাভিবর্ত্ততে।

(ততঃ প্রবিশতি শ্রদ্ধা।)

শ্রদ্ধা। অয়ে ! অদ্য খলু রাজকুলমালোক্য * চিরেণ পীযূষেণেব লোচনে পূর্ণে।

অসতাং নিগ্রহো যত্র সন্তঃ পূজ্যা যমাদয়ঃ।
আরাধ্যতে জগৎস্বামী বশ্যৈর্দ্দেবোঽনুজীবিভিঃ॥ †

শান্তিঃ। (উপসৃত্য) অম্ব ! কিং মন্ত্রয়ন্তী ক প্রস্থিতাসি ?

শ্রদ্ধা। পুত্রি ! (অসতামিত্যাদি পঠতি।)

রাজকুলং রাজধানীং বিবেকস্তেতি শেষঃ। *

অসতামিত্যাদি। অসতাং কামক্রোধাদীনং বশ্যৈরনুজীবিভির্যমনিয়মাদিভির্জ্জগৎস্বামী পরমাত্মা। †

করিয়া আমার নিকটে আনয়ন কর।" (ইতস্ততঃ অবলোকন করিয়া) মাতা শ্রদ্ধা সহর্ষে কি মন্ত্রণা করিতে করিতে এদিকেই আসিতেছেন।

(শ্রদ্ধার প্রবেশ।)

শ্রদ্ধা। অদ্য বিবেকরাজার রাজধানী অবলোকন করিয়া চিরকালের পর নয়নদ্বয় পীযূষপরিপূর্ণের ন্যায় হইয়াছে। অসৎ কামক্রোধাদির নিগ্রহ এবং যমাদির অর্চ্চনা হইলেই বশ্য ও অনুজীবী যমাদিকর্ত্তৃক জগৎস্বামী পরমাত্মাও আরাধ্য হয়েন।

শান্তি। (সমীপে গমনপূর্ব্বক) মাতঃ ! কি মন্ত্রণা করিতেছেন এবং কোন্ স্থানেইবা প্রস্থান করিতেছেন ?

শ্রদ্ধা। পুত্রি ! যেখানে অসৎ কামক্রোধাদির নিগ্রহ এবং যমনিয়মাদির অর্চ্চনাপুরঃসর অনুজীবী যমাদিরা পরমাত্মার আরাধনা করে, সেই স্থানেই যাইতেছি।

শান্তিঃ। অথ মনসি কীদৃশী স্বামিনঃ * প্রবৃত্তিঃ।

শ্রদ্ধা। যাদৃশী বধ্যে নিগ্রাহ্যে ভবতি।

শান্তিঃ। তৎ কিং স্বাম্যেব স্বারাজ্যমলঙ্করিষ্যতি ?

শ্রদ্ধা। এবমেবৈতদ্‌যদ্যাত্মানমেব প্রতিসন্ধত্তে তদা স্বারাট্ সম্রাড়্ বা ভবিষ্যতি। †

শান্তিঃ। অথ দেবস্য মায়ায়াং কীদৃশোঽনুগ্রহঃ ?

শ্রদ্ধা। নিগ্রহ ইতি বক্তব্যে কথমনুগ্রহঃ পৃচ্ছ্যতে দেবো হি মায়াং সর্ব্বানর্থবীজমিয়মিতি সর্ব্বথেয়ং নিগ্রাহ্যেতি মন্যতে। ‡

স্বামিনঃ পুরুষস্য পরমাত্মনঃ। *

স্বারাজ্যং স্বর্গরাজ্যাধিপত্যং সাম্রাজ্যং সকলরাজাধিরাজত্বম্। †

দেবো হীতি। মায়াং সর্ব্বানর্থেত্যাদিরূপাং মন্যত ইত্যর্থঃ। ‡

শান্তি। জননি! এক্ষণ আমাদিগের স্বামী আত্মার মনের প্রতি কিরূপ অনুরাগ ?

শ্রদ্ধা। বধ্য ব্যক্তিকে নিগৃহীত করিতে যেরূপ হইয়া থাকে, তাহাই স্বামীর অভিপ্রায়। (অর্থাৎ আত্মা অবিদ্যা, মমতা, রাগ, দ্বেষাদি পঞ্চক্লেশ রহিত হইয়া শান্তিসাগরে নিমগ্ন হইয়াছেন।)

শান্তি। তবে কি স্বামী এক্ষণে স্বয়ং স্বর্গরাজ্য অলঙ্কৃত করিবেন ?

শ্রদ্ধা। যথার্থ বটে; কিন্তু যে ব্যক্তি আত্মানুসন্ধান করে, সেই ব্যক্তিই স্বর্গাধিপতি অথবা সম্রাট্ হইতে পারে।

শান্তি। এক্ষণ দেবের মায়ার প্রতি কিরূপ অনুগ্রহ ?

শ্রদ্ধা। এক্ষণেই নিগ্রহের কথা বলিয়া পুনর্ব্বার অনুগ্রহ জিজ্ঞাসা করিতেছ ? আমাদিগের স্বামী মায়াকে সর্ব্বপ্রকার অনর্থের বীজজ্ঞান করিয়া অবশ্য তাহার নিগ্রহ কর্ত্তব্য, এইরূপ মনে করিতেছেন।

শান্তিঃ। যদ্যেবং তর্হি ইদানীং রাজকুলস্য স্থিতিঃ। *

শ্রদ্ধা। শৃণু।

নিত্যানিত্যবিচারণা প্রণয়িনী বৈরাগ্যমেকং সুহৃৎ

সন্মিত্রাণি যমাদয়ঃ শমদমপ্রায়াঃ সখায়ো মতাঃ।

মৈত্র্যাদ্যাঃ পরিচারিকাঃ সহচরী নিত্যং মুমুক্ষা বলা-

দুচ্ছেদ্যা রিপবশ্চ মোহমমতাসঙ্কল্পসঙ্গাদয়ঃ॥ †

শান্তিঃ। অথ ধর্ম্মস্য স্বামিনি কীদৃশঃ প্রণয়ঃ?

শ্রদ্ধা। বৈরাগ্যসন্নিকর্ষাৎ প্রভৃতি নিতান্তমিহামুত্র চ ভোগবিরসঃ স্বামী তেন সঃ।

---

* রাজকুলস্য রাজধানীস্থিতলোকস্য স্থিতির্ব্যবহারঃ।

† নিত্যানিত্যেতি। প্রণয়িনী সখী মতেরিতি শেষঃ সুহৃন্মনস ইতি শেষঃ সুহৃচ্চাত্র প্রীতিকৃৎ মিত্রাণি চ প্রবোধোদয়কার্য্যে সহায়াঃ সখায়শ্চ কার্য্যোপদেষ্টার ইতি ভেদস্তৎ সর্ব্বং মনসো বোধ্যং সহচরী পত্নী পুরুষস্যেতি শেষঃ। বলাদুচ্ছেদ্যা রিপবোঽপি পুরুষস্য বোধ্যাঃ সঙ্কল্পঃ কামিনঃ কর্ম্ম মানসং সঙ্গো বিষয়াসঙ্গঃ।

শান্তি। তাহাহইলে এক্ষণে রাজকুলের কি গতি হইবে?

শ্রদ্ধা। শ্রবণ কর। নিত্যানিত্যবিচারণাই এক্ষণ স্বামীর প্রিয়সখী। একমাত্র বৈরাগ্যই তাঁহার প্রিয়সুহৃৎ, যমাদি মিত্র, শমদমাদিরা প্রিয়সখা, মৈত্র্যাদিরা পরিচারিকা, মুমুক্ষা (মুক্তির ইচ্ছা) সহচরী এবং মোহ, মমতা, সঙ্কল্প, আসঙ্গপ্রভৃতিরা তাঁহার দুর্নিবার্য্য রিপু। তিনি সর্ব্বদাই বস্তুবিচারণাপ্রভৃতির সাহায্যে এই মোহাদি রিপুগণকে উৎসন্ন করিতেছেন।

শান্তি। এক্ষণ স্বামীর প্রতি ধর্ম্মের কিরূপ প্রণয়?

শ্রদ্ধা। বৈরাগ্যের সাক্ষাৎকার অবধি আমাদিগের স্বামী ঐহিক ও পারত্রিক ভোগাভিলাষে বিরত আছেন। তিনি যেমন পাপের পরিণামফল

নরকাদিব পাপফলাদ্ভয়ং ভজন্তি পুণ্যফলাদপি নাশিনঃ ।
ইতি সমুজ্‌ঝিতকামসমন্বয়ঃ সুকৃতকর্ম্ম কথন্বনুমন্যতে ॥ *

কিন্ত্বসৌ প্রত্যক্‌প্রবণতাং † স্বামিনো বিচিন্ত্য কৃতকৃত্যতামিবাত্মনো মত্বা স্বয়মেব ধর্ম্মঃ শ্লথব্যাপারোঽদ্য ভূতঃ ।

শান্তিঃ । অথ যানুপসর্গানাদায় মহামোহো লীনস্তিষ্ঠতি তেষাং কো বৃত্তান্তঃ ?

শ্রদ্ধা । দুরবস্থাং গতেনাপি মহামোহহতকেন স্বামিনঃ প্ররোচনায় মধুমত্যা সহোপসর্গাঃ ‡ প্রেষিতা অয়ঞ্চাভিপ্রায়ো যদেতেষ্বেবায়ং স্বামী বিবেকোপনিষদোশ্চিন্তামপি ন করিষ্যতীতি ।

নরকাদিবেতি । স্বামী পাপস্য ফলান্নরকাদিব পুণ্যস্য ফলাদপি বিভেতি যতো নাশিন ইত্যতো হেতোঃ সমুজ্‌ঝিতকামসমন্বয়স্ত্যক্তকামনাসম্বন্ধঃ কথং সুকৃতং কর্ম্ম সুকৃতজনকং কর্ম্ম অনুমন্যতে নৈবানুমন্যত ইত্যর্থঃ । *

প্রত্যক্‌প্রবণতাং প্রাতিকূল্যগামিত্বম্ । †

স্বামিনঃ প্ররোচনায়েতি । সাংসারিকসুখার্থমিত্যর্থঃ । মধুমতী সিদ্ধিবিশেষো যয়া সর্ব্বভোগ্যোপস্থিতিরকামেনাপি ভবতি উপসর্গা যোগোপসর্গা অণিমলঘিমাদয়ঃ । ‡

নরক হইতে ভয় পাইয়া থাকেন, সেইরূপ বিনশ্বর পুণ্যফলকেও ভয় করেন। এইরূপে তিনি সমস্ত কামনা পরিত্যাগ করিয়াছেন ; সুতরাং ধর্ম্মের প্রতি তাঁহার আর কি অনুরাগ থাকিবে ? ধর্ম্মও স্বামীকে প্রতিকূলগামী বিবেচনা করিয়া আপনাকে কৃতকার্য্য জানিয়া স্বয়ংই শিথিলব্যাপার হইয়াছেন ।

শান্তি । মহামোহ যে সকল উপসর্গের সহিত বিলীন আছেন, তাঁহাদিগের কোন বৃত্তান্ত জান ?

শ্রদ্ধা । হতভাগ্য মহামোহ দুরবস্থাপন্ন লইলে আমাদিগের স্বামীকে সাংসারিক সুখে লিপ্ত করিবার নিমিত্ত অণিমাদি অষ্টসিদ্ধিরূপ উপসর্গগণকে

শান্তিঃ। ততস্ততঃ ?

শ্রদ্ধা। ততস্তৈর্গত্বা কাপি স্বামিন্যৈন্দ্রজালিকী বিদ্যা প্রদর্শিতা। তথা হি—

শব্দানেষ শৃণোতি যোজনশতাদাবির্ভবন্ত্যশ্রুতা-
স্তে তে বেদপুরাণভারতকথা গাথাদয়ো বাঙ্ময়াঃ।
গ্রথ্নাতি স্বয়মিচ্ছয়া শুচিপদৈঃ শাস্ত্রাণি কাব্যানি বা
লোকান্ ভ্রাম্যতি পশ্যতি স্ফুটরুচো রত্নস্থলীর্মৈরবীঃ॥ *

মধুমতীঞ্চ ভূমিমাপন্নস্তৎস্থানাভিমানিনীভির্দ্দেবতাভিরুপচ্ছ-

শব্দানেষ ইত্যাদি। এষ স্বামী যোজনশতাদপি শব্দাঞ্শৃণোতি অশ্রুতা অপি তে তে প্রসিদ্ধাঃ পুরাণাদীনাং গাথাদয়ো গীতাদয় আদিপদাৎ কবিত্বানি চাবির্ভবন্তি বাঙ্ময়া বাক্যস্বরূপাঃ লোকান্ ভ্রাম্যতি পাদচারং বিনেতি শেষঃ। মৈরবীর্ম্মেরুসম্বন্ধিনী রত্নস্থলীঃ পশ্যতি।কীদৃশীঃ স্ফুটরুচ উজ্জ্বলপ্রভাঃ।*

মধুমতীঞ্চেতি। মধুমতীং ভূমিং সিদ্ধিমাপন্নঃ পুরুষস্তৎস্থানাভিমানিনীভি-র্ম্মৈরবস্থানাভিমানং পুরুষস্য জনয়ন্তীভির্দ্দেবতাভিরুপচ্ছল্যতে প্রতার্য্যতে।

মধুমতী নাম্নী সিদ্ধির সহিত প্রেরণ করিয়াছেন। তাহার অভিপ্রায় এই যে, যাহাতে আমাদের স্বামী ইহাদিগের প্রতি অনুরক্ত থাকিয়া বিবেক ও উপনিষদের চিন্তা করিতে না পারেন।

শান্তি। তার পর, তার পর ?

শ্রদ্ধা। অনন্তর তাহারা স্বামীর নিকট উপস্থিত হইয়া কোন ঐন্দ্রজালিক-বিদ্যা প্রদর্শন করিয়াছে। স্বামী সেই ঐন্দ্রজালিক বিদ্যাপ্রভাবে শত-যোজন দূর হইতে শব্দশ্রবণ করিতে পারেন, অশ্রুত পুরাণভাগবতাদির কথা, বাঙ্ময় গাথা ও কবিত্বাদি আবির্ভূত হয়, আপন ইচ্ছায় বিশুদ্ধ-পদাবলীঘটিত শাস্ত্র ও কাব্যরচনা করিতে পারেন, পাদচারব্যতিরেকে লোকসকলকে পরি-ভ্রমণ করিতে পারেন এবং সমুজ্জ্বল প্রভাবিশিষ্ট মেরুসম্বন্ধিনী রত্নস্থলী দর্শন করিতেও পারেন। এইরূপে স্বামীর মধুমতীসিদ্ধি হইলে মেরুস্থলাভিমানিনী

ল্যতে ভো ইহাস্তুতাং নাত্র জরা মৃত্যুরনুপাধিরমণীয়োঽয়-মেষ ত্বামুপস্থিতো বিবিধবেশবিলাসলাবণ্যময়ো মঙ্গলাদ্যর্ঘ্য-পাণিঃ প্রণয়পেশলো বিদ্যাধরীজনস্তদিহ ।*

কনকসিকতিনস্থলীঃ স্রবন্তীঃ পৃথুজঘনাঃ কমলাননা ঘনোরূঃ।
মরকতদলকোমলা বনালীর্ভজ নিজপুণ্যজিতাংশ্চ সর্ব্বভোগান্ ॥†

শান্তিঃ। ততস্ততঃ ?

শ্রদ্ধা। পুত্রি ! তদাকর্ণ্য মায়য়া শ্লাঘ্যমেতদিত্যুক্তং

উপচ্ছলনাকারমাহ ভো ইত্যাদি। রমণীয়োঽয়মিত্যত্র দেশ ইতি শেষঃ। এষ ত্বামুপস্থিতো বিদ্যাধরীজন ইত্যন্বয়ঃ। বেশো মণ্ডনং বিলাসো হেলা-লীলাদি লাবণ্যং সৌন্দর্য্যং মঙ্গলাদীতি মঙ্গলার্থাদিপাণিরিত্যর্থঃ প্রণয়ো বাৎসল্যং তেন পেশলো মনোহরঃ। *

কনকসিকতিনেতি। সিকতিনেতীনপ্রত্যয়ঃ স্বরান্তঃ কনকসিকতা-যুক্তানি স্থলানি যাসাং তাদৃশীঃ স্রবন্তীর্নদীঃ ঘনোরূর্ব্বিপুলত্বেন পরস্পর-সংসক্তাঃ কমলাননাঃ মরকতনিষ্পন্নদলাবনশ্রেণীশ্চ নিজপুণ্যজিতানেতদ্ভিন্ন-সর্ব্বভোগাংশ্চ ভজেত্যুপচ্ছন্দ্যত ইত্যর্থঃ। †

দেবতারা নানাপ্রকারে তাঁহাকে প্রতারিত করে। তাহারা বলে, "হে পুরুষ ! তুমি এখানে আগমন কর, এইস্থানে জরা বা মৃত্যু নাই, এই দেশ স্বভাবতই অতিরমণীয়। বিবিধবেশবিলাসলাবণ্যময় প্রণয়মনোহর বিদ্যাধরীগণ সর্ব্বদা মঙ্গলার্ঘ্য হস্তে করিয়া বিদ্যমান আছে। তুমি এখানে অবস্থিতি করিয়া সুবর্ণময় বালুকাপূর্ণ স্থলবিশিষ্ট নদীতে অবগাহন কর এবং কমলপূর্ণ মরকত-দলের ন্যায় কোমল নিবিড় বনস্থলী এবং আত্মপুণ্যোপার্জ্জিত বিবিধ ভোগ্য-বস্তু ভোগ কর।" এইরূপে তত্রত্য দেবতারা নানারূপ প্রলোভন দেখাইয়া বিমোহিত করে।

শান্তি। তার পর, তার পর ?

শ্রদ্ধা। পুত্রি ! এইরূপ বাক্যশ্রবণ করিয়া মায়া বলিল, ইহা অতি শ্লাঘ্য

মনসা চানুমোদিতং সঙ্কল্পেন চ প্রোৎসাহিতং স্বামী চ সম্প্রতিপত্তিমিবাপন্নঃ। *

শান্তিঃ। (সখেদং) হা ধিক্! তামেব সংসারবাগুরা-মভিপতিতঃ স্বামী।

শ্রদ্ধা। ন খলু খলু।

শান্তিঃ। ততস্ততঃ?

শ্রদ্ধা। পুনস্তৎপার্শ্ববর্ত্তিনা তর্কেণ তান্ সর্ব্বান্ ক্রোধা-বেশকষায়িতনেত্রমালোক্যাভিহিতঃ স্বামী স্বামিন্! কিমে-ভির্ব্বিষয়ামিষগৃধ্নুভিরাস্থানীতর্কৈঃ † পুনরপি তেষ্বেব বিষয়-বিষমাঙ্গারেষু নিপাত্যমানমাত্মানং নাববুধ্যসে? ননু ভোঃ—

সম্প্রতিপত্তিং সম্মতিম্। *

আস্থানীতর্কৈরিতি। আস্থানী সভা তত্র বহুভির্নানাবিধং প্রযুজ্যমানত্বা-ন্নিষ্ঠারহিতা এব তর্কা ভবন্তি তাদৃশৈরেভিঃ কিমিত্যর্থঃ। আস্থানীবকৈ-রিতি পাঠান্তরং তত্র চ বকৈধূর্ত্তৈঃ সভাধূর্ত্তৈরিত্যর্থঃ। †

উত্তম বটে। মনও তাহা অনুমোদন করিল, সঙ্কল্প উৎসাহিত হইল এবং স্বামীও তাহাতে সম্মতিপ্রকাশ করিলেন।

শান্তি। (সখেদে) হা ধিক্! স্বামী সংসাররূপ দৃঢ়তর মায়াজালে পতিত হইলেন?

শ্রদ্ধা। তা নয়, তা নয়।

শান্তি। তার পর, তার পর?

শ্রদ্ধা। তদনন্তর পার্শ্ববর্ত্তী তর্ক তপোবিঘ্নকারী উপসর্গসকলের প্রতি ক্রোধকষায়িতলোচনে অবলোকনপূর্ব্বক স্বামীর নিকটে উপস্থিত হইয়া বলিয়াছে, "স্বামিন্! এইরূপ বিষয়ামিষপ্ররোচক নিরর্থক তর্কে কি হইবে? তুমি পুনর্ব্বার যে বিষয়রূপ বিষম অঙ্গাররাশিতে নিপতিত হইতেছ, তাহাও কি বুঝিতেছ না? তুমি চিরকাল হইতে ভবসাগরপরিত্রাণের মানসে

ভবসাগরতারণায় যা সুচিরাদ্দেবাগতরিঃ সমাশ্রিতা ।
অধুনা পরিমুচ্য তাং মদাৎ কথমঙ্গারনদী বিগাহ্যতে ॥ *

শান্তিঃ । ততস্ততঃ ?

শ্রদ্ধা । ততস্তদ্বচনমাকর্ণ্য স্বস্তি বিষয়েভ্য ইত্যভিধায়াবধীরিতা মধুমতী ।

শান্তিঃ । সাধু সাধু অথ ক্ব প্রস্থিতা ভগবতী ?

শ্রদ্ধা । আদিষ্টাস্মি স্বামিনা যথা দ্রষ্টুং বিবেকমিচ্ছামি ততস্ত্বরতাং ভবতীতি তদহং মহারাজসকাশং প্রস্থিতাস্মি ।

শান্তিঃ । অহমপি মহারাজেনোপনিষদমানেতুমাদিষ্টাস্মি ! তদ্ভবতু স্বামিনো নিয়োগং সম্পাদয়াবঃ । (ইতি নিষ্ক্রান্তে । প্রবেশকঃ ।) †

ভবসাগরতারণায়েতি । যা যোগরূপা তবির্ভবসাগরতারণায় সুচিরাৎ ত্বয়া সমাশ্রিতা অধুনা মদাত্তাং পরিমুচ্য কথমঙ্গারময়ী নদী বিগাহ্যত ইত্যর্থঃ ।*

প্রবেশক ইতি শান্তিশ্রদ্ধাপ্রযোজ্যত্বাৎ । †

যে যোগতরণী আশ্রয় করিয়াছিলে,' এইক্ষণ মোহবশতঃ সেই যোগতরণী পরিত্যাগ করিয়া কেন অঙ্গারনদীতে অবগাহন করিতে উদ্যত হইয়াছ ?"

শান্তি । 'তার পর, তার পর ?

শ্রদ্ধা । অনন্তর সেই বাক্য শ্রবণ করিয়া "বিষয়ের মর্দ্দন হউক" এই বাক্যাবসানে মধুমতীকে অবজ্ঞা করিয়াছে ।

শান্তি । সাধু ! সাধু !! আপনি এখন কোথায় প্রস্থান করিতেছেন ?

শ্রদ্ধা । স্বামী আমাকে আদেশ করিয়াছেন, "আমি বিবেকের সহিত শীঘ্র সাক্ষাৎকার করিতে ইচ্ছা করি, অতএব তুমি সেই বিষয়ে তৎপর হও" । সুতরাং এক্ষণে আমি মহারাজের নিকটে যাইতেছি ।

শান্তি । মহারাজ আমাকেও উপনিষদ্দেবীকে আনিতে আদেশ করিয়াছেন । এইক্ষণ আমিও মহারাজের আজ্ঞাপালন করি ।

[শান্তি ও শ্রদ্ধার প্রস্থান ।

(ততঃ প্রবিশতি পুরুষঃ।)

পুরু। (বিচিন্ত্য সহর্ষম্) অহো! মাহাত্ম্যং ভগবত্যা বিষ্ণুভক্ত্যা যৎপ্রসাদান্ময়া।

. তীর্ণাঃ ক্লেশমহোর্ম্ময়ঃ পরিহৃতা ভীমা মমত্বভ্রমাঃ
ক্রান্তা মিত্রকলত্রবন্ধুমকরগ্রাহগ্রহগ্রন্থয়ঃ।
ক্রোধো বাগ্নিরপাকৃতো বিঘটিতাস্তৃষ্ণালতাগ্রন্থয়ঃ
পারং তীরমবাপ্তকল্পমধুনা সংসারবারাং নিধেঃ॥ *

(ততঃ প্রবিশতি উপনিষৎ শান্তিশ্চ।)

উপ। সখি! কথং তথা নিরনুক্রোশস্য স্বামিনো † মুখ-

তীর্ণা ইতি। যস্যা বিষ্ণুভক্তেঃ প্রসাদান্ময়া সংসারবারাং নিধেঃ পরমেব পারং তাদৃশং তীরমবাপ্তকল্পমল্পাবশিষ্টপ্রাপ্তিকম্। অধুনা লঙ্ঘিতব্যমিত্যর্থঃ। সমুদ্রধর্ম্মান্ রূপয়ন্নাহ তীর্ণা ইতি যাচনাদিক্লেশা এব মহোর্ম্ময়স্তীর্ণাঃ মমত্বরূপা ভ্রমা আবর্ত্তা ভীমা ভীষণাঃ পরিহৃতা অস্পৃষ্টাঃ মিত্রাদিরূপা যে মকরগ্রাহা হিংস্রজন্তবস্তেষাং গ্রহো গ্রাসস্তদ্রূপা গ্রন্থয়ো বন্ধনানি ক্রান্তা লঙ্ঘিতা ইত্যর্থঃ ক্রোধরূপো বড়বাগ্নিরপাকৃতস্ত্যক্তঃ তৃষ্ণারূপাস্তীরসন্নিধৌ লতাগ্রন্থয়ো বিঘটিতা অপসারিতা ইত্যর্থঃ। *

নিরনুক্রোশস্য নির্দ্দয়স্য চিরকালমুপেক্ষণাৎ। স্বামিনো বিবেকস্য। †

(পুরুষের [আত্মার] প্রবেশ।)

পুরু। (চিন্তা করিয়া সহর্ষে) আহা! দেবী বিষ্ণুভক্তির কি অনির্ব্বচনীয় মাহাত্ম্য! যাহার অনুগ্রহে আমি সংসারবারিধির ক্লেশময় তরঙ্গ হইতে উত্তীর্ণ হইয়াছি, ভয়ঙ্কর মমতাবর্ত্ত পরিহৃত করিয়াছি, মিত্র কলত্র, বন্ধুরূপ মকরকুম্ভীরাদি অতিক্রান্ত করিয়াছি এবং ক্রোধরূপ বাড়বাগ্নি অপসারিত করিয়াছি, তৃষ্ণারূপ লতা বিপাটিত করিয়াছি। এইক্ষণ আমি সম্পূর্ণরূপে সংসারসাগরের পারে গমন করিলাম।

(উপনিষৎ ও শান্তির প্রবেশ।)

উপ। সখি! বহুকাল হইল তাঁহার সাক্ষাৎ নাই, অতএব কিরূপে সেই

মালোকয়িষ্যামি যেনাহমিতরজনযোষেব সুচিরমেকাকিনী পরিত্যক্তা।

শান্তিঃ। দেবি! কথং তথাবিধবিপৎপতিতো দেবো* দেব্যা উপালভ্যতে?

উপ। সখি! ন দৃষ্টা ত্বয়া তাদৃশী দশা যেন ত্বমেবং ব্রবীষি। শৃণু—

বাহ্বোর্ভগ্না দলিতমণয়ঃ শ্রেণয়ঃ কঙ্কণানাং
চূড়ারত্নগ্রহনিকৃতিভির্দূষিতঃ কেশপাশঃ।
কৈঃ কৈর্নাহং হতবিধিবশাদীহিতা দুর্ব্বিদগ্ধৈ-
র্দাসীকর্ত্তুং সপদি দুরিতৈর্দূরসংস্থে বিবেকে॥ †

দেবো বিবেকঃ। *

বাহ্বোর্ভগ্না ইতি। বিবেকে বিচার্য্য তত্ত্বার্থনির্ণয়রূপে মৎস্বামিনি দূরসংস্থে সতি মাং দাসীং কর্ত্তুং স্বব্যাখ্যাতার্থপরতয়া স্ববশাং কর্ত্তুং কৈঃ কৈর্দুর্ব্বিদগ্ধৈর্দুরিতৈঃ পাপৈস্তত্তচ্ছাস্ত্রৈর্নাহং সপদি হতবিধিবশাদীহিতা চেষ্টিতা। তত্তচ্চেষ্টামাহ বাহ্বোরিতি। বলাদাকর্ষণে বাহ্বোঃ কঙ্কণানাং শ্রেণয়ো দলিতমণয়ঃ সদ্যো ভগ্নাঃ চূড়ারত্নগ্রহণরূপাভির্নিকৃতিভিস্তিরস্কারৈঃ কেশপাশো দূষিতঃ। †

নির্দ্দয় স্বামী বিবেকের মুখাবলোকন করিব? কারণ আমি অন্য ভার্য্যার ন্যায় একাকিনী পরিত্যক্তা হইয়াছি।

শান্তি। দেবি! আহা, তিনি যেরূপ বিপদে পতিত হইয়াছেন, তাহাতে তুমি কেন এইরূপ তাঁহাকে নিন্দা করিতেছ?

উপ। সখি! আমার যেরূপ দশা ঘটিয়াছিল, তাহাত তুমি দেখ নাই? সুতরাং এইরূপ বলিতেছ; শ্রবণ কর। আমার স্বামী বিবেক দূরদেশগত হইলে আমার দুর্ভাগ্যবশতঃ কোন্ কোন্ দুর্ব্বৃত্তেরা আমাকে দাসী

শান্তিঃ। সর্ব্বমেতন্মহামোহস্য দুর্ব্বিলসিতং নাত্র দেবস্যাপরাধস্তেন হি তথা মনঃ কামাদিদ্বারেণ প্রবোধয়তা * যতো দূরীকৃতো বিবেক এতদেব কুলস্ত্রীণাং নৈসর্গিকং শীলং যদ্বিপৎপতিতস্য স্বামিনঃ সময়প্রতীক্ষণমিতি তদেহি দর্শনেন প্রিয়ালাপেন চ সম্ভাবয় দেবং সম্প্রত্যপহতা বিদ্বিষঃ পূর্ণাস্তে মনোরথাঃ।

উপ। সখি! প্রত্যাগচ্ছন্তী বৎসয়া গীতয়া সরহস্যমিদমুক্তা যথা ভর্ত্তা স্বামী চ পুরুষস্ত্বয়া যথা প্রশ্নমুত্তরেণ সম্ভাবয়িতব্যস্তথা চ প্রবোধোৎপত্তির্ভবিষ্যতীতি সাহং গুরূণাং † সমক্ষং কথং ধার্ষ্ট্যং করিষ্যামি।

তেন হীতি। মহামোহেন কামাদিদ্বারেণ মনস্তৎপিতরং তথা তথাসদর্থং প্রবোধয়তেত্যর্থঃ। *

গুরূণাং শ্বশুরাণামাদিপুরুষাণাম্। †

করিতে যত্ন করে নাই? বলপূর্ব্বক আমার বাহুর কঙ্কণমণি বিদলিত করিয়া ভগ্ন করিয়াছে, কেশপাশ আকর্ষণ করিয়া চূড়ারত্ন গ্রহণপূর্ব্বক আমাকে কতপ্রকার তিরস্কার করিয়াছে।

শান্তি। এই সকলই দুর্ব্বৃত্ত মহামোহের চেষ্টিত, এবিষয়ে মহারাজ বিবেকের কোন অপরাধ নাই। দুশ্চরিত্র মহামোহ, মনঃ ও কামাদিদ্বারা তাহার অসদভিপ্রায় জন্মাইয়া বিবেককে দূরীভূত করিয়াছিল। কুলস্ত্রীদিগের ইহাই স্বাভাবিক ধর্ম্ম যে, তাহারা বিপৎকালেও স্বামীর সময়প্রতীক্ষা করিয়া থাকে। তবে এইক্ষণ স্বামীর দর্শন ও প্রিয়সম্ভাষণদ্বারা তাঁহাকে সন্তুষ্ট কর। সম্প্রতি শত্রুবর্গ নিহত হইয়াছে এবং আমরাও পূর্ণমনোরথ হইয়াছি।

উপ। সখি! যখন আমি প্রত্যাগমন করি, তখন বৎসা গীতা আমাকে এই উপদেশ দিয়াছিল যে, "স্বামীর (বিবেকের) ও পুরুষের (আত্মার) প্রশ্নানুসারে উত্তরপ্রদান করিয়া তাঁহাদিগকে সম্মাননা করিও, তাহাহইলেই

শান্তিঃ। অবিচারণীয়মেতদ্বাক্যং ভগবত্যা বিষ্ণুভক্ত্যাপ্যয়মর্থো বিবেকস্বামিনোরুক্তস্তদিহ সম্ভাবয় দর্শনেন ভর্ত্তারমাদিপুরুষঞ্চ।

উপ। যথা বদতি প্রিয়সখী। (ইতি পরিক্রাময়তি।)

(ততঃ প্রবিশতি রাজা শ্রদ্ধা চ।

রাজা। শ্রদ্ধে! অপি দ্রক্ষ্যতি শান্তিঃ প্রিয়ামুপনিষদম্?

শ্রদ্ধা। দেব! গৃহীতোদ্দেশৈব * শান্তির্গতা কথং তাং ন দ্রক্ষ্যতি?

রাজা। কথমিব?

শ্রদ্ধা। দেব! প্রাগেব কথিতমেতদ্দেব্যা বিষ্ণুভক্ত্যা-

গৃহীতোদ্দেশা জ্ঞাততদীয়স্থিতিস্থানা। *

প্রবোধের উৎপত্তি হইবে।" অতএব আমি এইক্ষণে কিরূপে গুরুজনদিগের নিকট বাচালতা প্রকাশ করিব।

শান্তি। সখি! সে জন্য তোমাকে চিন্তা করিতে হইবে না। ভগবতী বিষ্ণুভক্তি এই নিমিত্ত পূর্ব্বেই বিবেক ও (আত্মা) পুরুষকে বলিয়াছেন, অতএব তুমি নিকটে গমনপূর্ব্বক দর্শনদ্বারা স্বামী ও আদিপুরুষকে সম্মাননা কর।

উপ। দেবী যাহা আদেশ করিলেন, তাহাই করি। (ইতস্ততঃ পরিক্রমণ)

(রাজা বিবেক ও শ্রদ্ধার প্রবেশ।)

রাজা। শ্রদ্ধে! শান্তি কি প্রিয়া উপনিষদ্দেবীর সহিত সাক্ষাৎ করিবে?

শ্রদ্ধা। দেব! শান্তি সেই উদ্দেশেই প্রস্থান করিয়াছেন, তবে আর সাক্ষাৎ করিবেন না কেন?

রাজা। কিরূপ?

শ্রদ্ধা। দেব! দেবী বিষ্ণুভক্তি পূর্ব্বেই বলিয়াছেন, "শান্তি তর্কবিদ্যাভয়ে গীতার সহিত মন্দরাখ্য বিষ্ণুমন্দিরে প্রবেশ করিয়াছেন।"

সীৎ যম্মন্দরাভিধানে বিষ্ণোরায়তনে দেব্যা গীতয়া সহ তর্ক-বিদ্যাভয়াদনুপ্রবিষ্টেতি। *

রাজা। কথং পুনস্তর্কবিদ্যাভয়ম্ ?

শ্রদ্ধা। তমেনমথ সৈব প্রস্তোষ্যতি তদাগচ্ছতু দেব এষ স্বামী ভগবদাগমনমনুধ্যায়ন্ বিবিক্তে বর্ত্ততে।

রাজা। (উপসৃত্য) স্বামিন্নভিবাদয়ে।

পুরু। বৎস ! প্রক্রমবিরুদ্ধোঽয়ং সমুদাচারঃ † যতো জ্ঞানবৃদ্ধতয়া ভবানেবাস্মাকমুপদেশদানেন পিতৃভাবমাপন্নঃ। পুরা হি ধর্ম্মাধ্বনি নষ্টসংজ্ঞা দেবাস্তমর্থং তনয়ানপৃচ্ছন্। জ্ঞানেন সম্যক্ পরিগৃহ্য চৈতান্ হে পুত্রকাঃ ! সংশৃণুতেত্যবোচন্ ‡ তদ্ভবান্ বহুধা পিতৃত্বেনাস্মাকং বর্ত্তত ইত্যেষ ধর্ম্মঃ।

বিষ্ণুভক্ত্যাসীদিতি প্রাগেব কথিতমাসীদিত্যন্বয়ঃ। তর্কবিদ্যাভয়াদিতি আত্মনানাত্বপ্রতিপাদকত্বাত্তস্যা একত্ববাদিন্যা উপনিষদো ভয়ং। *

সমুদাচারঃ সম্ভাষণম্। †

পুরা হীতি। মার্কণ্ডেয়পুরাণেঽয়মিতিহাসঃ ধর্ম্মাধ্বনি ধর্ম্মপথে নষ্টসংজ্ঞা দেবাস্তমর্থং স্বতনয়ানপৃচ্ছন্ ততস্তে ইত্যধ্যাহার্য্য তেন তনয়ানেতান্ দেবাঃ হে পুত্রকাঃ ! সংশৃণুত ইত্যবোচন্ কিং কৃত্বা জ্ঞানেন সম্যগর্থং পরিগৃহ্যেত্যর্থঃ। ‡

রাজা। আর তর্কবিদ্যার ভয় কি ?

শ্রদ্ধা। এখনও সেই তর্কবিদ্যা তাহাকে স্তব করিতেছে। মহারাজ ! সম্প্রতি আগমন করুন, এই আমাদিগের স্বামী নির্জ্জনে ভগবানের ধ্যান করিতেছেন।

রাজা। (সমীপে গমন করিয়া) স্বামিন্ ! অভিবাদন করি।

পুরুষ। বৎস ! এইরূপ সম্মান নীতিবিরুদ্ধ ; যেহেতু আপনি জ্ঞানবৃদ্ধ, বিশেষতঃ উপদেশ প্রদানদ্বারা আমাদিগের পিতৃতুল্য। এইরূপ প্রাচীন ইতি-হাস আছে যে, যাহারা ধর্ম্মপথভ্রষ্ট, তাহারাও আপন তনয়দিগকে জ্ঞানো-

শান্তিঃ। দেবি! এষ স্বামী বিবেকেন সহ বিবিক্তে বর্ত্ততে তদুপসর্পতু দেবী।

উপ। (উপসর্পতি)

শান্তিঃ। স্বামিন্নেষোপনিষদ্দেবী স্বামিনঃ পাদবন্দনায়াগতা।

পুরু। ন খলু ন খলু যতো মাতেয়মস্মাকং তত্ত্বপ্রবোধোদয়েন তদেবাস্মাকং নমস্যা অথবা।

অনুগ্রহবিধৌ দেব্যা মাতুশ্চ মহদন্তরম্।
মাতা গাঢ়ং নিবধ্নাতি দেবী বন্ধং নিকৃন্ততি॥ *

উপ। (বিবেকমালোক্য নমস্কৃত্য দূরে উপবিশতি)

উপনিষদং পুরুষো মাতরমুক্ত্বা মাতৃতোঽপ্যাধিক্যং সাধয়তি অনুগ্রহবিধাবিতি। মাতা গাঢ়মিতি মমতাপাশেনেতি শেষঃ। বন্ধং সংসারবন্ধং। *

পদেশার্থ বলিয়া থাকেন, হে পুত্রগণ! তোমরা সদুপদেশ শ্রবণ কর। অতএব আপনি সর্ব্বতোভাবে আমাদিগের পিতৃস্থানীয়।

শান্তি। দেবি! এই আমাদিগের স্বামী বিবেকের সহিত নির্জ্জনে উপবিষ্ট আছেন, দেবি! আপনি ইহার নিকটে গমন করুন্।

উপ। (স্বামীর নিকট উপস্থিত হইলেন।)

শান্তি। স্বামিন্! এই উপনিষদ্দেবী আপনার পাদবন্দনার্থ আগমন করিয়াছেন।

পুরু। না, না, আপনি আমাকে নমস্কার করিবেন না। আপনি আমাদিগের তত্ত্বজ্ঞান উৎপাদন করিয়াছেন, অতএব মাতৃতুল্যা; সুতরাং আমরাই আপনাকে নমস্কার করিব। অথবা অনুগ্রহবিষয়ে দেবী ও মাতা এই উভয়ের মহান্ প্রভেদ; যেহেতু মাতা দৃঢ়তর মায়াপাশে বন্ধন করেন, আপনি সেই পাশবন্ধন ছেদন করিয়াছেন।

উপ। (বিবেককে অবলোকন করিয়া নমস্কারপূর্ব্বক উপবেশনকরিলেন।)

পুরু। অম্ব! কথ্যতাং ক ভবত্যা নীতা এতে দিবসাঃ?

উপ। স্বামিন্।

নীতান্যমূনি মঠচত্বরশূন্যদেবা-

গারেষু মূর্খমুখরৈঃ সহ বাসরাণি।

পুরু। অথ জানন্তি তে ভবত্যাস্তত্ত্বম্।

উপ। ন খলু ন খলু কিন্তু।

তে স্বেচ্ছয়া মম গিরাং দ্রবিড়াঙ্গনোক্ত-

বাচামিবার্থমবিচার্য্য বিকল্পয়ন্তি॥ *

তেন তেষাং কেবলং পরার্থগ্রহণপ্রয়োজনকমেব মদ্বিধারণম্।

পুরু। ততস্ততঃ?

নীতান্যমূনীতি। মূর্খাশ্চ তে মুখরাশ্চেতি তৈঃ। তে স্বেচ্ছয়েত্যাদিক-মন্যপরার্দ্ধং তেন মূর্খমুখরাদ্রবিড়দেশীয়াঙ্গনাভিরুক্তানাং বাচামিব মম গিরা-মর্থমবিচার্য্য তত্ত্বতোঽনির্ণীয় বিকল্পয়ন্তি নানাবিধং-রচয়ন্তি ইত্যর্থঃ। *

পুরুষ। জননি! বলুন, আপনি এতদিন কোথায় ছিলেন?

উপ। স্বামিন্! আমি এতদিন মঠ, চত্বর, শূন্যালয় ও দেবমন্দিরা-দিতে মূর্খ বাচালদিগের সহিত অবস্থিতি করিয়াছি।

পুরুষ। আপনি যাহাদিগের সহবাসে ছিলেন, তাহারা কি আপনার তত্ত্ব জানে?

উপ। না না; তাহারা কিছুই জানে না। কিন্তু তাহারা দ্রাবিড়দেশীয় কামিনীগণের বাক্যের ন্যায় আমার বাক্যের অর্থবিচার না করিয়া আপন আপন ইচ্ছানুসারে নানাপ্রকার কল্পনা করিয়া থাকে। অতএব তাহারা কেবল পরার্থগ্রহণের নিমিত্তই আমাকে ধারণ করিয়াছিল।

পুরুষ। তার পর, তার পর?

উপ। ততঃ কদাচিৎ।

কৃষ্ণাজিনাগ্নিসমিদাজ্যজুহূস্রুবাদি-
পাত্রৈস্তথেষ্টিপশুসোমমুখৈর্ম্মখৈশ্চ।
দৃষ্টা ময়া পরিবৃতা কিল কর্ম্মকাণ্ড-
ব্যাদিষ্টপদ্ধতিরথাধ্বনি যজ্ঞবিদ্যা॥ *

পুরু। ততস্ততঃ?

উপ। ততো ময়া চিন্তিতম্ অপি নামৈষা পুস্তকভার-বাহিনী জ্ঞাস্যতি মে তত্ত্বং ততঃ এতস্যাঃ সন্নিধৌ কতিচিদ্বা-সরাণি নয়ামি।

পুরু। ততস্ততঃ?

কৃষ্ণাজিনেতি। অথ ময়া অধ্বনি যজ্ঞবিদ্যা দৃষ্টা কীদৃশী কৃষ্ণাজিনা-দিভিঃ পরিবৃতা জুহূঃ স্রুক্ ইষ্টিপশুর্যজ্ঞীয়পশুঃ সোমো লতাবিশেষস্তন্মুখৈস্ত-দভিমুখৈস্তৎসম্বন্ধৈর্ম্মখৈর্যজ্ঞৈরিত্যর্থঃ। তথা কর্ম্মকাণ্ডং যজ্ঞকর্ম্মবোধকশ্রুতি-সমুদায়স্তেন ব্যাদিষ্টা দর্শিতা পদ্ধতিঃ ক্রিয়াকলাপো যস্যাস্তাদৃশী। *

উপ। অনন্তর কোন সময়ে আমি পথিমধ্যে যজ্ঞবিদ্যাকে দেখিয়া-ছিলাম। দেখিলাম, সেই যজ্ঞবিদ্যা কৃষ্ণাজিন, অগ্নি, সমিধ, আজ্য, স্রুক, স্রুবাদিপাত্র এবং যজ্ঞীয় পশু, সোমলতাপ্রভৃতিদ্বারা পরিবৃত হইয়া আছেন। আর তিনি কর্ম্মকাণ্ডবোধক শ্রুতিসমুদায়দ্বারা ক্রিয়াপদ্ধতি উপদেশ করিতেছেন।

পুরুষ। তার পর, তার পর?

উপ। অনন্তর আমি চিন্তা করিলাম, এই পুস্তকভারবাহিনী অবশ্যই আমাকে জানিতে পারিবে না, অতএব ইহার নিকটে কতিপয় দিবস অতিবাহিত করি।

পুরুষ। তার পর, তার পর?

উপ। ততস্তামহমুপস্থিতা তয়া চাহমুক্তা ভদ্রে! কিন্তে সমীহিতমিতি ততো ময়োক্তমার্য্যে! অনাথাহং ত্বয়ি বস্তুমিচ্ছামি।

পুরু। ততস্ততঃ?

উপ। ততস্তয়োক্তং কিন্তে কর্ম্মেতি ততো ময়োক্তম্।

যস্মাদ্বিশ্বমুদেতি যত্র রমতে যস্মিন্ পুনর্লীয়তে
ভাসা যস্য জগদ্বিভাতি সহজানন্দোজ্জ্বলং যন্মহঃ।

যস্মাদ্বিশ্বমিত্যাদি। তং পুরুষং অহং প্রস্তৌমি যস্মাদিত্যাদিসমস্তবিশেষণবৈশিষ্ট্যেন প্রতিপাদয়ামীত্যর্থঃ। যস্মাৎ পুরুষাদিত্থং সংসার উদেতি জায়তে জন্ম চ মিথ্যাবাসনাজ্ঞেয়ত্বরূপং যত্র রমতে ক্রীড়তি বিশ্বমেব কর্ত্তৃক্রীড়া ধরণ্যা অপি তদাত্মকত্বাৎ যস্মিন্ পুরুষে তদীয়তত্ত্বজ্ঞানদশায়াং পুনর্লীয়তে জাগ্রৎস্বপ্নাবিষয়ীভবতীত্যর্থঃ। যস্য ভাসা প্রকাশেন জগদ্বিভাতি যৎস্বরূপং মহস্তেজঃ সহজানন্দমুজ্জ্বলঞ্চেত্যর্থঃ। কীদৃশং পুরুষং শান্তং বিষয়ব্যাবৃত্তং শাশ্বতং নিত্যং অক্রিয়ং নিশ্চলং পুরুষং ভূতেশ্বরং সর্ব্বপ্রাণেশ্বরং

উপ। তদনন্তর আমি তাহার নিকটে উপস্থিত হইলাম। তিনি আমাকে বলিলেন, ভদ্রে! এখন তোমার ইচ্ছা কি? আমি কহিলাম, আর্য্যে! সম্প্রতি আমি অনাথা হইয়াছি, কিয়ৎকাল তোমার নিকটে বাস করিতে ইচ্ছা করি।

পুরুষ। তার পর, তার পর?

উপ। অনন্তর তিনি বলিলেন, এইক্ষণ তোমার কর্ত্তব্য কার্য্য কি? আমি কহিলাম, "যে পুরুষ হইতে এই অনাদি বিশ্ব উৎপন্ন হইয়াছে, যাঁহাতে অনন্ত জগৎ ক্রীড়া করিতেছে এবং অন্তকালে যাঁহাতে এই অখিল ব্রহ্মাণ্ড লয় পায়, যাঁহার মায়া জগৎস্বরূপে প্রকাশ পাইতেছে, যাঁহার জ্যোতিঃ সর্ব্বত্র সমুজ্জ্বলিত আছে, সেই যে সহজানন্দ, শান্ত, সনাতন, অক্রিয় ভূতেশ্বরকে যোগীরা দ্বৈতরূপ অন্ধকার বিদূরিত করিয়া পুনর্জ্জন্মনিবারণার্থ ধ্যান করেন, আমিও সেই পরমপুরুষের স্তব করিতে প্রবৃত্ত হইয়াছি।" তার পর যজ্ঞ

শান্তং শাশ্বতমক্রিয়ং যমপুনর্ভাবায় ভূতেশ্বরং
দ্বৈতধ্বান্তমপাস্য যান্তি কৃতিনঃ প্রস্তৌমি তং পূরুষম্॥ *

ততো যজ্ঞবিদ্যয়া চিন্তিতম্।

পুমানকর্ত্তা কথমীশ্বরো ভবেৎ
ক্রিয়া ভবচ্ছেদকরী ন বস্তুধীঃ।
কুর্ব্বন্ ক্রিয়া এব নরো ভবচ্ছিদঃ
শতং সমাঃ শান্তমনা জিজীবিষেৎ॥ †

তন্মন্যে নাতিপ্রয়োজনো ভবত্যাঃ পরিগ্রহঃ তথাপি কর্ত্তারং ভোক্তারঞ্চ পুরুষং যদি স্তুবতী কঞ্চিৎ কালং বস্তুমিচ্ছসি ‡ তদা কো দোষঃ।

অপুনর্ভাবায় পুনরুৎপত্ত্যভাবায় কৃতিনো যোগিনো দ্বৈতরূপং ধ্বান্তমপাস্য যান্তি প্রবিশন্তীত্যর্থঃ। *

অত্রাক্রিয়ত্বেনাকর্ত্তৃত্বং বুদ্ধাদ্বৈতজ্ঞানসাধ্যত্বমবধার্য্য যজ্ঞবিদ্যাহ পুমানিতি। অকর্ত্তা পুমান্ কথং ভূতেশ্বরত্বেনোক্ত ঈশ্বরো ভবেদিত্যর্থঃ। অদ্বৈতজ্ঞানস্য মুক্তিহেতুতাং খণ্ডয়তি ক্রিয়েতি। ক্রিয়া যজ্ঞঃ সৈব ভবচ্ছেদকরী ন বস্তুধীর্নাদ্বৈততত্ত্বজ্ঞানং তস্মাদ্যজ্ঞক্রিয়াএব ভবচ্ছিদঃ কুর্ব্বন্ শতং সমা জীবিতুমিচ্ছেদিত্যর্থঃ। †

তথাপি কর্ত্তারমিতি অক্রিয়ত্বেনাকর্ত্তৃত্বং শান্তত্বেন বিষয়ভোগরাহিত্যমিত্যাবরণেন তং কর্ত্তারং পাপাদিকর্ত্তারং ফলভোক্তারঞ্চ স্তুবতী প্রতিপাদয়ন্তী যদি স্থাতুমিচ্ছসীত্যর্থঃ। ‡

বিদ্যাও ক্ষণকাল চিন্তা করিয়া বলিয়াছিল। "যাঁহার কোন বিষয়ে কর্তৃত্ব নাই, তিনি কিরূপে সর্ব্বভূতের ঈশ্বর হইতে পারেন? কারণ বস্তুতত্ত্ব পরিজ্ঞান কথনও মুক্তির কারণ নহে; কেবল যজ্ঞাদি ক্রিয়াকলাপই সংসারবন্ধন ছেদ করিয়া মুক্তিপদ প্রদান করিতে পারে। অতএব ক্রিয়া করিলেই মনুষ্য ভবপাশ হইতে মুক্ত হইয়া শান্তচিত্তে শতবর্ষ জীবিত থাকিতে পারে। দেবি!

রাজা। (সোপহাসম্) অহো! ধূমান্ধকারব্যাকুলিত-দৃশো দুষ্প্রজ্ঞত্বং যজ্ঞবিদ্যায়া যেনৈবং কুতর্কোপহৃতা পরামৃষতি।

অয়ঃ স্বভাবাদচলং বলাচ্চলত্যচেতনং চুম্বকসন্নিধাবিব।
তনোতি বিশ্বেশিতুরীপ্সিতেরিতা জগন্তি মায়েশ্বরতেয়মীশিতুঃ॥*
তস্মাত্তমোন্ধানামেবেয়মীশ্বরদৃষ্টিঃ অবোধপ্রভবঞ্চ বিশ্বং কর্ম্মভিঃ।
শময়ন্তে যজ্ঞবিদ্যা নূনমন্ধতমসমন্ধকারেণাপনিনীষতি॥ †

তস্যাকর্ত্তৃত্বেঽপি তৎপ্রেরিতমায়াকর্ত্তৃত্বাধীনং তস্য কর্ত্তৃত্বং বিবেকঃ সাধয়তি অয়ঃ স্বভাবাদিতি। বিশ্বেশিতুর্ব্বিশ্বেশ্বরস্য ঈপ্সিতেরিতা সিসৃক্ষেরিতা মায়া জগন্তি তনোতি ঈশিতুর্ব্বিশ্বেশ্বরস্য ইয়মেবেশ্বরতা স্বয়মক্রিয়োঽপি মায়াবিশিষ্টঃ সক্রিয় ইতীত্থং প্রতিপাদিতে তত্র দৃষ্টান্তমাহ অয়ঃ স্বভাবাদিতি স্বভাবাদচলময়োঽচেতনং লৌহশ্চুম্বকস্যায়স্কান্তমণেঃ সন্নিধৌ যথা তত্তেজোবলাচ্চলতীত্যর্থঃ। *

অন্ধতমসমিতি। অবিরোধিনোরপি নাশ্যনাশকভাবমিচ্ছতীত্যর্থঃ। †

বিবেকঃ স্বসিদ্ধান্তং নিষ্কৃষ্যাহ স্বভাবেতি। তমোময়ানীতি অতএব

আমি বিবেচনা করি, আপনার পরিগ্রহ কোন বিশেষ প্রয়োজনসাধন করিতে পারে না, তথাপি যদি পুরুষের কর্ত্তৃত্ব ও ভোক্তৃত্ব প্রতিপাদনার্থ কিয়ৎকাল বাস করিতে ইচ্ছা করেন, তাহাতে কোন দোষ নাই।"

রাজা। (উপহাসপূর্ব্বক) হা ধিক্! যজ্ঞবিদ্যার নয়ন অজ্ঞানরূপ ধূমান্ধকারে ব্যাকুলিত হইয়াছে, তাঁহার জ্ঞানের অতি বৈপরীত্য দেখিতেছি; তিনি এইরূপ কুতর্ককর্ত্তৃক অপহৃত হইয়া পরামর্শ করিতেছেন। যেমন অচেতন লৌহ চুম্বকসন্নিধানে অবস্থিত হইলে স্বীয় স্বভাববশতঃ বেগে পরিচালিত হয়, সেইরূপ জগদীশ্বরের মায়া তাঁহার সৃষ্টি-ইচ্ছাদ্বারা পরিচালিত হইয়া এই অনন্ত জগৎ বিস্তার করিয়াছেন। অজ্ঞানান্ধ ব্যক্তিদিগের পক্ষেও এইরূপ ঈশ্বরদৃষ্টি, অজ্ঞানপ্রভব এই জগৎ কর্ম্মদ্বারা প্রশান্ত

স্বভাবনীলানি তমোময়ানি প্রকাশয়েদ্যো ভুবনানি সপ্ত।
তমেব বিদ্বানতিমৃত্যুমেতি নান্যোঽস্তি পন্থা ভুবি মুক্তিহেতুঃ ॥*

পুরু। ততস্ততঃ?

উপ। ততো যজ্ঞবিদ্যয়া বিমৃশ্যোক্তং সখি! ত্বৎসন্নিকর্ষাদ্দুর্ব্বাসনোপহতৈরস্মদন্তেবাসিভিঃ কর্ম্মসু শ্লথাদরৈর্ভবিতব্যং তৎ প্রসীদতু ভবতী অভিলষিতদেশগমনায়।

পুরু। ততস্ততঃ?

উপ। ততোঽহং তামতিক্রম্য প্রস্থিতা।

পুরু। ততস্ততঃ?

উপ। ততঃ কর্ম্মকাণ্ডসহচরী মীমাংসা ময়া দৃষ্টা।

স্বভাবনীলানীত্যর্থঃ। তমেব বিদ্বান্ জানন্ এবকারাত্ দ্বিতীয়বিষয়জ্ঞানস্য ব্যবচ্ছেদস্তথা চাদ্বিতীয়ত্বেন তং সাক্ষাৎ কুর্ব্বন্নিত্যর্থঃ। অতিমৃত্যুং মুক্তিং। *

হয়। যজ্ঞবিদ্যা অজ্ঞানতমসাচ্ছন্ন ব্যক্তিদিগের অজ্ঞানান্ধকার বৃদ্ধিই করিতেছেন। যিনি স্বভাববৃত্তিস্থ তমোময় এই সপ্তভুবন প্রকাশ করেন, বিদ্বান্ ব্যক্তি তাঁহাকে জানিতে পারিলেই মুক্তিলাভ করে, নচেৎ মুক্তিলাভের অন্য উপায় নাই।

পুরুষ। তার পর, তার পর?

উপ। অনন্তর যজ্ঞবিদ্যা কিয়ৎকাল বিবেচনা করিয়া বলিলেন, "সখি! আমার শিষ্যবর্গ তোমার নিকটে থাকিয়া দুর্ব্বাসনাকর্তৃক উপহত হইয়া কর্ম্মকাণ্ডে হতাদর হইয়াছে। অতএব দেবি! আমার প্রতি প্রসন্না হইয়া আপনি আপনার অভিলষিত দেশান্তরে গমন করুন্।"

পুরুষ। তার পর, তার পর?

উপ। অনন্তর আমি তাহাকে অতিক্রম করিয়া প্রস্থান করিলাম।

পুরুষ। তার পর কি হইল?

উপ। অনন্তর কর্ম্মকাণ্ডসহচরী মীমাংসার সহিত আমার সাক্ষাৎ

বিভিদ্য কর্ম্মাণ্যধিকারভাঞ্জি শ্রুত্যাদিভিশ্চানুগতা প্রমাণৈঃ।
অঙ্গৈর্ব্বিচিত্রৈরভিযোজয়ন্তী প্রাপ্তোপদেশৈরতিদেশনৈশ্চ ॥*

পুরু। ততস্ততঃ?

উপ। ততস্তামপি তথৈব প্রার্থিতবতী অথ তয়াপ্যুক্তাস্মি ভদ্রে! কিং কর্ম্মাসীতি ততো দেব! ময়া যস্মাদিত্যাদি পঠিতম্।

পুরু। ততস্ততঃ?

মীমাংসা কীদৃশী বিভিদ্যেতি। ইদং কর্ম্ম এতদধিকারিকমিত্যোবমধিকারভাঞ্জি কর্ম্মাণি বিভিদ্য পৃথক্ পৃথক্ কৃত্বা তত্তদর্থৈঃ শ্রুতিরূপৈরাদিপদাৎ স্মৃতিরূপৈশ্চ প্রমাণৈরনুগতা তান্যেব কর্ম্মাণি প্রাপ্তোপদেশৈরঙ্গৈরতিদেশনৈরতিদেশলভ্যৈশ্চাঙ্গৈরভিযোজয়ন্তী সম্বধ্নতী পৌর্ণমাসযাগাদিষূপদেশপ্রাপ্তান্যেব লিঙ্গানি যজ্ঞান্তরে অতিদেশলভ্যানি অতিদেশনৈরিত্যত্রাতিদিশ্যন্ত ইত্যাস্তোঽপি চেতি কর্ম্মণি যুট্। *

হইল। দেখিলাম, তিনি অধিকারীভেদ করিয়া শ্রুত্যাদিপ্রমাণদ্বারা বিশেষ বিশেষ কর্ম্মের অনুমতি করিতেছেন এবং উপদেশপ্রাপ্ত ও অতিদেশলভ্য বিবিধ কর্ম্মাঙ্গযোগ করিতেছেন।

পুরুষ। অনন্তর কি হইল?

উপ। তদনন্তর তথাতেই আমি তাঁহার নিকটে কিছুদিবস বাস করিবার জন্য প্রার্থনা করিলাম এবং তিনিও আমাকে কহিলেন, ভদ্রে! তুমি এখন কি করিতেছ? তখন আমি কহিলাম, "দেখ, যাঁহা হইতে এই অনন্ত বিশ্ব উৎপন্ন হইতেছে, যাঁহাতে এইঅখিল জগৎ ক্রীড়া করিতেছে এবং অন্তকালে যে অনাদি পুরুষে অনন্ত ব্রহ্মাণ্ড লয় পায়, যাঁহার মায়াতে এই জগৎ প্রকাশ পাইতেছে, জ্ঞানীরা দ্বৈতজ্ঞান অপসারিত করিয়া যাঁহাকে লাভ করে, আমি পুনর্জ্জন্মনিবারণের নিমিত্ত সেই সংসারাতীত, সনাতন, পরম পুরুষের স্তব করিতেছি।"

পুরুষ। তার পর কি হইল?

উপ। ততো মীমাংসয়া পার্শ্ববর্ত্তিনাং মুখমালোক্যাভিহিতম্ অস্ত্যেবাস্যালোকান্তরফলোপভোগযোগ্যপুরুষোপনয়নেনোপযোগস্তদ্ ধ্রিয়তাং * কর্ম্মোপযুক্তেয়মিতি। তচ্চ তেষাং মধ্যে কেনাপ্যন্তেবাসিনানুমোদিতম্ অপরেণ তু প্রসিদ্ধপ্রতিষ্ঠিতেন মীমাংসাহৃদয়াধিদৈবতেন কুমারিলস্বামিনা প্রোক্তং দেবি! নেয়ং কর্ম্মোপযুক্তং পুরুষমুপনয়তি কিন্ত্বকর্ত্তারমভোক্তারং ন চাসৌ কর্ম্মসূপযুজ্যতে। ততঃ পরেণোক্তম্ অথ কিং লৌকিকাৎ পুরুষাদীশ্বরো নামান্যোঽস্তি ততস্তেন বিহস্যোক্তমস্তি। † তথা হি—

একঃ পশ্যতি চেষ্টিতানি জগতামন্যস্তু মোহান্ধধী-

যস্মাদিত্যাদি পাদত্রয়ে যৎপাদানাং যজ্ঞপরতাং বুদ্ধা যান্তি কৃতিম ইত্যন্তেন সাংসার্য্যাত্মলোকান্তরফলভোগার্থং যং যজ্ঞং যান্তীতি বুদ্ধা অস্ত্যেবাস্যা ইত্যাদি মীমাংসায়া উক্তিঃ। উপনয়নেন প্রতিপাদনেন। *

ততস্তেন বিহস্তেতি তেন কুমারিলস্বামিনা উপনিষৎসিদ্ধান্তানুবাদরূপমুক্তমিত্যর্থঃ অতএব স্বসিদ্ধান্তবিরুদ্ধকথনে বিহস্তেত্যুক্তম্। †

এক ইতি। একঃ পরমাত্মা জগতাং চেষ্টিতানি পশ্যতি অন্যস্তু পাপাদি-

---

উপ। অনন্তর মীমাংসা তাহার পার্শ্ববর্ত্তী সহচরদিগের মুখ অবলোকন করিয়া বলিয়াছিলেন, "ইহাঁর লোকান্তরফলোপভোগযোগ্য পুরুষপ্রতিপাদনে উপযোগ আছে, অতএব ইহাঁকে ধারণ কর, ইহাঁকে কর্ম্মোপযুক্তা দেখিতেছি।" অনন্তর তাহাদিগের মধ্যে কোন শিষ্য সেই বিষয় অনুমোদন করিল। অপর লব্ধপ্রতিষ্ঠ মীমাংসাদৈবত অন্য শিষ্য কুমারিলস্বামী কহিল, "দেবি! ইনি কর্ম্মোপযুক্ত পুরুষপ্রতিপাদন করেন না। যিনি কর্ত্তা ভোক্তা নহেন, ও সেই পুরুষ প্রতিপাদন করিতেছেন; এই পুরুষ কর্ম্মোপযুক্ত নহে।" অপর কোন শিষ্য কহিলেন, "লৌকিক পুরুষ হইতে আর অতিরিক্ত ঈশ্বর কে? পরে কুমারিলস্বামী উপহাস-পূর্ব্বক বলিলেন, "এক পরমাত্মা

রেকঃ কর্ম্মফলানি বাঞ্ছতি দদাত্যন্যস্তু তান্যর্থিনে।
একঃ কর্ম্মসু শিষ্যতে তনুভৃতাং শাস্তৈব দেবোঽপরো
নিঃসঙ্গঃ পুরুষঃ ক্রিয়াসু স কথং কর্ত্তেতি সম্ভাব্যতে॥ *

রাজা। সাধু কুমারিলস্বামিন্! সাধু কুমারিলস্বামিন্! সাধু প্রাজ্ঞোঽসি আয়ুষ্মান্ ভব।

দ্বৌ দ্বৌ সুপর্ণৌ সহজৌ সখায়ৌ সমানবৃক্ষং পরিষস্বজাতে।

কর্ত্তা জীবাত্মা মোহান্ধধীঃ একো জীবাত্মা কর্ম্মকর্তৃত্বাৎ ফলানি বাঞ্ছতি অন্যস্তু পরমাত্মা তানি ফলানি অর্থিনে জীবাত্মনে দদাতি একো জীবাত্মা কর্ম্মসু পাপ-কর্ম্মসু কৃতেষু শিষ্যতে শাস্তিং প্রাপ্যতে অপরো দেবস্তনুভৃতাং শাস্তৈব ন তু শাসনীয়ঃ অতঃ পরমাত্মভিন্নং জীবাত্মানমেব ভোক্তারং ব্রুবতাং মতে পর-মাত্মন এব কর্তৃত্বং যন্মীমাংসয়া সম্ভাবিতং কুমারিলস্বামী চতুর্থপাদেন তন্নিব-স্তুতি নিঃসঙ্গ ইতি। ক্রিয়াসু নিঃসঙ্গোঽনাসক্তঃ স পুরুষঃ কথং কর্ত্তেতি ত্বয়া মীমাংসে সম্ভাব্যত ইত্যর্থঃ। *

অন্যোপদেশেন জীবাত্মপরমাত্মনোরেকশরীরাধিষ্ঠাতৃত্বং একস্য চ ভোক্তৃত্বং বিবেকঃ সিদ্ধান্তয়তি দ্বৌ দ্বাবিতি বীপ্সা সুপর্ণৌ পক্ষিণৌ প্রকৃতে জীবাত্ম-পরমাত্মনৌ সহজৌ সহচরৌ অতএব সখায়ৌ সমানবৃক্ষমেকং বৃক্ষং পক্ষে একং

জগতে কার্য্যসকল দর্শন করেন, অন্য পাপাদিকর্ত্তা জীব মোহান্ধ, এই জীবাত্মাই কর্ম্মকর্তৃত্বপ্রযুক্ত কর্ম্মফল ইচ্ছা করে, পরমাত্মা সেই কর্ম্মফল জীবাত্মাকে প্রদান করেন, জীবাত্মা পাপকর্ম্ম করিয়া শাস্তিভোগ করে, পরমাত্মা জীবের পাপকর্ম্মের শাসন করেন, তিনি শাসনীয় নহেন, তিনি নিঃসঙ্গ, কোনরূপেও তাঁহার ক্রিয়াকর্তৃত্ব সম্ভব হয় না।”

রাজা। ধন্য ধন্য! কুমারিলস্বামিন্! তুমি দীর্ঘজীবী হও। এক বৃক্ষেতে দুইটি পক্ষী পরস্পর সখ্যভাবে বাস করে, তাহাদের মধ্যে একটি সেই বৃক্ষের পরিপক্ব ফলভোগ করে এবং অপর পক্ষীটি ফলাদি ভোগ না করি-

একস্তয়োঃ পিপ্পলমত্তি পক্বমন্যমনশ্নন্নভিচাকশীতি ॥ *

পুরু। ততস্ততঃ ?

উপ। ততোঽহং মীমাংসামামন্ত্র্য প্রস্থিতা।

পুরু। ততস্ততঃ ?

উপ। ততো ময়া বহুভিঃ শিষ্যৈরুপাস্যমানা তর্কবিদ্যা-বলোকিতা।

কাচিদ্‌দ্বৈতবিশেষকল্পনপরা ন্যায়ৈঃ পরা তন্বতী
বাদং সচ্ছলজাতিনিগ্রহময়ৈর্জল্পং বিতণ্ডামপি।

শরীরং পরিষস্বজাতে আলিলিঙ্গতুঃ পক্বপিপ্পলং তদ্‌বৃক্ষফলং পক্বে নিষ্পন্নং কর্ম্মফলং স্বর্গনরকাদি অনশ্নন্নভুঞ্জানোঽভিচাকশীতি দেদীপ্যত ইত্যর্থঃ। *

কাচিদিতি। কাচিত্তর্কবিদ্যা দ্বৈতবিশেষস্য ঘটাদেঃ পটাদিতঃ সংসার্য্যাত্মনশ্চেশ্বরাদ্ভেদরূপস্য কল্পনপরা। পরাঽন্যা তর্কবিদ্যা বাদং তথা সচ্ছলজাতি-নিগ্রহময়ৈর্ন্যায়ৈর্জল্পং বিতণ্ডামপি তন্বতী তত্ত্ববুভুৎসোঃ কথা বাদঃ তত্র বল-চ্ছলাদন্যায়েন নিগ্রহঃ সচ্ছলেতি ছলসহিতয়া জাত্যা যো নিগ্রহস্তন্ময়ৈরিত্যর্থঃ

ম্নাও স্বয়ং প্রকাশ পায়। অর্থাৎ জীবাত্মা ও পরমাত্মা উভয়ই এক শরীর আশ্রয় করিয়া থাকেন, তাঁহাদিগের মধ্যে জীবাত্মা শুভাশুভকর্ম্মের স্বর্গ-নরকাদি ফলভোগ করে এবং পরমাত্মা কোনরূপ ভোগ না করিয়াও স্বীয় জ্যোতিতে প্রকাশিত হয়েন।

পুরুষ। তার পর তার পর ?

উপ। অনন্তর আমি মীমাংসাকে বলিয়া প্রস্থান করিলাম।

পুরুষ। তার পর কি হইল ?

উপ। অনন্তর আমি বহু বহু শিষ্যকর্ত্তৃক উপাস্যমানা হইয়া তর্ক-বিদ্যা অবলোকন করিলাম। দেখিলাম, কোন তর্কবিদ্যা ঘটপটাদির ন্যায় আত্মা ঈশ্বর হইতে বিভিন্ন এইরূপ কল্পনা করিতেছেন। অপরাপর কোন তর্কবিদ্যা কখন ছল, কখন বা জাতিনিগ্রহময় ন্যায় আশ্রয় করিয়া নানা-

অন্যাপি প্রকৃতের্ব্বিভিন্নং পুরুষমন্যোদাহরন্তী ভিদাং
তত্ত্বানাং গণনা পরা মহদহঙ্কারাদিসর্গক্রমৈঃ ॥

পুরু। ততস্ততঃ ?

উপ। তথৈবাহং তাঃ সমুপস্থিতা তাভিরমুযুক্তয়া ময়া
চ তদেবোক্তং যস্মাদ্বিশ্বমুদেতীত্যাদি। ততস্তাভিঃ সপ্রকা-

কচিজ্জাত্যা কচিচ্ছলনে বা নিগ্রহ ইতি যাবৎ। অন্যাভিপ্রায়েণোক্তস্য বাক্যস্যান্যার্থকথনেন দূষণং ছলং যথা নেপালদেশাদয়মাগতো নবকম্বলবত্ত্বাদিত্যাদৌ কুতোঽস্য নবসংখ্যাঃ কম্বলা ইত্যুক্ত্বা দূষণম্। দূষণাসমর্থমুত্তরং জাতিঃ স্বপক্ষাপেক্ষয়া পরপক্ষদূষণং জল্পঃ। পরপক্ষদূষণমাত্রং বিতণ্ডা। অন্যাপি সাংখ্যরূপা তর্কবিদ্যা পুরুষস্য প্রকৃতের্ভিদাং ভেদমুদাহরন্তী মহদহঙ্কারাদিসর্গক্রমৈস্তত্ত্বানাং পঞ্চতন্মাত্রারূপতত্ত্বানাং গণনাপরা। সত্ত্বরজস্তমসাং সাম্যাবস্থা প্রকৃতিঃ পুরুষ আত্মা পঞ্চতন্মাত্রাশ্চ রূপরসগন্ধস্পর্শশব্দাঃ প্রকৃতের্ম্মহান্ মহতোঽহঙ্কারোঽহঙ্কারাৎ পঞ্চতন্মাত্রা ইতি সৃষ্টিক্রমঃ। *

প্রকার বিতণ্ডা বাক্য বিস্তার করিতেছেন। তিনি স্বীয়পক্ষ সমর্থনের নিমিত্ত পরমতত্ত্ব দূষিতেছেন, অন্য কোন বিদ্যা প্রকৃতি হইতে পুরুষের ভেদ উদাহরণ করিতেছেন। অন্য কোন তর্কবিদ্যা পঞ্চতত্ত্বের গণনা করিতেছেন, অর্থাৎ প্রকৃতি হইতে মহত্তত্ত্ব, মহত্তত্ত্ব হইতে অহঙ্কার, অহঙ্কার হইতে রূপ, রস, গন্ধ, স্পর্শ ও শব্দ এই পঞ্চতন্মাত্রের সৃষ্টি হইয়াছে, এইরূপ সৃষ্টি বিষয়ক তর্ক করিতেছেন।

পুরুষ। তার পর কি হইল ?

উপ। আমিও তাহাদিগের নিকটে উপস্থিত হইলাম, তাহারা আমাকে জিজ্ঞাসা করিলে আমি বলিলাম, "যে আদিপুরুষ হইতে এই অনাদি বিশ্বের উৎপত্তি হইতেছে, যাঁহাতে এই অনন্ত ব্রহ্মাণ্ড ক্রীড়া করিতেছে, যাঁহার মায়া এই জগৎস্বরূপে প্রকাশ পাইতেছে, যাঁহার তেজ সর্ব্বত্র উজ্জ্বলপ্রভায় বিদ্যমান আছে, যোগীরা পুনর্জ্জন্মনিবারণের নিমিত্ত দ্বৈতজ্ঞানরূপ অন্ধকার অপসারিত করিয়া যে শান্ত সনাতন ভূতেশ্বরকে ধ্যান করেন,

শোপহাসমুক্তম্ আঃ পাপে বাচালে! পরমাণুভ্যো বিশ্বমুৎ-পদ্যতে নিমিত্তকারণমীশ্বর ইতি অন্যয়া তু সক্রোধমুক্তম্ * আঃ পাপে! কথমীশ্বরমেব বিকারিণমাপাদয়সি নন্বু রে! প্রকৃতিপ্রধানা বিশ্বোৎপত্তিঃ।

রাজা। অহো! দুর্ম্মতয়স্তর্কবিদ্যা এতদপি ন জানন্তি সর্ব্বং প্রমেয়জাতং ঘটাদিবৎ কার্য্যমিতি পরমাণুপ্রাধান্য-মপ্যপেক্ষণীয়মেবেতি। † অপি চ—

---

* যস্মাদ্বিশ্বমুদেতীত্যত্র দুগ্ধং বিকৃত্য দধিবদয়ং বিকৃত্য বিশ্বমুদেতীত্যর্থং বুদ্ধ্বা অন্যয়া সাংখ্যবিদ্যয়া সক্রোধমুক্তমিত্যর্থঃ। *

† পরমাণুভ্যো বিশ্বমুৎপদ্যত ইতি বাদিনঃ প্রত্যাহ সর্ব্বং প্রমেয়েতি। সর্ব্বং ঘটাদিবৎ প্রমেয়জাতং কার্য্যমিত্যতঃ পরমাণূনাং প্রাধান্যমপ্যপেক্ষণীয়-মেবেত্যর্থস্তথা চ তদংশে তন্মতস্বমতয়োর্ন বিবাদ ইত্যেতদপি ন জানন্তী-ত্যর্থঃ কিন্তু পরমাণুপ্রাধান্যাপেক্ষাপীশ্বরতত্ত্বজ্ঞানাভাবদশায়াম্। †

আমি সেই পুরুষোত্তমকে স্তব করিতেছি।" অনন্তর তাহারা উপহাস করিয়া কহিল, আঃ পাপীয়সি! বাচালে! পরমাণু হইতেই বিশ্বের উৎপত্তি হয়। ঈশ্বর কেবল নিমিত্তকারণমাত্র, তবে সেই ঈশ্বর হইতে বিশ্বের উৎপত্তি হয়, এই কথা কিরূপে কহিলে? অপরা সক্রোধে কহিল, আঃ পাপীয়সি! তুমি ঈশ্বরকে বিকারী বলিয়া নির্দ্দেশ করিলে। তবে শোন্, তোর সকলই ভ্রান্তিজ্ঞান, কেবল প্রকৃতিই এই বিশ্বোৎপত্তির প্রধান কারণ।

রাজা। অহে! তর্কবিদ্যারা অতি দুর্ম্মতি। ইহারা পরমাণু হইতে বিশ্বের উৎপত্তি স্বীকার করে। ঘটাদি পদার্থের ন্যায় সকল পদার্থই যে কার্য্য, তাহাও ইহারা জানে না; সুতরাং পরমাণু হইতে সৃষ্টি স্বীকার করে। ইহারা ঈশ্বরতত্ত্বের কিছুই জানে না। আর দেখ, যেমন জলপ্রতিবিম্বিত চন্দ্র, আকাশে নগর, স্বপ্নদৃষ্ট পদার্থ এবং ঐন্দ্রজালিক ব্যাপারদর্শন, এই সমুদায়ই

অম্ভঃশীতকরান্তরীক্ষনগরং স্বপ্নেন্দ্রজালাদিবৎ
কার্য্যং মেয়মসত্যমেতদুদয়ধ্বংসাদিযুক্তং জগৎ ।
শুক্তৌ রূপ্যমিব স্রজীব ভুজগঃ স্বাত্মাববোধে হরা-
বজ্ঞাতে প্রভবত্যথাস্তময়তে তত্ত্বপ্রবোধোদয়াৎ ॥ *
বিকারশঙ্কা তু মুগ্ধবধূবিলসিতমিব । † তথা হি—
শান্তং জ্যোতিঃ কথমনুদিতানন্দনিত্যপ্রকাশং

জাগ্রৎস্বপ্নেনাসত্যমেব গৃহ্যত ইত্যাহ অপি চেতি । অম্ভসি প্রতিবিম্বিতঃ শীতকরশ্চন্দ্রঃ অন্তরীক্ষে তদ্‌ভ্রমেণ দৃশ্যমানং নগরং স্বপ্নদর্শনমিন্দ্রজালাদি চ যথা তত্তৎ কার্য্যং তথা মেয়মুদয়ধ্বংসাদিযুক্তমেতদসত্যমেব তর্হি কথং গৃহ্যত ইত্যত্রাহ শুক্তাবিতি । স্বস্যৈবাববোধস্তৎস্বরূপে হরাবজ্ঞাতে তাদৃশমসত্যমপি কার্য্যজাতং শুক্তৌ রূপ্যমিব স্রজি ভুজগ ইব প্রভবতি জ্ঞানবিষয়ীভবতি অথানন্তরং তত্ত্বপ্রবোধোদয়াদস্তময়তে জ্ঞানাবিষয়ীভবতীত্যর্থঃ । *

কথমীশ্বরমেব বিকারিণমাপাদয়সীতি বাদিনীং সাংখ্যবিদ্যাং প্রত্যাহ বিকারশঙ্কা ত্বিতি । মুগ্ধায়াঃ সুন্দর্য্যা বধ্বা যচ্চেষ্টিতং তত্তদেব বিলসিতমিতি যথা কামোপাধিকং জ্ঞায়তে তথা স্ববিকারেণ বিশ্বোৎপাদকত্বমীশ্বরস্যাপি মিথ্যাবাসনোপাধিকমেব জ্ঞায়ত ইত্যর্থঃ †

বস্তুতস্তু নির্ব্বিকার এবেশ্বর ইত্যাহ তথা হীতি শান্তমিত্যাদি । অবিদ্যাবৃতত্বেনানুদিতোঽবিজ্ঞাত আনন্দরূপো নিত্যপ্রকাশো যস্য তাদৃশং শান্তং

অসত্য, সেইরূপ উদয়াস্তশীল এই জগৎ ও কার্য্য মিথ্যা । যাবৎ আত্ম-তত্ত্বপরিজ্ঞান না হয়, তাবৎ যেমন শুক্তিকে রজত বলিয়া জ্ঞান হয় এবং সর্পকে মালারূপ ভ্রান্তি হয়, সেইরূপ এই জগৎকে সত্য বলিয়া জ্ঞান হইয়া থাকে । পরন্তু যখন তত্ত্বজ্ঞানের উদয় হয়, তখন পূর্ব্বোক্ত জ্ঞান অস্ত পায়, অর্থাৎ সমুদায়ই মিথ্যা বলিয়া জ্ঞান হইয়া থাকে । ঈশ্বরের বিকারাশঙ্কাও মুগ্ধ বধূ-বিলাসের ন্যায়, অর্থাৎ সুন্দরী কামিনীরা যে ভাবভঙ্গী প্রদর্শন করে, তাহা যেমন চিত্তবিকারের কারণ নহে, কেবল নিজের কামদ্বারাই চিত্ত বিকৃত হয়, সেইরূপ মিথ্যা বাসনাই ঈশ্বরের বিকারিত্বের কারণ ; অর্থাৎ যাহারা মিথ্যা

বিশ্বোৎপত্তৌ ব্রজতি বিকৃতিং নিষ্কলং নির্ম্মলঞ্চ।
শশ্বন্নীলোৎপলদলরুচাম্বুবাহাবলীনাং
প্রাদুর্ভাবে ভবতি বিয়তঃ কীদৃশোঽয়ং বিকারঃ॥ *

পুরু। সাধু সাধু প্রীণাত্যয়ং মাং প্রজ্ঞাবতো বিমর্ষঃ (উপনিষদং প্রতি) ততস্ততঃ?

উপ। ততঃ সর্ব্বাভিরেব ক্রুদ্ধাভিরভিহিতম্ অহো! বিশ্ববিলয়েন † মুক্তিমেষোদাহরন্তী নাস্তিকপথপ্রস্থিতা তন্নিগৃহ্যতামিতি সাবষ্টম্ভং মাং নিগ্রহীতুং প্রধাবিতাঃ। (ইতি সর্ব্বে সত্রাসম্।)

জ্যোতিরীশ্বরাখ্যং কথং বিশ্বোৎপত্তৌ বিকৃতিং ব্রজতি কীদৃশং নিষ্কলং নিরবয়বং নির্ম্মলং পাপরূপমলরহিতং দেদীপ্যমানং বা। ননু তস্মাদ্বিশ্বোৎপত্তৌ কথং তস্য ন বিকার ইত্যত আহ শশ্বদিতি। নীলোৎপলদলরুচামম্বুবাহাবলীনাং বিয়তঃ শশ্বৎপ্রাদুর্ভাবে বিয়তঃ কীদৃশো বিকার ইত্যর্থঃ। *

অহো বিশ্ববিলয়েনেতি—মিথ্যাত্বময়তে তত্ত্বপ্রবোধোদয়াদিত্যুক্তত্বাৎ। †

বাসনার বশীভূত, তাহারাই ঈশ্বরকে বিকারী বলিয়া স্বীকার করে। বাস্তবিক ঈশ্বর নির্ব্বিকার; অবিদ্যাবৃত ব্যক্তিরা যাঁহার নিত্যপ্রকাশকতা জানিতে পরে না, সেই শান্ত জ্যোতির্ম্ময় ঈশ্বর কেন বিশ্বোৎপত্তির নিমিত্ত বিকার আশ্রয় করিবেন? তিনি নিরবয়ব এবং পাপরূপ মলরহিত। নীলোৎপলদলকান্তি মেঘশ্রেণীর প্রাদুর্ভাব হইলে কি আকাশের বিকার হইতে পারে? অর্থাৎ কখনও কি মেঘের শ্যামপ্রভায় আকাশ শ্যামবর্ণ হয়?

পুরুষ। সাধু সাধু!! এই প্রজ্ঞাবানের পরামর্ষ আমাকে পরম প্রীতিযুক্ত করিয়াছে। (উপনিষদের প্রতি) তার পর কি হইল?

উপ। অনন্তর সকলেই ক্রোধতৎপর হইয়া বলিয়াছিল, "ইনি বলেন জগতের অসত্যতাজ্ঞান হইলেই মুক্তি হইয়া থাকে। দেখিতেছি, ইনি নাস্তিক-

উপ। ততোঽহং সত্বরং পরিক্রম্য দণ্ডকারণ্যং প্রবিষ্টাস্মি ততো মন্দরশৈলোপকণ্ঠকল্পিতমধুসূদনায়তনস্য নাতিদূরে আগত্য মম।

বাহ্বোর্ভগ্না দলিতমণয়ঃ শ্রেণয়ঃ কঙ্কণানাং
চূড়ারত্নগ্রহনিকৃতিভির্দূষিতঃ কেশপাশঃ।
ছিন্না মুক্তাবলিরপহৃতং স্রস্তমঙ্গাদ্দুকূলম্

রাজা। ততঃ ?

পুরু। ততো দেবায়তনান্নির্গত্য গদপাণিভিঃ পুরুষৈরতিনির্দ্দয়ং তাড্যমানা দিগন্তমতিক্রান্তাঃ।

বাহ্বোর্ভগ্না ইতি। দেবায়তনাদদূরে মম বাহুকঙ্কণাদিভঙ্গাদিকং কৃতমিত্যর্থঃ। দুকূলমঙ্গাৎ স্রস্তং সদপহৃতমিত্যর্থঃ অঙ্গাৎ স্রস্তীকৃত্যাপহৃত-

---

মত আশ্রয় করিয়াছেন, তবে ইহার সমুচিত শাস্তি প্রদান কর্ত্তব্য”। এই বলিয়া সগর্ব্বে আমাকে পরাস্ত করিতে ধাবিত হইল। (সকলের ত্রাসভাব প্রদর্শন)

উপ। অনন্তর আমি সত্বরগমনে পলায়ন করিয়া দণ্ডকারণ্যে প্রবিষ্ট হইলাম। তারপর তাহারা মন্দরগিরির উপত্যকাপ্রদেশে মধুসূদনমন্দিরের অনতিদূরে আগমনপূর্ব্বক আমার বাহুর কঙ্কণ-শ্রেণী বিদলিত করিয়া মণি সকল ভগ্ন করিল, কেশপাশ ধরিয়া চূড়ামণি গ্রহণপূর্ব্বক কেশগুলি আলুলায়িত করিল, মুক্তার হার ছিন্ন করিল এবং আমার পরিহিত বস্ত্রও অপহরণ করিয়া লইল।

রাজা। তার পর ?

উপ। অনন্তর সেই দেবমন্দির হইতে কতকগুলি গদাপাণি পুরুষ নির্গত হইয়া তাহাদিগকে নির্দ্দয়রূপে প্রহার করিতে লাগিল, সেই প্রহারভয়ে তাহারা সকলেই দিগন্তরে প্রস্থান করিল।

সর্ব্বে। (সহর্ষং) সাধু সাধু!!!

রাজা। ন খলু ভবত্যামতিক্রমং ভগবান্ বিশ্বসাক্ষী ক্ষমতে।

পুরু। ততস্ততঃ?

উপ। ততঃ—

ভীতা গীতাশ্রমমভিগলন্নূপুরাহং প্রবিষ্টা॥ *

তত্র বৎসয়া গীতয়া মাং তত্রাগতাং বিলোক্য সসম্ভ্রমং মাতর্ম্মাতরিত্যভিধায় পরিরভ্য উপবেশিতাস্মি বিবিতবৃত্তান্তয়া চ তয়োক্তং অম্ব! নাত্র খেদয়িতব্যং মনো যে খলু ত্বামপ্রমাণীকৃত্যাসুরসত্বাঃ প্রচরিষ্যন্তি তেষামীশ্বর এব শাস্তা উক্তঞ্চ তেন ভগবতা তানেবাধিকৃত্য।

মিতি পর্য্যবসিতম্। পাদত্রয়ানন্তরং তদুত্তরং সংস্কৃতমাত্রেণ কথয়িত্বা চতুর্থমাহ ভীতা গীতেতি। *

সকলে। (সহর্ষে) সাধু সাধু!

রাজা। বিশ্বসাক্ষী ভগবান্ও কখনই তোমার নিগ্রহকারিদিগের অপরাধ অতিক্রম করিতে পারেন না।

পুরুষ। তার পর, তার পর?

উপ। অনন্তর শব্দভয়ে চরণের চঞ্চল নূপুর মোচন করিয়া আমি সভয়ে গীতার আশ্রমে প্রবেশ করিলাম। তখন বৎসা গীতা আমাকে তত্রাগত দেখিয়া সবিস্ময়ে "মাতঃ মাতঃ" এইরূপ সম্বোধনপূর্ব্বক আলিঙ্গন করিয়া উপবেশন করাইলেন এবং আমার নিকট সমুদায় বৃত্তান্ত অবগত হইয়া কহিলেন, জননি! এই বিষয়ে মনে মনে খেদ করা কর্ত্তব্য নহে, যাহারা তোমাকে অগ্রাহ্য করিয়া বিচরণ করে, ঈশ্বরই সেই সকল অসুরদিগের শাস্তিকর্ত্তা। ভগবান্ কহিয়াছেন, "যাহারা ধর্ম্মপথভ্রষ্ট হইয়া ধার্ম্মিকদিগকে দ্বেষ করে, আমি সেই সকল ক্রূর নরাধমদিগকে আসুরযোনিতে নিক্ষেপ করিয়া থাকি।"

তানহং দ্বিষতঃ ক্রূরান্ সংসারেষু নরাধমান্।
ক্ষিপাম্যজস্রমশুভানাসুরীষ্বেব যোনিষু॥ *

পুরু। ত্বৎপ্রসাদাজ্জ্ঞাতুমিচ্ছামি। কোঽয়মীশ্বরো নামেতি।

উপ। (সস্মিতং) কেয়মাত্মানমজানন্তং প্রত্যুত্তরেণ প্রবোধয়িষ্যামি।

পুরু। (সহর্ষং) কথমাত্মা ঈশ্বরঃ? †

উপ। এবমেবৈতত্তথা হি—

অসৌ ত্বদন্যো ন সনাতনঃ পুমান্
ভবান্ন দেবাৎ পুরুষোত্তমাৎ পরঃ।
সএব ভিন্নস্তদনাদিমায়য়া
দ্বিধেব বিম্বং সলিলে বিবস্বতঃ॥ ‡

তানহমিতি গীতাশ্লোকঃ। তান্নরাধমানধমনরানাসুরীষ্বেব যোনিষজস্রমেব ক্ষিপামীত্যর্থঃ। *

কথমাত্মা ঈশ্বর ইতি কথমহমিত্যর্থঃ। †

অসাবিতি। অসৌ সনাতনো নিত্যঃ পুমান্ন ত্বদন্যঃ তস্মাৎ পুরুষোত্তমাৎ দেবাৎ ভবান্ন পরো নান্যঃ তদনাদিমায়য়া তদীয়য়া অনাদিমায়য়া কারণভূতয়া স এব ভিন্নঃ সলিলে বিবস্বতো বিম্বমিব দ্বিধা প্রতীয়ত ইত্যর্থঃ। ‡

পুরুষ। আমি আপনার অনুগ্রহে জানিতে ইচ্ছা করি যে, কাহার নাম ঈশ্বর?

উপ। (সহর্ষে) যিনি আত্মাকেই জানেন না, তাঁহাকে কি প্রত্যুত্তরপ্রদানে প্রবোধিত করিব?

পুরুষ। (সহর্ষে) তবে আত্মাই কি ঈশ্বর?

উপ। হাঁ, আত্মাই ঈশ্বর। যেহেতু সেই সনাতন পুরুষ তোমা হইতে পৃথক্ নহেন এবং তুমিও সেই পুরুষোত্তম হইতে অপর নহে। কেবল সেই

পুরু। (বিবেকং প্রতি) বৎস! উক্তমপ্যর্থং ভগবত্যা ন সম্যগবধারয়ামি।

অবিচ্ছিন্নস্য ভিন্নস্য জরামরণধর্ম্মিণঃ।
মম ব্রবীতি দেবীয়ং নিত্যানন্দচিদাত্মতাম্॥ *

বিবেকঃ। পদার্থানভিজ্ঞানাদয়ং বাক্যার্থানববোধঃ।

পুরু। তদববোধনায় ভবানুপায়ং প্রজ্ঞাপয়তু।

বিবেকঃ। অয়মুচ্যতে।

এষোঽহস্মীতি বিবিচ্য নেতি পরিতশ্চিত্তেন সার্দ্ধং কৃতে
তত্ত্বানাং বিলয়ে চিদাত্মনি পরিজ্ঞাতে ত্বদর্থে পুনঃ।

অবচ্ছিন্নস্যেত্যাদি সুগমম্। *

এষোঽস্মীতি। চিত্তেন সার্দ্ধং বিবিচ্য বিবেচনাং কৃত্বা পরিতস্তত্ত্বানাং ঘটপটাদিপদার্থানাং নেতি বিলয়ে কৃতে সর্ব্বং নেতি বিজ্ঞাত ইত্যর্থস্তত

ঈশ্বরের অনাদি মায়াদ্বারাই তাঁহাকে ভিন্ন বলিয়া বোধ হয়। যেমন একই সূর্য্যের প্রতিবিম্ব সলিলমধ্যে দ্বিধারূপে প্রতীয়মান হয়, সেইরূপ আত্মা ও ঈশ্বরের বিভিন্নতাবোধ হইয়া থাকে; বাস্তবিক ইঁহারা পৃথক্ নহেন।

পুরুষ। (বিবেকের প্রতি) বৎস! যে বিষয় ভগবতী উপনিষদ্দেবী কহিয়াছেন, আমি সম্যক্‌রূপে ইহার তত্ত্বাবধারণ করিতে পারি না। এই উপনিষদ্দেবী আমাকে বলিয়াছেন, এই জরামরণধর্ম্মী বিভিন্ন আত্মাই নিত্যানন্দময় ও চৈতন্যস্বরূপ, অর্থাৎ অজ্ঞানদশাতেই আত্মা বিভিন্ন ও জরা-মরণশীল বলিয়া বোধ হয়; পরন্তু যখন প্রকৃতজ্ঞানোদয় হয়, তখন বিভিন্ন জ্ঞান বিনষ্ট হইয়া নিত্যানন্দময় ও চৈতন্যস্বরূপ বলিয়া প্রতীতি হয়।

বিবেক। পদার্থসকলের অনভিজ্ঞানহেতুই উক্তরূপ বাক্যার্থের অব-রোধ হয় না।

পুরুষ। মহাশয়! আপনি সেইরূপ অর্থাবগতির উপায় উপদেশ করুন্।

বিবেক। তবে বলিতেছি।—মনে মনে সম্যক্‌রূপ বিবেচনাপূর্ব্বক তন্ন-তন্নরূপে ঘটপটাদি পদার্থের বিলয় করিয়া "এই আমি পরমাত্মা" ইত্যাদি-

শ্রুত্বা তত্ত্বমসীতি বাধিতভবধ্বান্তং তদাত্মপ্রভং
শান্তং জ্যোতিরনন্তমন্তরুদিতানন্দং সমুদ্দ্যোততে॥ *

পুরু। (সানন্দং শ্রুতমর্থং পরিভাবয়তি।)

(ততঃ প্রবিশতি নিদিধ্যাসনম্।) †

নিদি। আদিষ্টমস্মি দেব্যা বিষ্ণুভক্ত্যা—
যথা বৎস! নিগূঢ়মস্মদভিপ্রায়মুপনিষদ্বিবেকেন সহ প্রবোধয়িতব্যা ত্বয়া চ পুরুষে বস্তব্যমিতি। (বিলোক্য) এষা দেবী বিবেকপুরুষাভ্যাং নাতিদূরে বর্ত্ততে যাবদুপসর্পামি। (ইত্যুপসৃত্য উপনিষদং প্রতি জনান্তিকম্) দেবি! দেব্যা

এষোঽস্মীতি চিদাত্মনি জ্ঞানস্বরূপাত্মনি পরিজ্ঞাতে সতি তত্ত্বমসীতি তৎব্রহ্মস্বরূপমহংপদার্থোঽপি তত্ত্বমসীতি শ্রুতিবাক্যাৎ শ্রুত্বা তদর্থে পুনর্জ্ঞাতে সতি আত্মনি প্রভা যস্য তাদৃশং স্বপ্রকাশং বাধিতভবধ্বান্তং শান্তং তজ্জ্যোতিরন্তঃ সমুদ্দ্যোততে প্রকাশতে কীদৃশমনন্তং নিত্যম্ উদিতানন্দং ব্যাপ্তানন্দস্বরূপম্। *

নিদিধ্যাসনং চরমযোগবিশেষঃ। †

নিগূঢ়মিতি। সঙ্কল্পযোনয় ইত্যাদিনা বক্ষ্যমাণমস্মদভিপ্রায়ম্। বিবেকেন

রূপে চিদাত্মার পরিজ্ঞান হইলে পুনর্ব্বার "তত্ত্বমসি" এই বাক্যার্থবোধ হইলেই বিনষ্টসংসারধ্বান্ত, স্বপ্রকাশমান, শান্ত, জ্যোতির্ম্ময়, নিত্যানন্দ পুরুষ প্রকাশ পাইয়া থাকেন।

পুরুষ। (সানন্দে উপদিষ্টার্থ ভাবনা করিতে লাগিলেন।)

(নিদিধ্যাসনের প্রবেশ।)

নিদি। দেবী বিষ্ণুভক্তি আমাকে আদেশ করিয়াছেন, "তুমি বিবেকের সহিত উপনিষদ্দেবীকে আমাদিগের অভিপ্রায় নিগূঢ়ভাবে বুঝাইয়া দিও এবং তুমিও সেই পুরুষের নিকট বাস করিবে" (অবলোকন করিয়া) এই যে দেবী বিবেক ও পুরুষের অনতিদূরে বিদ্যমান আছেন, তবে ইহাঁর

বিষ্ণুভক্ত্যা সমাদিষ্টং যথা সঙ্কল্পযোনয়ো * দেবতা ভবন্তি ময়া চ প্রণিধানেন বিদিতং যথা আপন্নসত্ত্বা ভবতীতি তত্র ক্রূরসত্ত্বা বিদ্যা নাম কন্যা ত্বদুদরে বর্ত্ততে প্রবোধচন্দ্রশ্চ তত্র বিদ্যাং সঙ্কর্ষণবিদ্যয়া মনসি সংক্রাময়িষ্যসি প্রবোধচন্দ্রং পুরুষে মৎসকাশমাগমিষ্যসীতি।

উপ। যদাদিশতি দেবী। (ইতি বিবেকমাদায় নিষ্ক্রান্তঃ।)

(নিদিধ্যাসনশ্চ পুরুষং প্রবিশতি।)

(নেপথ্যে) আশ্চর্য্যমাশ্চর্য্যম্। †

সহ উপনিষৎ প্রবোধ্যতামিত্যর্থঃ। পুরুষে বস্তব্যং পুরুষে বাসঃ কার্য্যঃ। জনান্তিকং কর্ণে কথা। *

নেপথ্যে অশরীরায়াঃ সরস্বত্যা বাণী আশ্চর্য্যমাশ্চর্য্যম্। †

নিকটেই যাই। (নিকটে গমনপূর্ব্বক উপনিষদ্দেবীর কর্ণে) দেবি! বিষ্ণুভক্তি আদেশ করিয়াছেন, "দেবতারা সঙ্কল্পযোনি, আমি সবিশেষ প্রণিধান পূর্ব্বক জানিয়াছি যে দেবী গর্ভবতী হইয়াছেন। আপনার উদরে ক্রূরমতি বিদ্যানাম্নী কন্যা ও প্রবোধচন্দ্রনামক পুত্র বিদ্যমান আছেন। অতএব সঙ্কর্ষণবিদ্যাদ্বারা সেই ক্রূরমতি কন্যাকে মনেতে সংক্রামিত করিতে হইবে এবং প্রবোধচন্দ্রকে পুরুষের নিকট সমর্পণ করিয়া তুমি আমার নিকট আগমন করিবে"।

উপ। দেবী যাহা আজ্ঞা করিয়াছেন। (এই বলিয়া বিবেককে গ্রহণপূর্ব্বক প্রস্থান করিলেন।)

(পুরুষের মধ্যে নিদিধ্যাসনের প্রবেশ।)

(নেপথ্যে।) আশ্চর্য্য আশ্চর্য্য! এই বিদ্যা নাম্নী কন্যা স্বীয় প্রদীপ্ত প্রভায় বিদ্যুতের ন্যায় দশদিক সমুজ্জ্বল করিয়া যোগাদি উপসর্গের সহিত মোহকে

উদ্দামদ্যুতিধামভিস্তড়িদিব প্রদ্যোতয়ন্তী দিশঃ
প্রত্যগ্রস্ফুটদুৎকটাস্থি মনসো নির্ভিদ্য বক্ষঃস্থলম্।
কন্যেয়ং সহসা সমং পরিকরৈর্মোহং গ্রসন্তী ভজ-
ত্যন্তর্দ্ধানমুপৈতি চৈষ পুরুষং শ্রীমান্ প্রবোধোদয়ঃ॥ *

(ততঃ প্রবিশতি প্রবোধচন্দ্রঃ।)

প্রবো। কিং ব্যাপ্তং কিমপোহিতং নু কিমিদং কিং বা সমুৎসারিতং
স্যূতং কিং নু বিসর্পিতং নু কিমিদং কিঞ্চিন্ন বা কিঞ্চন।

উদ্দামেতি। ইয়ং কন্যা বিদ্যারূপা কন্যা পরিকরৈর্যোগোপসর্গৈঃ সমং মোহং গ্রসন্তী সহসান্তর্দ্ধানং ভজতি এষ চ শ্রীমান্ প্রবোধোদয়ঃ পুরুষমুপৈতি। কন্যা কিং কৃত্বা মোহং গ্রসতীত্যত্রাহ প্রত্যগ্রেতি। প্রত্যগ্রং কালং স্ফুটং দ্বিধাভবৎ উৎকটমস্থি যস্মাত্তাদৃশং যথা স্যাত্তথা মনসো বক্ষঃস্থলং নির্ভিদ্য বিদার্য্য কীদৃশী কন্যা উদ্দামদ্যুতিভির্ধামভিস্তেজোভির্দ্দিশঃ প্রদ্যোতয়ন্তী তড়িদিব।*

কিং ব্যাপ্তমিত্যাদি। সোঽহং প্রবোধোদয় উদীয়মানঃ প্রবোধস্তত্ত্ব-জ্ঞানরূপো যস্মিন্নভ্যুদিতে সহজপ্রকাশেন দলিতমুজ্জ্বলীকৃতং ত্রৈলোক্যং নৈব বিতর্কপদবীমারোহতি বিতর্কশ্চাত্র সম্ভাবনা উৎসারিতে দীপাদিনাপসারি-

---

গ্রাস করত তৎক্ষণাৎ মনের বক্ষঃস্থল বিদারণপূর্ব্বক সহসা অন্তর্ধান হইল এবং শ্রীমান্ প্রবোধোদয় পুরুষকে আশ্রয় করিল।

(প্রবোধচন্দ্রের প্রবেশ।)

প্রবোধ। আমি এই প্রবোধচন্দ্র উদিত হইলাম; আমার উদয়ে ত্রিভুবন বিতর্কপদবীতে আরোহণ করিতে পারে না এবং সমধিক সমুজ্জ্বলই হইয়া থাকে। সকল পদার্থে অদ্বৈতজ্ঞান হইলে কোনরূপ বিতর্কই থাকিতে পারে না। তখন কে কাহাকে ব্যাপ্ত করিয়াছে, কি উৎসন্ন হইয়াছে, কি

যস্মিন্নভ্যুদিতে বিতর্কপদবীং নৈবং সমারোহতি
ত্রৈলোক্যং সহজপ্রকাশদলিতং সোঽহং প্রবোধোদয়ঃ॥*

(পরিক্রম্য) এষ পুরুষঃ যাবদুপসর্পামি (উপসৃত্য) ভগবন্‌! প্রবোধচন্দ্রোদয়োঽহমভিবাদয়ে।

পুরু। (সশ্লাঘম্‌) এহি বৎস! পরিষ্বজস্ব মাম্‌।

প্রবো। (তথা করোতি)

পুরু। (আলিঙ্গ্য সানন্দম্‌) অহো বিঘটিততিমিরপটলং প্রভাতং জাতং। তথা হি—

মোহান্ধকারমবধুয় বিকল্পনিদ্রা-

তেঽন্ধকারাদৌ কিমুৎসারিতমিতি সম্ভাবনাস্ত বস্ত্রাদৌ স্যূতং কিং স্বিতি সম্ভাবনা বিসর্পিতে বাল্যাদৌ বিসর্পিতং তু কিমিদমিতি সম্ভাবনা একপদার্থেঽপরপদার্থভ্রমরূপা কিঞ্চিন্নু বা কিঞ্চনেতি সম্ভাবনা সা চ স্থাণাবয়ং নু পুরুষ ইত্যেবমাদিরূপা ত্রৈলোক্যমেবং বিতর্কপদবীং ন সমারোহতি সর্ব্বপদার্থাদ্বৈতভাবনে কিমপি কিঞ্চিত্বেন ন ভাসত ইত্যর্থঃ। *

মোহান্ধকারমিতি। কোঽপি মম বোধরূপস্তুষাররশ্মিশ্চন্দ্রোঽজনি কিং

উদিত হইয়াছে, কি অপসারিত হইয়াছে, কি গ্রথিত হইয়াছে, ইত্যাদিরূপে কোনরূপ সংশয়ই থাকে না। তখন সর্ব্বপদার্থই ব্রহ্মস্বরূপ বলিয়া জ্ঞান হয়। (পরিক্রমণ করিয়া) এই পুরুষ বিদ্যমান আছেন, তবে ইহাঁর নিকটেই গমন করি। (সমীপে উপস্থিত হইয়া) ভগবন্‌! এই প্রবোধচন্দ্র উপস্থিত হইয়াছি, আপনাকে অভিবাদন করি।

পুরুষ। (শ্লাঘাসহকারে) বৎস! এস, আমাকে আলিঙ্গন কর।

প্রবোধ। (পুরুষকে আলিঙ্গন করিলেন।)

পুরুষ। (প্রবোধকে আলিঙ্গন করিয়া সহর্ষে) আহা! কি আশ্চর্য্য! অদ্য অন্ধকাররাশি বিদূরিত করিয়া প্রভাত হইল। কারণ প্রবোধচন্দ্র মোহান্ধকার

মুম্মুথ্য কোঽপ্যজনি বোধতুষাররশ্মিঃ।
শ্রদ্ধাবিবেকমতিশান্তিযমাদি যেন
বিষ্ণ্বাত্মকং স্ফুরতি বিষ্ণুরহং স এষঃ॥ *

তৎ সর্ব্বথা কৃতকৃত্যোঽস্মি ভগবত্যা বিষ্ণুভক্ত্যাঃ প্রসাদাৎ। সোঽহমিদানীম্—

সঙ্গং ন কেনচিদুপেত্য কমপ্যপৃচ্ছন্
গচ্ছন্নতর্কিতফলাং বিদিশং দিশং বা।
শান্তো ব্যপেতভয়শোককষায়মোহঃ
সায়ংগৃহো মুনিরহং ভবিতাস্মি সদ্যঃ॥ †

কৃত্বা মোহরূপম্ অন্ধকারমবধূয় স্বসহজয়া বিদ্যয়া তদ্গ্রসনমেব তদবধূননং বোধ্যং বিকল্পস্তৎপদার্থেষু তত্তদ্বিশিষ্টজ্ঞানং জাগ্রৎস্বরূপং তাদৃশীং নিদ্রাং স্বপ্নমুন্মথ্যানেন বোধোদয়েন হেতুনা শ্রদ্ধাদিকং বিষ্ণ্বাত্মকং স্ফুরতি অহমপি স এষ বিষ্ণুঃ। *

সঙ্গং ন কেনচিদিতি। সোঽহমিদানীং কেনচিৎ সহ সঙ্গং নোপেত্য কমপ্যপৃচ্ছন্নতর্কিতফলাম্ অসম্ভাবিতফলাং দিশং বিদিশং বা গচ্ছন্ শান্তো ব্যপেতভয়াদিঃ সায়ংগৃহঃ সায়ংকালগৃহীতনিবাসস্থানো মুনিরহং ভবিতাস্মীত্যর্থঃ। শোককষায়মোহ ইত্যত্র কষায়ঃ ক্রোধঃ। †

বিদূরিত করিয়া বিকল্পরূপ নিদ্রা অপসারণপূর্ব্বক সমুদিত হইয়াছেন। ইহাতে শ্রদ্ধা, বিবেক, মতি, শান্তি ও যমাদি সকলেই বিষ্ণুরূপে প্রকাশিত হইতেছে এবং আমিও বিষ্ণুস্বরূপ হইলাম; সুতরাং আমি এখন সর্ব্বপ্রকারেই কৃতকার্য্য হইয়াছি। ভগবতী বিষ্ণুভক্তির প্রসাদে আমি এইক্ষণ সর্ব্বসঙ্গপরিত্যাগ করিয়াছি, কাহাকেও কোন বিষয় জিজ্ঞাসা করি না, সকল প্রত্যাশা পরিত্যাগ করিয়া বিনাফলোদ্দেশে দিক্‌বিদিক্ গমন করিতেছি; যেহেতু ভয়, শোক, ক্রোধ, মোহ সমস্তই দূরীভূত হইয়াছে। মুনিগণ যেমন সায়ংকালীন নিবাসস্থান আশ্রয় করিয়া নিশ্চিন্ত হয়েন, সম্প্রতি আমিও সেইরূপ হইলাম।

(প্রবিশ্য বিষ্ণুভক্তিঃ সহর্ষমুপসৃত্য।)

চিরেণাস্মাকং সম্পন্না মনোরথাঃ যেন প্রশান্তারাতিং ভবন্তমালোকয়ামি।

পুরু। দেব্যাঃ প্রসাদাৎ কিং নাম দুর্লভমিতি। (পাদয়োঃ পততি।)

বিষ্ণু। (পুরুষমুত্থাপয়ন্তী) উত্তিষ্ঠ বৎস! কিন্তে ভূয়ঃ প্রিয়মুপকরোমি?

পুরু। ভগবতি! অতঃপরং ন মে প্রিয়মস্তি। যতঃ—

প্রশান্তারাতিরগমদ্বিবেকঃ কৃতকৃত্যতাম্।
নীরজস্কে সদানন্দে স্বে পদেঽহং নিবেশিতঃ॥*

তথাপ্যেতদস্তু।

প্রশান্তারাতিরিত্যাদি। নীরজস্কে নির্ম্মলে স্বে পদে স্থানে নিবেশিতোঽভিষিক্তীকৃতঃ ভেদবুদ্ধিব্যুদাসাদিতি ভাবঃ।*

(বিষ্ণুভক্তির প্রবেশ।)

বিষ্ণু। (সহর্ষে আগমন করিয়া) চিরকালের পর আমাদিগের মনোরথ সুসম্পন্ন হইল। যেহেতু শত্রুবর্গ পরাজিত হইয়াছে, এইক্ষণ তোমাকে নিঃসপত্ন দেখিতেছি।

পুরুষ। দেবীর অনুগ্রহ থাকিলে কিছুই দুর্লভ থাকে না। (বিষ্ণুভক্তির পাদদ্বয়ে পুরুষের পতন।)

বিষ্ণু। (পুরুষকে উত্থাপিত করিয়া) বৎস! গাত্রোত্থান কর। তোমার আর কি প্রিয় কার্য্য করিব?

পুরুষ। ভগবতি! অতঃপর আমার প্রিয়তর কার্য্য আর কিছুই নাই। যেহেতু বিবেক অরাতিবর্গ বিনিপাতিত করিয়া কৃতকার্য্য হইয়াছে, আমিও নির্ম্মল সদানন্দপদে নিবেশিত হইয়াছি। অতএব এইক্ষণে এইমাত্র প্রার্থনা

পর্জ্জন্যোঽস্মিন্ জগতি মহতীং বৃষ্টিমিষ্টাং বিধত্তাং
রাজানঃ ক্ষ্মাং শমিতবিবিধোপপ্লবাঃ পালয়ন্তু।
তদ্বোধোন্মেষাদপহততমস্ত্বৎপ্রসাদান্মহান্তঃ
সংসারাব্ধিং বিষয়মমতাতঙ্কপঙ্কং তরন্তু ॥ *

[ইতি নিষ্ক্রান্তাঃ সর্ব্বে।

ইতি শ্রীকৃষ্ণমিশ্রবিরচিতে প্রবোধচন্দ্রোদয়নাটকে
জীবন্মুক্তির্নাম ষষ্ঠোঽঙ্কঃ সমাপ্তঃ ॥ ৬ ॥

তথাপ্যেতদস্ত্বিতি। এতচ্চ সর্ব্বনাটকানামন্তে প্রকৃতবক্তৃক্রমপি নট-ক্রিয়মাণসভাশীর্ব্বাদরূপং বোধ্যম্। অস্মিন্ জগতি পর্জ্জন্যো মেঘ ইষ্টাং মহতীং বৃষ্টিং বিধত্তাং জনয়তু শমিতো নাশিতো লোকানাং বিবিধ উপপ্লবো যৈস্তাদৃশা রাজানঃ ক্ষ্মাং পৃথিবীং পালয়ন্তু মহান্তো যোগিনস্ত্বৎপ্রসাদাৎ তদ্বো-ধোন্মেষাদপহততমো যথা স্যাত্তথা সংসারাব্ধিং তরন্তু কীদৃশং মমতাতঙ্কাবেব পঙ্কো যত্র তাদৃশম্। *

ইতি শ্রীমহেশ্বরন্যায়ালঙ্কারভট্টাচার্য্যকৃতায়াং প্রবোধচন্দ্রোদয়-টীকায়াং গ্রন্থসমাপকষষ্ঠাঙ্কবিবরণং ॥ ৬ ॥

যে, এই জগতে মেঘ অভিলষিত বৃষ্টি উৎপাদন করুক্, রাজগণ বিবিধ উপপ্লব বিনাশ করিয়া নির্ব্বিঘ্নে পৃথিবীপালন করুন্। যোগীন্দ্রগণ তোমার অনুগ্রহে তত্ত্বজ্ঞানোদয়ে অজ্ঞানান্ধকার বিনাশিত করিয়া মমতা ও আতঙ্ক-রূপ পঙ্কপরিপূর্ণ সংসারসাগরের পারে গমন করুন্।

[সকলের প্রস্থান।

ইতি ষষ্ঠ অঙ্ক সমাপ্ত ॥ ৬ ॥

ইতি প্রবোধচন্দ্রোদয়নাটক সম্পূর্ণ ॥

বিশেষ দ্রষ্টব্য।

আমার অনুমতিপত্র ব্যতিরেকে যদ্যপি কোন মহাত্মা কোন রঙ্গভূমিতে আমার প্রকাশিত "প্রবোধচন্দ্রোদয়" নাটক অভিনয় করেন, তাহাহইলে "মুদ্রাঙ্কণবিধি" অনুসারে রাজসরকারে দণ্ডার্হ হইবেন।

উপনিষৎকার্য্যালয়।
১৪১ নং, বারাণসী ঘোষের ষ্ট্রীট্;
যোড়াসাঁকো; কলিকাতা।

শ্রীমহেশচন্দ্র পাল,
সম্পাদক।

শ্রীশ্রীগুরবে নমঃ ॥

তত্ত্বোপদেশঃ।

শ্রীমচ্ছঙ্করোক্তিঃ।

তত্ত্বং পদার্থশুদ্ধ্যর্থং গুরুঃ শিষ্যং বচোঽব্রবীৎ।
বাক্যে তত্ত্বমসীত্যত্র ত্বং পদার্থং বিবেচয় ॥ ১ ॥
ন ত্বং দেহোঽসি দৃশ্যত্বাৎ উপজাত্যাদিমত্ত্বতঃ।

শ্রীমচ্ছঙ্করাচার্য্য ভূতভাবন ভগবান্ মহেশ্বরকর্ত্তৃক সংস্কৃত ও আদিষ্ট হইয়া দিগ্বিজয়কালে রেবাস্রোতস্বতী-তীরবর্ত্তিনী মাহিষ্মতীনাম্নী নগরাধিপতি কর্ম্মযাজি শ্রীমণ্ডলমিশ্রকে বেদগম্ভীরার্থবিচারে পরাভবকরণানন্তর নিজ শিষ্যত্বে গ্রহণপূর্ব্বক তত্ত্বোপদেশ দিবার উপলক্ষে যে "তত্ত্বমসি" বাক্য বিধিবৎ শ্রবণ করাইয়াছিলেন, তাহাই ব্যাখ্যা হইতেছে।—ভগবান্ শঙ্করাচার্য্য স্বীয় শিষ্য মণ্ডলমিশ্রকে তত্ত্বং পদার্থ পরিজ্ঞাপনার্থ বলিতেছেন, হে শিষ্য! যদি তোমার তত্ত্বং পদার্থ পরিজ্ঞানের ইচ্ছা থাকে, তাহাহইলে "তত্ত্বমসি" এই বাক্যের অন্তর্গত ত্বং পদার্থ বিবেচনা কর। "তত্ত্বমসি" এই বাক্যে তৎ, ত্বং ও অসি এই তিনটি পদ আছে; সুতরাং উক্তপদত্রয়বিশিষ্ট "তত্ত্বমসি" বাক্যের অর্থ বিচার করিলেই তত্ত্বং পদার্থ পরিজ্ঞাত হইবে। ১।

প্রথম ত্বং পদের অর্থ বিবেচনা কর; ত্বং শব্দে তুমি, তুমি কে? এই যে স্থূল দেহ দেখা যায়, ইহা ত্বং শব্দের অর্থ নহে; যেহেতু দেহ দৃশ্য, যিনি ত্বং-পদপ্রতিপাদ্য, তিনি দৃশ্য নহেন; আর এই দেহ জাতিমান্, "এই মনুষ্য, এই

ভৌতিকত্বাদশুদ্ধত্বাদনিত্যত্বাত্তথৈব চ ॥ ২ ॥
অদৃশ্যো রূপহীনস্ত্বং জাতিহীনোপ্যভৌতিকঃ।
শুদ্ধনিত্যোঽসি দৃগ্রূপো ঘটো যদ্বন্ন দৃগ্ভবেৎ ॥ ৩ ॥
ন ভবান্নিন্দ্রিয়াণ্যেষাং করণত্বেন যা শ্রুতিঃ।
প্রেরকস্ত্বং পৃথক্ তেভ্যো ন কর্ত্তা করণং ভবেৎ ॥ ৪ ॥
নানৈতান্যেকরূপস্ত্বং ভিন্নস্তেভ্যঃ কুতঃ শৃণু।

পশু" ইত্যাদিরূপে দেহেরই জাতিব্যবহার হইয়া থাকে, বিশেষতঃ এই দেহ ভৌতিক, অশুদ্ধ ও অনিত্য। যিনি ত্বং-পদবাচ্য, তিনি জাতিমান্, ভৌতিক, অশুদ্ধ অথবা অনিত্য নহেন; সুতরাং কোনরূপেই দেহ ত্বং-পদপ্রতিপাদ্য হইতে পারে না ॥ ২ ॥

যিনি ত্বং-পদপ্রতিপাদ্য, তিনি অদৃশ্য, যেহেতু তাঁহার রূপ নাই; সুতরাং তাঁহাকে কেহ দেখিতেও পায় না। তাঁহার জাতি নাই, তিনি ভৌতিক পদার্থ নহেন, অথবা শুদ্ধ ও নিত্য, অর্থাৎ তাঁহার কোনরূপ বিকার নাই, বা বিনাশ নাই। যে পদার্থ দৃশ্য, তাহা কখনই দ্রষ্টা হয় না এবং যাহা দ্রষ্টা, তাহা কখন দৃশ্য হয় না। যেমন ঘটাদি পদার্থকে সকলেই দেখিতে পায়, কিন্তু সেই ঘটাদি পদার্থ কখনই দর্শন করিতে পারে না। সেইরূপ ত্বং পদার্থ দ্রষ্টা, তাহা দৃশ্য নহে ॥ ৩ ॥

পূর্ব্বোক্তপ্রকারে স্থূলশরীর নিরাস করিয়া এক্ষণে সূক্ষ্মদেহও যে ত্বং-পদ-প্রতিপাদ্য নহে, তাহাই প্রতিপাদন করিতেছেন।—ইন্দ্রিয়াদি সূক্ষ্মশরীর ত্বং-পদবাচ্য নহে, যেহেতু শ্রুতিতে ইন্দ্রিয়াদি করণ বলিয়া উক্ত আছে। ত্বং-পদপ্রতিপাদ্যই কর্ত্তা, করণ নহে। যিনি কর্ত্তা, তিনি কখন করণ হইতে পারেন না। তুমি ইন্দ্রিয়াদি করণ হইতে পৃথক্ এবং তুমিই সেই ইন্দ্রিয়াদি করণের প্রেরক। অতএব সূক্ষ্মদেহকে ত্বং-পদপ্রতিপাদ্য বলা যায় না ॥ ৪ ॥

ইন্দ্রিয়াদি করণ নানাপ্রকার। তুমি একরূপ; সুতরাং এই সকল করণরূপ ইন্দ্রিয় হইতে তোমার পার্থক্য স্পষ্ট প্রতীয়মান হয়। সর্ব্বস্থলেই

ন চৈকেন্দ্রিয়রূপস্ত্বং সর্ব্বত্রাহং প্রতীতিতঃ ॥ ৫ ॥
ন তেষাং সমুদায়োসি তেষামন্যতমস্য চ।
বিনাশেপ্যাত্মধীস্তাবদস্তি স্যান্নৈবমন্যথা ॥ ৬ ॥
প্রত্যেকমপি তান্যাত্মা নৈব তত্র নয়ং শৃণু।
নানাস্বামিকদেহোয়ং নশ্যেদ্ভিন্নমতাশ্রয়ঃ ॥ ৭ ॥
নানাত্মাভিমতং নৈব বিরুদ্ধবিষয়ত্বতঃ।

"অহং" এইরূপ প্রতীতি হইয়া থাকে। ইহাতে সবিশেষ জানা যাইতেছে যে, তুমি অনেক নহে; সুতরাং যে বস্তু অনেক নহে, তাহা কখনও অনেক হইতে পারে না॥ ৫ ॥

যদি বল, ইন্দ্রিয় অনেক বিধায় তাহা ত্বং-পদপ্রতিপাদ্য নহে; কিন্তু ইন্দ্রিয় সমুদায়ত অনেক নহে। অতএব ইন্দ্রিয় সমুদায়ই ত্বং-পদপ্রতিপাদ্য হউক্, কিন্তু তাহাও নহে। যেহেতু ইন্দ্রিয়সমুদায়ের মধ্যে একটীর বিনাশ হইলে সেই ব্যক্তির বিনাশ হয় না। যদি ইন্দ্রিয় সমুদায়ই ত্বং-পদপ্রতিপাদ্য হইত, তাহাহইলে একটী ইন্দ্রিয়ের বিনাশে "অহং" এইরূপ প্রতীতি হইতে পারিত না ॥ ৬ ॥

পূর্ব্বশ্লোকে উক্ত হইয়াছে যে, ইন্দ্রিয়সমষ্টি ত্বং-পদপ্রতিপাদ্য (আত্মা) নহে; তবে এইক্ষণ ইন্দ্রিয়গণের প্রত্যেককে আত্মা বলি, কিন্তু তাহাও নহে, অতএব এই বিষয়ে যুক্তি শ্রবণ কর।—এই দেহ নানাস্বামিক, মনঃ, বুদ্ধি, অহঙ্কার, ইন্দ্রিয়, ইহারা সকলই দেহের স্বামীস্বরূপ। সেই সকল মনঃ বুদ্ধি-প্রভৃতিরও ঐক্য নাই। কারণ এক ইন্দ্রিয়ের একদিকে গতি হইলে অন্য ইন্দ্রিয় অন্যদিকে গমন করে এবং উক্ত দেহ নানাপ্রকারে বিনষ্ট হইয়া থাকে। আর আত্মা সত্ত্বেও ইন্দ্রিয়গণের বিনাশ দৃষ্ট হয়। অতএব যখন ইন্দ্রিয়গণকে সর্ব্বতোভাবে বিভিন্ন দেখা যাইতেছে, তখন সেই সকল ইন্দ্রিয়কে পৃথক্ পৃথক্‌রূপেও আত্মা বলা যায় না। বিশেষতঃ এক ইন্দ্রিয়ের বিদ্যমান দশাতেও অন্য ইন্দ্রিয়ের বিনাশ দেখা যায়; সুতরাং এক একটি ইন্দ্রিয়ও আত্মা নহে ॥ ৭ ॥

বিরুদ্ধবিষয়তাপ্রযুক্ত আত্মার নানাত্বস্বীকার করা যায় না, পূর্ব্বে আত্মা

স্বাম্যৈক্যে তু ব্যবস্থা স্যাদেকপার্থিবদেশবৎ ॥ ৮ ॥
ন মনস্ত্বং ন বা প্রাণো জড়ত্বাদেব চৈতয়োঃ।
গতমন্যত্র মে চিত্তমিত্যন্যত্বানুভূতিতঃ ॥ ৯ ॥
ক্ষুত্তৃড়্ভ্যাং পীড়িতঃ প্রাণো মমায়ং চেতি ভেদতঃ।
তয়োর্দ্রষ্টা পৃথক্ তাভ্যাং ঘটদ্রষ্টা ঘটাদ্যথা ॥ ১০ ॥
সুপ্তৌ লীনাস্তি যা বোধে সর্ব্বং ব্যাপ্নোতি দেহকং।
চিচ্ছায়য়া চ সম্বন্ধা ন সা বুদ্ধি ভবান্ দ্বিজ ॥ ১১ ॥

এক বলিয়া প্রতিপন্ন হইয়াছে, এখন তাহাকে কি বলিয়া নানা বলি ; কারণ একত্ব ও নানাত্ব ইহারা পরস্পর বিরুদ্ধ ধর্ম্ম। বাস্তবিক একমাত্র আত্মাই এই দেহের স্বামী, ইন্দ্রিয়গণ সেই আত্মারই অধীন। যেমন এই পৃথিবীর রাজা এক হইলেও তাহার অধীনস্থ অনেক রাজা আছে, সেইরূপ আত্মাই দেহের স্বামী, ইন্দ্রিয়াদিরা সেই আত্মার অধীন ॥ ৮ ॥

মন বা প্রাণ ইহারা কেহই ত্বং-শব্দ-প্রতিপাদ্য নহে। যেহেতু উহারা উভয়ই জড়। বিশেষতঃ "আমার মন অন্যত্র গমন করিতেছে" এইরূপ প্রতীতি সর্ব্বদাই হইয়া থাকে। ইহাতেই মন ও আমি এই দুই পদার্থ যে বিভিন্ন, তাহা বিশেষরূপ জানা যায় ; সুতরাং মন ও আত্মা এক পদার্থ নহে। অতএব মনকে ত্বং-পদপ্রতিপাদ্য (আত্মা) বলা যায় না ॥ ৯ ॥

"আমার প্রাণ ক্ষুধা ও তৃষ্ণাতে পরিপীড়িত হইতেছে" এই প্রকার প্রতীতি সর্ব্বদা হইয়া থাকে। ইহাদ্বারা জানা যায় যে, আত্মা প্রাণ হইতে পৃথক্ ; সুতরাং প্রাণকে আত্মা বলিয়া স্বীকার করা যায় না। অতএব মন ও প্রাণ উভয়ের দ্রষ্টা কেহ আছে, সেই দ্রষ্টা মন বা প্রাণ নহে। যেমন ঘটের দ্রষ্টা ও ঘট এই উভয় এক নহে, সেইরূপ মন ও প্রাণের দ্রষ্টা এবং মন ও প্রাণ ইহারা এক হইতে পারে না ॥ ১০ ॥

হে দ্বিজ ! বুদ্ধিও ত্বং-পদবাচ্য নহে। কারণ যে বুদ্ধি সুষুপ্তিকালে লীন থাকে এবং জাগ্রৎ অবস্থায় সমুদয় দেহ আশ্রয় করে, এই বুদ্ধিই সেই চিন্ময়ের

নানারূপবতী বোধে সুপ্তৌ লীনাতিচঞ্চলা।
যতো দৃগেকরূপস্ত্বং পৃথক্ তস্য প্রকাশকঃ॥ ১২॥
সুপ্তৌ দেহাদ্যভাবেপি সাক্ষী তেষাং ভবান্ যতঃ।
স্বানুভূতিস্বরূপত্বাত্মাস্তস্যাস্তি ভাসকঃ॥ ১৩॥
প্রমাণং বোধয়ন্তস্তং বোধং মানেন যে জনাঃ।
বুভুৎসন্তে তে এধোভির্দ্দগ্ধুং বাঞ্ছন্তি পাবকং॥ ১৪॥
বিশ্বমাত্মানুভবতি তেনাসৌ নানুভূয়তে।

সহিত মিলিত থাকে; অতএব বুদ্ধি আত্মা নহে। যদি বুদ্ধি আত্মা হইত, তাহাহইলে তাহার অবস্থাভেদ হইত না॥ ১১॥

এইক্ষণ ত্বং-পদপ্রতিপাদ্য, অর্থাৎ তুমি কে? তাহা নিরূপণ করিতেছেন।—বুদ্ধি চঞ্চল, অর্থাৎ নানাপ্রকার রূপধারণ করে। সেই বুদ্ধি জাগ্রৎকালে নানাপ্রকার হয় এবং সুষুপ্তিকালে তাহা বিলীন থাকে। তুমি সেই বুদ্ধির দ্রষ্টা, অর্থাৎ তুমিই বুদ্ধিকে বিষয়ে নিয়োজিত করিয়া তাহার নানারূপ উৎপাদন করিয়া থাক। বুদ্ধির চাঞ্চল্য, নানারূপ ও বিলীনতা এই সকল তুমি দেখিতেছ; সুতরাং তুমিই সেই বুদ্ধি হইতে পৃথক্॥ ১২॥

ইতিপূর্ব্বে সূক্ষ্ম শরীর নিরাস করিয়া এইক্ষণ কারণশরীর নিরাস করিতেছেন।—সুষুপ্তিকালে এবং দেহাদির অভাবেও তুমি তাহার সাক্ষীস্বরূপে বিদ্যমান থাক, যেহেতু সুষুপ্তি ও দেহাদির অভাব তোমারই অনুভূত হয়; সুতরাং তুমি তাহাদিগের অবভাসক। তুমি ভিন্ন উহাদের প্রকাশক আর কেহ নাই॥ ১৩॥

বুদ্ধিই প্রমাণ জানিতে পারে, কিন্তু প্রমাণদ্বারা কখনই বুদ্ধি পরিজ্ঞাত হয় না। যাঁহারা বলেন, প্রমাণদ্বারা বোধ হইয়া থাকে, তাঁহারা নিতান্ত ভ্রান্ত; কারণ তাহাদিগের মতে কাষ্ঠ অগ্নিকে দগ্ধ করিতে পারে। যেমন আমরা দেখিতেছি, অগ্নিই কাষ্ঠ দগ্ধ করে, কিন্তু কাষ্ঠ কখনও অগ্নিকে দগ্ধ করিতে পারে না, সেইরূপ প্রমাণদ্বারা কখনও বুদ্ধি উৎপন্ন হয় না॥ ১৪॥

আত্মাই এই বিশ্ব অনুভব করিতেছেন, কখনও বিশ্ব আত্মাকে অনুভূত

বিশ্বং প্রকাশয়ত্যাত্মা তেনাসৌ ন প্রকাশতে ॥ ১৫ ॥
ঈদৃশং তাদৃশং নোয়ং ন পরোক্ষং সদেব যৎ।
তদ্‌ব্রহ্ম ত্বং ন দেহাদিদৃশ্যরূপোসি সর্ব্বদৃক্ ॥ ১৬ ॥
ইদন্ত্বেনৈব যদ্ভাতি সর্ব্বং তচ্চ নিষিধ্যতে।
অবাচ্যতত্ত্বমনিদং ন বেদ্যং স্বপ্রকাশতঃ ॥ ১৭ ॥
সত্যং জ্ঞানমনন্তঞ্চ ব্রহ্মলক্ষণমুচ্যতে।

করিতে পারে না। আত্মা এই অনন্ত বিশ্বকে প্রকাশ করিতেছেন, কিন্তু সেই অনন্ত বিশ্ব কখনই আত্মাকে প্রকাশ করিতে পারে না। ইহাদ্বারা প্রতিপন্ন হইতেছে যে, যিনি এই অসীম ব্রহ্মাণ্ডের প্রকাশ করিতেছেন, তিনিই আত্মা এবং সেই আত্মাই তুমি ॥ ১৫ ॥

যিনি সৎ, যাঁহাকে "এইরূপ সেইরূপ" বলিয়া নির্ণয় করা যায় না এবং যিনি পরোক্ষ নহেন, অর্থাৎ যাঁহাকে কোন ইন্দ্রিয়দ্বারা গ্রহণ করা যায় না, সেই ব্রহ্মই তুমি। তুমি সকলের দ্রষ্টা, কিন্তু তুমি দেহাদির ন্যায় দৃশ্য নহ, অর্থাৎ তোমাকে কেহই দেখিতে পায় না। যেহেতু সম্মুখস্থিত বস্তুই লোকে দেখিতে পায়, পরোক্ষপদার্থ কখনও দৃষ্টিগোচর হয় না। অতএব তুমি পরোক্ষ, এই নিমিত্ত কেহই তোমাকে দেখিতে পায় না ॥ ১৬ ॥

যে সকল বস্তু আপন হইতে পৃথক্, অথচ সম্মুখে উপস্থিত, তাহারাই ইদং শব্দবাচ্য, অর্থাৎ সম্মুখস্থিত পদার্থই "এইরূপ" শব্দে নির্দ্দিষ্ট হইয়া থাকে; সুতরাং সম্মুখস্থিত পদার্থ তুমি নও, কারণ সে সমুদায়ই তোমা হইতে পৃথক্। যে সকল পদার্থকে "এইরূপ" শব্দে উল্লেখ করা যায়, সেই সমুদায়কে তোমার স্বরূপ বলা যায় না এবং তোমাকেও "এইরূপ" শব্দে নির্দ্দেশ করা যায় না। বিশেষতঃ তুমি স্বপ্রকাশক; সুতরাং সকলের অবেদ্য, অর্থাৎ তুমি স্বয়ং পরিজ্ঞাত না হইলে কেহ তোমাকে জানিতে পারে না ॥ ১৭ ॥

এই তটস্থলক্ষণা দেখাইয়া স্বরূপলক্ষণ কহিতেছেন।—কোন একটি উপলক্ষদ্বারা লক্ষ্যকথনকে তটস্থ লক্ষণা বলা যায়। যেমন কাকদৃষ্টে গৃহ নির্ণয় হয়, কিন্তু কাক ও গৃহের পরস্পর কোন সম্বন্ধ নাই; কারণ কাক উড়িয়া

সত্যত্বাৎ জ্ঞানরূপত্বাদনন্তত্বাত্ত্বমেব হি ॥ ১৮ ॥
সতি দেহাদ্যুপাধৌ স্যাজ্জীবস্তস্য নিয়ামকঃ।
ঈশ্বরঃ শক্ত্যুপাধিত্বাদ্দ্বয়োর্ব্বাধে স্বয়ংপ্রভঃ ॥ ১৯ ॥
অপেক্ষ্যতেখিলৈর্ম্মানৈর্নয়নং মানমীক্ষতে।
বেদবাক্যং প্রমাণং তৎ ব্রহ্মাত্মাবগতৌ মতং ॥ ২০ ॥

গেলে সেই গৃহ সেইরূপই থাকে। কাক দৃষ্টে যে গৃহের নির্ণয় হইয়া থাকে, ইহাকেই তটস্থা লক্ষণা বলে। এইরূপে বুদ্ধির সাক্ষী জগৎপ্রকাশক, সৃষ্টি-স্থিতিপ্রলয়ের কর্ত্তা ব্রহ্মকেও তটস্থলক্ষণাদ্বারা জানা যাইতে পারে। যিনি সত্য, জ্ঞানময়, অনন্ত, তিনিই ব্রহ্ম। তুমিও সত্যত্ব, জ্ঞানময়ত্ব এবং অনন্তত্ব-হেতু সেই ব্রহ্মস্বরূপ। ব্রহ্মেতে যে সত্যত্বজ্ঞানময়ত্বাদি লক্ষণ আছে, তাহা তোমাতেও রহিয়াছে; সুতরাং তুমিও ব্রহ্মস্বরূপ ॥ ১৮ ॥

পূর্ব্বোক্তপ্রকারে ত্বং ও ব্রহ্মের একত্ব প্রতিপাদিত হইলেও জীব ও ঈশ্বর এই উভয়ের পরস্পর বিরুদ্ধ ধর্ম্মপ্রযুক্ত কিরূপে তাহাদের ঐক্য হইতে পারে? এই আশঙ্কা নিবারণার্থ জীব ও ঈশ্বরের উপাধিভেদ কহিতেছেন।—একমাত্র চৈতন্যই সদ্বস্তু, জীব সেই চৈতন্যের নিয়ামক; দেহাদি সেই জীবের উপাধি। ঈশ্বরের উপাধি মায়া, তিনি সেই মায়ার নিয়ামক। অতএব যিনি শরীরাদি উপাধিবিশিষ্ট, তিনিই জীব এবং যিনি মায়াদি উপাধিবিশিষ্ট, তিনিই ঈশ্বর। এই দুই উপাধিদ্বারাই জীব ও ঈশ্বরের পৃথক্‌জ্ঞান হইয়া থাকে। যখন সেই পঞ্চকোশময় শরীররূপ জীবোপাধি এবং মায়ারূপ ঈশ্বরোপাধির বোধ হইয়া থাকে, তখনই সেই উভয় উপাধির প্রকাশক একমাত্র স্বপ্রকাশমান চৈতন্যস্বরূপ পরব্রহ্ম প্রকাশ পায়েন ॥ ১৯ ॥

বেদবাক্যদ্বারাই উপাধির বাধ হইয়া ব্রহ্মের জ্ঞান হইয়া থাকে, ইহার অন্যথা হয় না। অন্য অন্য লৌকিকজ্ঞানে নয়নাদি অপেক্ষা করে। কিন্তু লৌকিক বস্তুর পরিজ্ঞানে যেমন নয়নাদি কারণ, সেইরূপ ব্রহ্মাত্মাপরিজ্ঞানে প্রত্যক্ষ একমাত্র বেদবাক্যই প্রধান কারণ। লৌকিক বস্তুসকল নয়নাদিদ্বারা প্রত্যক্ষ করিয়া তদ্বিষয়ের জ্ঞানলাভ করা যায়, কিন্তু ব্রহ্ম কখনও নয়নাদিদ্বারা

অতোহি তত্ত্বমস্যাদিবেদবাক্যপ্রমাণতঃ।
ব্রহ্মণোঽস্তি যয়া যুক্ত্যা সম্যগস্মাভিঃ কীর্ত্যতে ॥ ২১ ॥
শোধিতে ত্বং পদার্থে হি তত্ত্বমস্যাদি চিন্তিতং।
সম্ভবেন্নান্যথা তস্মাচ্ছোধনং কৃতমাদিতঃ ॥ ২২ ॥
দেহেন্দ্রিয়াদিধর্ম্মান্যঃ স্বাত্মন্যারোপয়ন্ মৃষা।
কর্ত্তৃত্বাদ্যভিমানী চ বাচ্যার্থস্ত্বং পদস্য চ ॥ ২৩ ॥

প্রত্যক্ষীভূত হয়েন না; সুতরাং তাঁহার পরিজ্ঞানবিষয়ে একমাত্র বেদবাক্য-ভিন্ন অন্য উপায় নাই। বেদবাক্যাদিদ্বারা যে ব্রহ্মের পরিজ্ঞান হয়, তাহাই ত্বং-শব্দপ্রতিপাদ্য, অর্থাৎ "তুমি" ॥ ২০ ॥

পূর্ব্বোক্তপ্রকারে ত্বং পদার্থ প্রতিপাদন করিয়া এক্ষণে ব্রহ্মপদার্থ প্রতি-পাদন করিতেছেন।—"তত্ত্বমসি"প্রভৃতি বেদবাক্যপ্রমাণে ও যুক্তিদ্বারা যেরূপে ব্রহ্মপদার্থের পরিজ্ঞান হইয়া থাকে, এইক্ষণ তাহাই বিশেষরূপে কীর্ত্তিত হই-তেছে, অর্থাৎ "তত্ত্বমসি" প্রভৃতি বেদবাক্যার্থ নির্ণয় ও যুক্তিপ্রদর্শনপূর্ব্বক সম্যক্‌রূপে ব্রহ্মপদার্থ প্রতিপাদন করিতেছেন ॥ ২১ ॥

"তত্ত্বমসি" এই বাক্যার্থ নিরূপণ করিতে ত্বং পদার্থ পরিজ্ঞান আবশ্যক। বাক্যের অন্তর্গত শব্দসকল পরিজ্ঞাত না হইলে বাক্যার্থবোধ হয় না। এই নিমিত্তই প্রথমতঃ ত্বং পদার্থ নিরূপিত হইয়াছে। এইরূপে "তত্ত্বমসি" এই বাক্যের অন্তর্গত তৎ ও অসি এই শব্দদ্বয়ের অর্থ নিরূপিত হইয়া "তত্ত্ব-মসি" বাক্যের অর্থপরিজ্ঞান হইলেই ব্রহ্মপদার্থ পরিজ্ঞাত হইবে ॥ ২২ ॥

এক্ষণে ত্বং পদের বাক্যার্থনিরূপণ করিতেছেন।—যিনি ত্বং-শব্দপ্রতি-পাদ্য, তিনিই দেহ ও ইন্দ্রিয়াদি হইতে অতিরিক্ত। আত্মাতে উক্ত দেহ ও ইন্দ্রিয়াদি ধর্ম্মের মিথ্যা আরোপ করিয়া লোকসকল কর্ত্তৃত্বাদি অভি-মানী হয়। অজ্ঞানীরা "আমি কর্ত্তা, আমি ভোক্তা" ইত্যাদিরূপে শরী-রাদি উপাধিস্বীকার করিয়া অভিমানপ্রকাশ করে এবং সেই উপাধিও ধর্ম্মযুক্ত দেহাদিকে ত্বং পদের বাচ্যার্থরূপে জ্ঞান করে; অর্থাৎ মনুষ্যাদি শরীরকে ত্বং শব্দে নির্দ্দেশ করিয়া থাকে ॥ ২৩ ॥

দেহেন্দ্রিয়াদিসাক্ষী যস্তেভ্যো ভাতি বিলক্ষণঃ।
স্বয়ং বোধস্বরূপত্বাল্লক্ষ্যার্থস্ত্বং পদস্য সঃ॥ ২৪॥
বেদান্তবাক্যসম্বেদ্যবিশ্বাতীতাক্ষরাদ্বয়ং।
বিশুদ্ধং যৎ স্বসংবেদ্যং লক্ষ্যার্থস্তৎপদস্য সঃ॥ ২৫॥
সামান্যাধিকরণ্যং হি পদয়োস্তত্ত্বমোর্দ্বয়োঃ।
সম্বন্ধস্তেন বেদান্তৈর্ব্রহ্মৈক্যং প্রতিপদ্যতে॥ ২৬॥
ভিন্নপ্রবৃত্তিহেতুত্বে পদয়োরেকবস্তুনি।

এইক্ষণে ত্বং শব্দের লক্ষ্যার্থনিরূপণ করিতেছেন।—যিনি স্বয়ং বোধস্বরূপ, দেহ-ইন্দ্রিয়াদির সাক্ষী, অথচ দেহ-ইন্দ্রিয়াদি হইতে বিভিন্ন, তাঁহাকে ত্বং শব্দের লক্ষ্যার্থ বলিয়া নির্ণয় করা যায়। যেমন প্রদীপের প্রয়োজন হইলে অগ্নিশিখাকেই লোকে লক্ষ্য করিয়া থাকে, দীপাধার বর্ত্তিপ্রভৃতি লক্ষিত হয় না। সেইরূপ ত্বং পদার্থ নির্ণয় করিতে হইলে যিনি দেহেন্দ্রিয়াদির অতীত, তাঁহাকেই লক্ষ্য করিতে হয়॥ ২৪॥

ইতিপূর্ব্বে ত্বং পদের বাচ্যার্থ-লক্ষ্যার্থাদি নিরূপণ করিয়া এক্ষণ তৎপদের লক্ষ্যার্থ কহিতেছেন।—যিনি বেদবাক্যপ্রতিপাদ্য, এই অনন্তব্রহ্মাণ্ডের অতীত, নিশ্চল, অদ্বয়, বিশুদ্ধ, অর্থাৎ সর্ব্বপ্রকার বিকাররহিত আর যিনি স্বয়ং পরিজ্ঞেয় হয়েন, তিনিই তৎপদের লক্ষ্যার্থ; অর্থাৎ, সেই অদ্বিতীয় পরব্রহ্মই "তত্ত্বমসি" এই বাক্যান্তর্গত তৎশব্দপ্রতিপাদ্য॥ ২৫॥

ইতিপূর্ব্বে ত্বং ও তৎ এই উভয় পদের বাচ্যার্থ ও লক্ষ্যার্থ নিরূপণ করিয়া এইক্ষণ উভয় পদের লক্ষ্যার্থ সংগ্রহপূর্ব্বক, সম্বন্ধত্রয়দ্বারা তৎ ও ত্বং এই উভয় পদের ঐক্য প্রতিপাদনমানসে সম্বন্ধত্রয় নিরূপণ করিতেছেন।—তৎ ও ত্বং এই উভয়পদের সামানাধিকরণ্য সম্বন্ধ, এই সম্বন্ধদ্বারা তৎ ও ত্বং এই উভয় পদার্থের ঐক্যপ্রতিপাদনপূর্ব্বক বেদান্তশাস্ত্রে ব্রহ্মাত্মৈক্য প্রতিপাদন করিয়াছেন॥ ২৬॥

দুইটি পদ বিভিন্নার্থ হইলেও যদি সমানবিভক্তিক হইয়া এক বস্তুতে প্রবৃত্ত হয়, তাহাহইলে উক্ত পদদ্বয়ের যে ঐক্যরূপ সম্বন্ধ, তাহাকেই সামা-

বৃত্তিত্বং যত্ত্বর্থৈবৈক্যং বিভক্ত্যন্তকয়োস্তয়োঃ ॥ ২৭ ॥
সামানাধিকরণ্যং তৎ সম্প্রদায়িভিরীরিতং।
তথা পদার্থয়োরেব বিশেষণবিশেষ্যতা ॥ ২৮ ॥
অয়ং সঃ সোয়মিতিবৎ সম্বন্ধো ভবতি দ্বয়োঃ।
প্রত্যক্তাং সদ্বিতীয়ত্বপরোক্ষত্বঞ্চ পূর্ণতা ॥ ২৯ ॥
পরস্পরবিরুদ্ধং স্যাত্ততো ভবতি লক্ষণা।
লক্ষ্যলক্ষণসম্বন্ধপদার্থপ্রত্যগাত্মনোঃ ॥ ৩০ ॥

নাধিকরণ্য সম্বন্ধ বলে। যেমন "শুক্লবস্ত্র" এই স্থলে শুক্ল শব্দ ও বস্ত্র শব্দ একার্থপ্রতিপাদক নহে; কিন্তু উভয় শব্দই এক বস্তুতে প্রবৃত্ত হইয়াছে, সুতরাং এই স্থলে শুক্ল ও বস্ত্র এই উভয় শব্দের সম্বন্ধই সামানাধিকরণ্য বলিয়া প্রসিদ্ধ আছে ॥ ২৭ ॥

সম্প্রদায়িগণ, অর্থাৎ শাস্ত্রমীমাংসকেরা উক্তরূপ সম্বন্ধকে সামানাধিকরণসম্বন্ধ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন এবং উক্ত পদার্থদ্বয়কে বিশেষ্য ও বিশেষণ বলিয়া থাকেন। যে যে পদে সামানাধিকরণসম্বন্ধ থাকে, তাহাদিগের একটি বিশেষ্য ও অপরটি বিশেষণ বলিয়া ব্যবহৃত হয় ॥ ২৮ ॥

"অয়ং সঃ সোঽয়ং" অর্থাৎ এই সেই পদার্থ এবং সেই এই পদার্থ, ইত্যাদি-স্থলে "সেই" ও "এই" এই উভয় শব্দের বিশেষ্যবিশেষণতা আছে; অর্থাৎ "সেই" এই পদটি বিশেষণ এবং "এই" পদটি বিশেষ্য; কিন্তু উক্ত শব্দদ্বয়ই এক পদার্থে প্রবৃত্ত হইয়াছে। অতএব অপরোক্ষত্ব, পরোক্ষত্ব, সদ্বিতীয়ত্ব ও পূর্ণতা এই সকল পরস্পর বিরুদ্ধহেতু লক্ষণদ্বারা উপপত্তি করিতে হয়। "সেই এই" এস্থলে সেই পদার্থ পরোক্ষ এবং এই পদার্থ অপরোক্ষ উভয়ের ঐক্য করিতেছেন, কারণ কোনরূপ অর্থকৌশল না করিলে অর্থসুসঙ্গতি হইতে পারে না। "তৎ ত্বং" এস্থলেও তৎ পদার্থ পূর্ণ এবং ত্বং পদার্থ সদ্বিতীয়; সুতরাং উভয়ের ঐক্যরূপ অর্থসঙ্গতি অসম্ভব দেখা যায়। অতএব অর্থসঙ্গতির নিমিত্ত লক্ষণাস্বীকার করিতে হয় ॥ ২৯-৩০ ॥

মানান্তরোপরোধাচ্চ মুখ্যার্থস্যাপরিগ্রহে।
মুখ্যার্থস্য বিনা ভূতে প্রবৃত্তির্লক্ষণোচ্যতে ॥ ৩১ ॥
ত্রিবিধা লক্ষণা জ্ঞেয়া জহত্যজহতী তথা।
অন্যোভয়াত্মিকা জ্ঞেয়া তত্রাদ্যা নৈব সম্ভবেৎ ॥ ৩২ ॥
বাচ্যার্থমখিলং ত্যক্ত্বা বৃত্তিঃ স্যাদ্যা তদান্বিতে।
গঙ্গায়াং ঘোষ ইতিবজ্জহতী লক্ষণা হি সা ॥ ৩৩ ॥

যে স্থানে প্রমাণান্তরের উপরোধপ্রযুক্ত মুখ্যার্থের পরিগ্রহ হয় না, সেই-স্থানে অর্থের উপপত্তির নিমিত্ত শব্দার্থের অন্যাথাথ কল্পনা করিতে হয়, এইরূপ অর্থকল্পনার নাম লক্ষণা। যেমন "শুক্লবস্ত্র" এইস্থানে শুক্লশব্দে শুক্ল-গুণবিশিষ্ট অর্থকল্পনা করিতে হয়; সুতরাং শুক্লগুণবিশিষ্টরূপ অর্থপরিকল্পনাই লক্ষণা ॥ ৩১ ॥

লক্ষণা তিনপ্রকার ;—প্রথমলক্ষণার নাম জহৎস্বার্থা, দ্বিতীয়ের নাম অজ-হৎস্বার্থা এবং তৃতীয় লক্ষণার নাম জহৎ ও অজহৎ মিশ্রিত। উক্ত ত্রিবিধ লক্ষণার মধ্যে এস্থলে প্রথমা জহৎস্বার্থলক্ষণার সম্ভব হয় না, কারণ জহৎ শব্দের অর্থ ত্যাগ, তৎ, ত্বং শব্দের অর্থপ্রতিপাদনে কোনরূপ ত্যাগস্বীকার করিতে হয় না। উক্ত লক্ষণাত্রয়ের লক্ষণ ও বিশেষ বিবরণ পরে বিবৃত হইতেছে ॥ ৩২ ॥

যে স্থলে বাক্যার্থের অনুপপত্তিপ্রযুক্ত শব্দের প্রকৃত অর্থ পরিত্যাগ করিয়া অন্যার্থ পরিকল্পিত হয়, সেই স্থানেই জহৎস্বার্থলক্ষণা হইয়া থাকে। যেমন "গঙ্গাতে ঘোষ বাস করিতেছে" এইস্থলে জলপ্রবাহরূপ গঙ্গাতে ঘোষের বাস অসম্ভবপ্রযুক্ত গঙ্গাশব্দে গঙ্গাতীর অর্থ কল্পনা করা যায়। পরন্তু এস্থলে গঙ্গা-শব্দের জলপ্রবাহরূপ মুখ্যার্থ পরিত্যাগ করিয়া তীররূপ অর্থ করা হয়; সুতরাং এস্থলে জহৎস্বার্থলক্ষণা বলা যায়। কিন্তু "তত্ত্বমসি" এই বাক্যে উক্তরূপ লক্ষণা হইতে পারে না। কারণ এ স্থলে কোনরূপ পরিত্যাগ করিতে হয় না ॥ ৩৩ ॥

বাচ্যার্থস্যৈকদেশস্য প্রকৃতেস্ত্যাগ দৃশ্যতে।
জহতী সম্ভবেন্নৈব সম্প্রদায়বিরোধতঃ ॥ ৩৪ ॥
বাচ্যার্থমপরিত্যজ্য বৃত্তিরন্যার্থকে তু যা।
কথিতেয়মজহতী শোণোয়ং ধাবতীতিবৎ ॥ ৩৫ ॥
ন সম্ভবতি সাপ্যত্র বাচ্যার্থেতি বিরোধতঃ।
বিরোধাংশপরিত্যাগো দৃশ্যতে প্রকৃতের্যতঃ ॥ ৩৬ ॥
বাচ্যার্থস্যৈকদেশঞ্চ পরিত্যজ্যৈকদেশকং।
যা বোধয়তি সা জ্ঞেয়া তৃতীয়া ভাগলক্ষণা ॥ ৩৭ ॥

"তত্ত্বমসি" এই বাক্যে মুখ্যার্থের একদেশমাত্র পরিত্যাগ দেখা যায়; সুতরাং জহৎস্বার্থলক্ষণা সম্ভবে না। যেহেতু এস্থানে সমুদায় মুখ্যার্থের ত্যাগ হয় নাই। পরন্তু এই বিষয়ে গুরুপরম্পরাবিরোধ হয় ॥ ৩৪ ॥

যেস্থানে বাক্যার্থে তাৎপর্য্যের অনুপপত্তিবশতঃ বাক্যের অন্তর্গত শব্দের সমুদায় মুখ্যার্থ পরিত্যাগ না করিয়া অর্থান্তর স্বীকার করিতে হয়, সেই স্থানে অজহৎস্বার্থলক্ষণা বলা যায়। যেমন "শোণো ধাবতি" অর্থাৎ রক্তবর্ণ ধাবিত হইতেছে, এস্থলে রক্তবর্ণের ধাবন অসম্ভব; যেহেতু রক্তবর্ণ শব্দে রক্তবর্ণ অশ্বই অর্থ করিতে হয়। এখন দেখা যাইতেছে যে, রক্তবর্ণরূপ প্রকৃত অর্থ পরিত্যাগ করিতে হয় নাই, অথচ রক্তবর্ণবিশিষ্ট অশ্ব এইরূপ অর্থ করা হইয়াছে; সুতরাং এস্থানে অজহৎস্বার্থলক্ষণা বলা যায় ॥ ৩৫ ॥

"তত্ত্বমসি" এই বাক্যে অজহৎস্বার্থলক্ষণারও সম্ভব হয় না, যেহেতু মুখ্যার্থের বিরোধ হয়। পরন্তু এস্থলে বিরুদ্ধাংশের পরিত্যাগ দৃষ্ট হইতেছে। অতএব সদ্বিতীয়ত্ব ও পূর্ণত্ব ইহারা বিরুদ্ধধর্ম্ম,সদ্বিতীয়ত্ব পরিত্যাগ না করিলে অর্থসঙ্গতি হইতে পারে না। উহা পরিত্যাগ করিয়া তৎ ও ত্বং উভয়ের সামানাধিকরণ্য হইয়াছে; সুতরাং একাংশমাত্র পরিত্যাগে অজহৎস্বার্থলক্ষণাও হয় না ॥ ৩৬ ॥

যেস্থলে মুখ্যার্থের একদেশমাত্র পরিত্যাগ করিয়া একাংশের অর্থ বলবৎ থাকে, সেই স্থানেই জহৎ অজহৎ উভয়মিশ্রিত ভাগলক্ষণা হইয়া থাকে। ইহার বিশেষ বিবরণ পরে কথিত হইবে ॥ ৩৭ ॥

সোঽহং বিপ্র ইদং বাক্যং বোধয়ত্যাদিতো যথা।
তৎকালত্ববিশিষ্টঞ্চ তথৈতৎকালসংযুতং ॥ ৩৮ ॥
অতস্তয়োর্ব্বিরুদ্ধং তত্তৎকালত্বাদিধর্ম্মকং।
ত্যক্ত্বা বাক্যং যথা বিপ্র পিণ্ডং বোধয়তীরিতং।
তথৈব প্র [illegible] শ্রুতৌ শৃণু ॥ ৩৯ ॥
প্রত্যক্ত্বাদীন্ পরিত্যজ্য জীবধর্ম্মাংস্ত্বমঃপদাৎ।
সর্ব্বজ্ঞত্বপরোক্ষাদীন্ পরিত্যজ্য ততঃ পদাৎ ॥ ৪০ ॥
শুদ্ধং কূটস্থমদ্বৈতং বোধয়ত্যাদরাৎ পরং।

"সেই এই বিপ্র, অর্থাৎ যাহাকে পূর্ব্বকালে দেখিয়াছি, তিনি এই" ইহাই ভাগলক্ষণার স্থল। এস্থানে বিরুদ্ধ অংশ তৎকালবিশিষ্টত্বরূপ অর্থ পরিত্যাগ করিয়া বিপ্ররূপ অর্থে বাক্যার্থের উপপত্তি হইয়াছে; সুতরাং কোন অংশের পরিত্যাগ ও কোন অংশের অপরিত্যাগ আছে। বিরুদ্ধাংশ তৎকালবিশিষ্টত্বরূপ অর্থের পরিত্যাগ এবং অবিরুদ্ধাংশ বিপ্রার্থের স্বীকার দেখা যায়, অতএব ভাগলক্ষণাদ্বারাই এস্থলে অর্থের উপপত্তি হইয়াছে ॥৩৮॥

তৎকালবিশিষ্টত্ব ও এতৎকালবিশিষ্টত্ব ইহারা বিরুদ্ধাংশ। যেহেতু তৎকাল ও এতৎকাল একদা সম্ভবেনা, এইরূপ স্থলবিশেষে নানাপ্রকার লক্ষণা হইয়া থাকে। এই প্রকৃত বিষয়ে, অর্থাৎ তত্ত্বমসি বাক্যে শ্রুতি যেরূপ মীমাংসা করিয়া অর্থনিষ্পত্তি করিয়াছেন, তাহা শ্রবণ কর ॥ ৩৯ ॥

"তত্ত্বমসি" এই বাক্যেও ভাগলক্ষণাদ্বারাই অর্থোপপত্তি হইয়াছে, ত্বং পদ হইতে বিরুদ্ধ প্রত্যক্ত্বাদি জীবধর্ম্ম এবং তৎপদ হইতে সর্ব্বজ্ঞত্বপরোক্ষত্বাদি ধর্ম্ম পরিত্যাগ করিয়া "তত্ত্বং" এই পদের অর্থ করিতে হয়। উক্ত তৎপদে শুদ্ধ কূটস্থ অদ্বৈত পরম বস্তু বোধ করে। তৎ ও ত্বং এই উভয়পদের ঐক্য হইলে "তুমিই সেই শুদ্ধ কূটস্থ অদ্বৈত পরব্রহ্ম এবং শুদ্ধ কূটস্থ অদ্বৈত পর-ব্রহ্মই তুমি" এইরূপ অর্থ হয়; সুতরাং "তত্ত্বমসি" এই বাক্যের প্রকৃত অর্থ বিবেচনা করিয়া দেখিলে "তুমিই ব্রহ্ম" এইরূপ অভেদজ্ঞান হইবে। অত-এব জীবব্রহ্মের ঐক্যজ্ঞানই "তত্ত্বমসি" বাক্যের অর্থ। পরন্তু ঐক্য শব্দের

তত্ত্বমোঃ পদয়োরৈক্যমেব তত্ত্বমসীত্যলং ॥ ৪১ ॥
ইত্থমৈক্যাববোধেন সম্যক্‌জ্ঞাতং দৃঢ়ং নয়ৈঃ।
অহং ব্রহ্মেতি বিজ্ঞানং যস্য শোকং তরত্যসৌ ॥ ৪২ ॥
আত্মা প্রকাশমানোপি মহাবাক্যৈস্তথৈকতা।
তত্ত্বমোর্ব্বোধ্যতেঽথাপি পৌর্ব্বাপর্য্যানুসারতঃ ॥ ৪৩ ॥
তথাপি শক্যতে নৈব শ্রীগুরোঃ করুণাং বিনা।
অপরোক্ষয়তুং লোকে মূঢ়ৈঃ পণ্ডিতমানিভিঃ ॥ ৪৪ ॥

এইরূপ অর্থ বোধ করা কর্ত্তব্য নয় যে, দুই বস্তু মিলিত হইয়াছে, কিন্তু উভয়ই এক পদার্থ; কেবল নামপ্রভেদমাত্র। নামভেদেই উভয় বলিয়া ব্যবহৃত হইয়া থাকে ॥ ৪০-৪১ ॥

যেরূপে "তত্ত্বমসি" এই বাক্যার্থবোধদ্বারা ঐক্য জ্ঞান হয়, তাহা উক্ত হইল। এইক্ষণ সেই ঐক্যজ্ঞানের ফল নিরূপণ করিতেছেন।—যাহার পূর্ব্বোক্ত-প্রকারে "তত্ত্বমসি" ইত্যাদি শ্রুতিবাক্যার্থ বোধদ্বারা যুক্তিসহকারে "অহং ব্রহ্ম" অর্থাৎ "আমিই ব্রহ্ম" এইরূপ জ্ঞানের দৃঢ়তা সাধিত হয়, সেই ব্যক্তি শোক-সাগর হইতে উত্তীর্ণ হইতে পারে। শ্রুতিপ্রমাণে জানা যায় যে, আত্মজ্ঞানী ব্যক্তি কোনরূপ শোকে অভিভূত হয় না ॥ ৪২ ॥

আত্মতত্ত্বপরিজ্ঞান হইলেও "তত্ত্বমসি" এই মহাবাক্যদ্বারা পৌর্ব্বাপর্য্য-ক্রমে তৎ ও ত্বং এই উভয়ের একত্বজ্ঞান করিতে হয়, অর্থাৎ প্রথমতঃ জীবের পরিজ্ঞান হইয়া সেই জীবই ব্রহ্মস্বরূপে প্রকাশ পায়। কারণ জীবের মায়াদিপরিত্যাগ হইলেই "আমিই ব্রহ্ম" এইরূপ অভেদজ্ঞান হইয়া থাকে ॥ ৪৩ ॥

যদিও জীবব্রহ্মের ঐক্যজ্ঞানবিষয়ে নানাপ্রকার শাস্ত্র ও বেদপ্রমাণাদি বর্ত্তমান থাকুক, তথাপি শ্রীগুরুর করুণা না হইলে পণ্ডিতাভিমানী মূঢ়েরা কখনই অপরোক্ষ ব্রহ্মবিজ্ঞানলাভ করিতে পারে না। যাহারা পণ্ডিতাভিমানী, তাহারাই বেদবাক্যাদি পর্য্যালোচনা করিয়া তত্ত্বপরিজ্ঞানবিষয়ে নানাপ্রকার উপায়পরিকল্পনা করিয়া থাকেন, কিন্তু শ্রীসদ্‌গুরুর কৃপা না হইলে কোনরূপেও

অন্তঃকরণসংশুদ্ধৌ স্বয়ং জ্ঞানং প্রকাশতে।
বেদবাক্যৈরতঃ কিং স্যাদ্‌গুরুণেতি ন সাম্প্রতং ॥ ৪৫ ॥
আচার্য্যবান্ পুরুষো হি বেদেত্যেবং শ্রুতির্জ্জগৌ।
অনাদাবিহ সংসারে বোধকো গুরুরেব হি ॥ ৪৬ ॥
অতো ব্রহ্মাত্মবস্ত্বৈক্যং জ্ঞাত্বা দৃশ্যমসত্তয়া।
অদ্বৈতে ব্রহ্মণি স্থেয়ং প্রত্যগ্‌ব্রহ্মাত্মনা সদা ॥ ৪৭ ॥

কৃতকার্য্য হইতে পারে না। যতপ্রকার শাস্ত্র ও বেদপ্রমাণাদি থাকুক না কেন, শ্রীগুরুর উপদেশব্যতিরেকে তত্ত্বপরিজ্ঞান হইতে পারে না ॥ ৪৪ ॥

যদি বল, "অন্তঃকরণ শুদ্ধ হইলেই পরব্রহ্মের তত্ত্বপরিজ্ঞান হইতে পারে, তবে আর বেদবাক্য ও শ্রীগুরুর প্রয়োজন কি ?" ইহা সাধুজনগণের অভিমত নহে। কেবল পণ্ডিতাভিমানী অতত্ত্বজ্ঞ ব্যক্তিরাই বলিয়া থাকেন যে, কেবল বেদবাক্যার্থপর্য্যালোচনা করিলেই পরব্রহ্ম স্বয়ং প্রকাশ পাইয়া থাকেন, যাঁহারা ব্রহ্মবিজ্ঞানপারদর্শী, তাঁহারা ইহা কথনই স্বীকার করেন না ॥ ৪৫ ॥

শ্রুতিতে কথিত আছে যে, এই অনন্ত সংসারে একমাত্র গুরুই জ্ঞানদাতা। গুরুভিন্ন আর কেহ জ্ঞানপ্রদান করিতে পারে না। আচার্য্যবান্ পুরুষই বেদ, অর্থাৎ ব্রহ্মবিজ্ঞানবিষয়ে যিনি সদুপদেশ দিতে পারেন, তিনিই ব্রহ্মবিজ্ঞানলাভের কারণ ; যেহেতু গুরুই বেদবাক্যার্থের বোধক। বেদবাক্যের অর্থাবগতি না হইলে কোন ফল হয় না। আর গুরুব্যতিরেকেও তাহার প্রকৃত মর্ম্মবোধ হয় না। অতএব এই সংসারে গুরুই ব্রহ্মবিজ্ঞানলাভের কারণ ॥ ৪৬ ॥

অতএব শ্রীগুরুর উপদেশে ব্রহ্ম ও আত্মার ঐক্যজ্ঞান করিয়া এই পরিদৃশ্যমান অনাদি সংসারকে অসত্যরূপে জ্ঞান করিবে। তাহাহইলেই অদ্বৈত ব্রহ্মরূপে অবস্থিতি হয়। যখন এই অসার সংসারের অলীকত্বজ্ঞান হইয়া আত্মব্রহ্মের ঐক্যজ্ঞান হয়, তখনই "অহং ব্রহ্ম" এইরূপ জ্ঞান হইয়া থাকে ॥ ৪৭ ॥

যৎপ্রত্যক্ষাৎ পরিজ্ঞাতমদ্বৈতব্রহ্মচিদ্ঘনং।
প্রতিপাদ্যং তদেবাত্র বেদান্তৈর্নদ্বয়ং জড়ং ॥ ৪৮ ॥
সুখরূপং চিদদ্বৈতং দুঃখরূপমসজ্জড়ং।
বেদান্তৈস্তদ্দ্বয়ং সম্যক্ নির্ণীতং বস্তুতো নয়াৎ ॥ ৪৯ ॥
অদ্বৈতমেবং সত্যং ত্বং বিদ্ধি দ্বৈতমসৎ সদা।
শুদ্ধে কথমশুদ্ধঃ স্যাৎ দৃশ্যং মায়াময়ং ততঃ ॥ ৫০ ॥
শুক্তৌ রূপ্যং মৃষা যদ্বৎ তথা বিশ্বং পরাত্মনি।

যাঁহার প্রত্যক্ষ হইলে চিদানন্দময় অদ্বৈত ব্রহ্মের পরিজ্ঞান হয়, এই বেদান্তশাস্ত্রে তাহাই প্রতিপন্ন হইয়াছে। দ্বৈত জড়পদার্থ বেদান্তপ্রতিপাদ্য নহে। যিনি দ্বৈত, জড়ময় সংসার হইতে অতীত, সেই চিদানন্দময় পরব্রহ্মের পরিজ্ঞান হইলেই জীব এই অসার সংসারকে অলীক বোধ করিয়া পরব্রহ্মের অনন্তরূপে নিমগ্ন হয়। তখন আর জড়পদার্থের প্রতি দৃষ্টিপাতও করে না ॥ ৪৮ ॥

যিনি অদ্বৈত চিন্ময় পরব্রহ্ম, তিনি সুখস্বরূপ, আর অসৎ জড়ময় এই দ্বৈতসংসার দুঃখস্বরূপ। বেদান্তশাস্ত্রে যুক্তিপ্রদর্শনপূর্ব্বক এই উভয়ই নির্ণীত হইয়াছে, অর্থাৎ সচ্চিদানন্দ পরব্রহ্মপরিজ্ঞান হইলে কিরূপ অপরিসীম সুখভোগ হয় এবং সেই ব্রহ্মতত্ত্বস্থিত হইয়া এই অনিত্যসংসারে নিমগ্ন থাকিলে কিরূপ অপার দুঃখভোগ হইয়া থাকে, তাহা বেদান্তশাস্ত্র পর্য্যালোচনা করিলেই জানা যাইতে পারে ॥ ৪৯ ॥

যিনি অদ্বৈত সচ্চিদানন্দময় পরব্রহ্ম, তিনিই সৎ এবং জড়ময় এই সংসারই অসৎ ;- সর্ব্বদা এইরূপ জ্ঞান কর। শুদ্ধ ব্রহ্মবিজ্ঞান হইলে অশুদ্ধ মায়াময় সংসার থাকিতে পারে না। যাবৎ ব্রহ্মবিজ্ঞান না হয়, তাবৎ লোকে অনিত্য সংসারকে সদ্রূপে জ্ঞান করিয়া তাহাতেই মুগ্ধ থাকে এবং যখন সেই সচ্চিদানন্দময় পরব্রহ্মবিজ্ঞান লাভ হয়, তখন দর্পণস্থিত প্রতিবিম্বের ন্যায় অলীক সংসার অসত্যরূপে বোধ হইয়া থাকে ॥ ৫০ ॥

যেমন শুক্তিতে রজতভ্রম হইয়া থাকে, সেইরূপ পরমাত্মাতেও সংসারভ্রম

বিদ্যতে ন স্বতঃ সত্ত্বং নাসতঃ সত্ত্বমস্তি বা ॥ ৫১ ॥
বাধ্যত্বান্নৈব সদ্বৈতং নাসৎ প্রত্যক্ষভানতঃ।
ন চ সৎ সদ্বিরুদ্ধত্বাদতোঽনির্ব্বাচ্যমেব তৎ ॥ ৫২ ॥
যঃ পূর্ব্বমেকএবাসীৎ সৃষ্ট্বা পশ্চাদিদং জগৎ।
প্রবিষ্টো জীবরূপেণ সএবাত্মা ভবান্ পরঃ ॥ ৫৩ ॥
সচ্চিদানন্দ এব ত্বং বিস্মৃত্যাত্মতয়া পরং।
জীবভাবমনুপ্রাপ্তঃ সএবাত্মাসি বোধতঃ।
অদ্বয়ানন্দচিন্মাত্রঃ শুদ্ধঃ সাম্রাজ্যমাগতঃ ॥ ৫৪ ॥

হয়। পরমাত্মা সর্ব্বদা সত্তাবান্ এবং জগৎ অসত্য। প্রকৃতপক্ষে বিবেচনা করিয়া দেখিলে সত্যরূপী পরব্রহ্মেতে কখনও ঐ অসত্য জগতের সম্ভব হয় না। যাঁহারা শুক্তিতে রজতজ্ঞানের ন্যায় সনাতন পরব্রহ্মেতে অসত্য জগৎ পরিকল্পনা করেন, তাঁহারা নিত্যন্তই ভ্রান্ত ॥ ৫১ ॥

জগতের সত্যত্ববিষয়ে নানাপ্রকার প্রতিবন্ধক হয়; অতএব তাহাকে সৎ বলা যায় না। আর সর্ব্বদা এই জগৎ প্রত্যক্ষ করা যাইতেছে; সুতরাং তাহাকে অসৎও বলা যায় না। অতএব জগতের তত্ত্ব অনির্ব্বাচ্য, অর্থাৎ এই জগৎ সৎ কি অসৎ, তাহার কিছুই নির্ব্বাচন করা যায় না। অহরহ যাহার বিনাশ দেখিতেছি, তাহাকে কিরূপে সৎ বলিয়া স্বীকার করি? আর যাহা সাক্ষাৎ প্রত্যক্ষ করিতেছি, তাহাকে অসৎ বলিয়াও ব্যাখ্যা করা যায় না ॥ ৫২ ॥

যিনি পূর্ব্বে একমাত্র সৎ ছিলেন, তিনিই এই জগৎ সৃষ্টি করিয়া জীবরূপে স্বয়ং সেই জগতে প্রবিষ্ট হইয়াছেন। তিনিই পরমাত্মা এবং পরমাত্মাই তুমি। জগৎসৃষ্টির পূর্ব্বে তুমিই একমাত্র সৎস্বরূপে বিদ্যমান ছিলে ॥৫৩॥

তুমিই সচ্চিদানন্দময় পরমাত্মা, কারণ আপনিই স্বীয়স্বরূপ বিস্মৃত হইয়া জীবভাব প্রাপ্ত হইয়াছ, এই বিস্মৃতিরূপ মোহ নিবৃত্ত হইয়া তত্ত্বজ্ঞান সমুদিত হইলেই পুনর্ব্বার তুমি অদ্বয়ানন্দ, শুদ্ধ চিন্মাত্ররূপে প্রকাশ পাইবে। জীবভাব পরিত্যক্ত হইলেই আত্মস্বভাবরূপ সাম্রাজ্যলাভ হয়; অর্থাৎ যাবৎ

কর্ত্তৃত্বাদীনি যান্যাসংস্ত্বয়ি ব্রহ্মদ্বয়ে পরে।
তানীদ্বানীং বিচার্য্য ত্বং কিংস্বরূপাণি বস্তুতঃ ॥ ৫৫ ॥
অত্রৈব শৃণু বৃত্তান্তমপূর্ব্বং শ্রুতিভাষিতং।
কশ্চিদ্ গান্ধারদেশীয়মহারত্নবিভূষিতঃ ॥ ৫৬ ॥
স্বগৃহে স্বাঙ্গণে সুপ্তঃ প্রমত্তঃ সন্ কদাচন।
রাত্রৌ চৌরৈঃসমাগত্য ভূষণানাং প্রলোভিতঃ ॥ ৫৭ ॥
বদ্ধা দেশান্তরং চৌরৈর্নীতঃ সন্ গহনে বনে।
ভূষণান্যপহৃত্যাপি বদ্ধাক্ষকরপাদকঃ ॥ ৫৮ ॥
নিক্ষিপ্তো বিপিনেঽতীব কুশকণ্টকবৃশ্চিকৈঃ।

জীব আত্মস্বরূপ বিস্মৃত হইয়া সংসারমায়ায় অভিভূত থাকে, তাবৎ আপনাকে আপনি চিনিতে পারে না; পরে আত্মবিস্মৃতি অপনীত হইলেই "আমিই ব্রহ্ম" ইত্যাকার জ্ঞান হইয়া থাকে ॥ ৫৪ ॥

তুমি অদ্বয় পরব্রহ্মস্বরূপ, তোমাতে কর্ত্তৃত্বাদি আরোপিত হইয়াছিল এইক্ষণ বিচার করিয়া দেখ, বাস্তবিক তুমি কিরূপ? যাবৎ তোমার অজ্ঞান ছিল, তাবৎ তোমার "আমি কর্ত্তা, আমি ভোক্তা" এইরূপ বোধ ছিল এইক্ষণ ভ্রান্তি বিদূরিত হইয়া প্রকৃতজ্ঞান জন্মিয়াছে এবং সেই কর্ত্তৃত্বাদি জ্ঞানও অন্তরিত হইয়াছে,সুতরাং বিবেচনা করিয়া দেখিলে সহজেই আপন স্বরূপ জানিতে পারিবে ॥ ৫৫ ॥

এই বিষয়ে শ্রুতিতে একটি অপূর্ব্ব বৃত্তান্ত বর্ণিত আছে, এস্থলে সেই ইতিবৃত্তটি দৃষ্টান্তরূপে কথিত হইতেছে, শ্রবণ কর।—একদা গান্ধারদেশবাসী কোন ব্যক্তি বিবিধরত্নাদি বিভূষণে বিভূষিত হইয়া অনবধানভাবে স্বীয় গৃহপ্রাঙ্গণে নিদ্রিত হইয়াছিল। ভূষণলোভী চৌরগণ রজনীযোগে তথায় উপস্থিত হইয়া তাহাকে বন্ধনপূর্ব্বক দেশান্তরে লইয়া গেল এবং ভূষণরাশি অপহরণপূর্ব্বক তাহার হস্ত, পদ ও চক্ষু বন্ধন করিয়া কুশকণ্টক সমাকীর্ণ, বৃশ্চিকসমাকুল, ব্যাঘ্রাদি হিংস্রশ্বাপদ সঙ্কুল, নিবিড় তরুবর

ব্যালব্যাঘ্রাদিভিশ্চৈব সঙ্কুলতরুসঙ্কটে ॥ ৫৯ ॥
ব্যালাদিদুষ্টসত্ত্বেভ্যো মহারণ্যে ভয়াতুরঃ।
শিলাকণ্টকদর্ভাদ্যৈর্দ্দেহস্য প্রতিকূলকৈঃ ॥ ৬০ ॥
ক্রিয়মাণে বিলুঠনে বিশীর্ণাঙ্গোঽসমর্থকঃ।
ক্ষুত্তৃষাতপবায়ুগ্ন্যাদিভিস্তপ্তোঽতিতাপকৈঃ ॥ ৬১ ॥
বন্ধমুক্তৌ তথা দেশপ্রাপ্তাবেব সুদুঃখধীঃ।
দদৃশে কঞ্চিন্মাক্রোশ নৈকং তত্রৈব তস্থিবান্ ॥ ৬২ ॥
তথা রাগাদিভির্ব্বর্গৈঃ শত্রুভির্দুঃখদায়িভিঃ।
চৌরৈর্দ্দেহাভিমানাদ্যৈঃ স্বানন্দধনহারিভিঃ ॥ ৬৩ ॥
ব্রহ্মানন্দে প্রমত্তঃ স্বাজ্ঞাননিদ্রাবশীকৃতঃ।
বন্ধস্ত্বং বন্ধনৈর্ভোগতৃষ্ণাজ্বরাদিভির্দৃঢ়ঃ ॥ ৬৪ ॥

কীর্ণ, গহনবনমধ্যে নিক্ষেপকরত যথেচ্ছ প্রস্থান করিল। মহারণ্যমধ্যে দুষ্ট হিংস্র জন্তুগণভয়ে ভীত হইয়া ধরাতলে বিলুণ্ঠিত হওয়াতে দর্ভাঙ্কুর, শিলা ও কণ্টকাদিতে তাহার দেহ ছিন্নভিন্ন হইয়া গেল। পরন্তু তাহার শরীর বিশীর্ণ হইল, বলহীন হইয়া পড়িল এবং ক্ষুধা, পিপাসা, প্রখর বায়ু, অগ্নিসন্তাপ ও আতপতাপে একান্ত পরিতপ্ত হইয়া উঠিল। তথায় ব্যক্তিমাত্রও দৃষ্টিগোচর না হওয়াতে বন্ধনমুক্তি ও দেশপ্রাপ্তির অভিলাষে সকাতরে মুক্তকণ্ঠে রোদন করিতে লাগিল ॥ ৫৬-৬২ ॥

ধনী ব্যক্তি যেরূপ তস্করহস্তে পতিত হইয়া নানাপ্রকার দুর্গতিভোগ করিয়াছিল, সেইরূপ তোমার শরীরেও অশেষদুঃখদায়ী শত্রুগণ বাস করিতেছে। দেহাভিমানরূপ তস্কর আত্মানন্দরূপ ধন অপহরণ করিয়া তোমাকে নির্ধন করিবে এবং রাগাদিরূপ শত্রু নানাপ্রকার দৈহিক যন্ত্রণাপ্রদান করিবে ॥ ৬৩ ॥

তুমি ব্রহ্মানন্দলাভে প্রমত্ত হইলেও উক্ত শত্রুগণ তোমাকে অজ্ঞাননিদ্রার বশীভূত করিয়া ভোগতৃষ্ণারূপ রজ্জুতে দৃঢ়রূপে বন্ধন করিবে।

অদ্বয়ানন্দরূপাত্ত্বাং প্রচ্যাব্যাতীবধূর্ত্তকৈঃ।
দূরনীতোসি দেহেষু সংসারারণ্যভূমিষু ॥ ৬৫ ॥
সর্ব্বদুঃখনিদানেষু শরীরাদিত্রয়েষু চ।
নানাযোনিষু কর্ম্মান্ধবাসনানির্ম্মিতাসু চ ॥ ৬৬ ॥
প্রবেশিতো বিসৃষ্টোসি বন্ধস্বানন্দদৃষ্টিতঃ।
অনাদিকালমারভ্য দুঃখং চানুভবন্ সদা ॥ ৬৭ ॥
জন্মমৃত্যুজরাদোষনরকাদিপরম্পরাং।
নিরন্তরং বিষণ্ণোঽনুভবন্নত্যন্তশোচবান্ ॥ ৬৮ ॥

(ইহারা তস্করাদির ন্যায় সাধারণ শত্রু নহে; তস্করাদিরা সাধারণ বাহ্যধন অপহরণ করিয়া অতি সামান্য ক্লেশপ্রদান করে, কিন্তু দেহগত শত্রু চির-কাল ক্লেশ দেয়) ॥ ৬৪ ॥

যেমন তস্করেরা গান্ধারদেশবাসীকে দূরদেশে লইয়া গিয়াছিল, সেইরূপ দেহগত ধূর্ত্তগণও তোমাকে অদ্বৈত ব্রহ্মানন্দ হইতে অনেক দূরবর্ত্তী এই সংসারারণ্যে আনিয়াছে। তুমি যে বিষম শত্রুহস্তে পতিত হইয়াছ, তাহা জানিতেছ না; অতঃপর তোমাকে আরও কতপ্রকার ক্লেশ দিবে ॥ ৬৫ ॥

স্থূলদেহ, সূক্ষ্মদেহ ও কারণশরীরত্রয় শরীর এই সর্ব্বদুঃখের নিদান ও বাসনানির্ম্মিত। কর্ম্মান্ধ ব্যক্তি এই ত্রিবিধ শরীরের অনুরোধে নানাযোনিতে ভ্রমণ করে। তুমিও এই শরীরে আবদ্ধ হইয়া অশেষ যন্ত্রণাভোগ করিতেছ এবং আরও যে কত যন্ত্রণাভোগ করিবে, তাহার ইয়ত্তা নাই ॥ ৬৬ ॥

তুমি এক একবার এই শরীরে শত্রুগণকর্ত্তৃক প্রবেশিত হইতেছ, এক একবার নির্গত হইতেছ, তোমার জ্ঞানদৃষ্টি আবদ্ধ হইয়াছে, একবারও সেই ব্রহ্মানন্দের প্রতি অবলোকন করিতে পারিতেছ না। এইরূপে তুমি অনন্ত-কাল দুঃখভোগ করিবে। কোনরূপেও এই দুঃখ হইতে উত্তীর্ণ হইতে পারিবে না ॥ ৬৭ ॥

তুমি ক্রমতঃ জন্ম, মৃত্যু, জরা, দোষ এবং নরকাদি নিরন্তর ভোগ করিয়া

অবিদ্যাভূতবন্ধস্য নিবৃত্তৌ দুঃখদৃশ্য চ।
স্বরূপানন্দসংপ্রাপ্তৌ সত্যোপায়ো ন লব্ধবান্ ॥ ৬৯ ॥
যথা গান্ধারদেশীয়শ্চিরং দৈবাদ্দয়ালুভিঃ।
কৈশ্চিৎ পান্থৈঃ পরিপ্রাপ্তৈর্মুক্তদৃষ্ট্যাদিবন্ধনঃ ॥ ৭০ ॥
সঃ স্বৈস্থৈরুপদিষ্টশ্চ পণ্ডিতো নিশ্চিতাধ্বকঃ।
গ্রামাদ্‌গ্রামান্তরং গচ্ছেন্মেধাবী মার্গতৎপরঃ ॥ ৭১ ॥
গত্বা গান্ধারদেশং স স্বগৃহং প্রাপ্য পূর্ব্ববৎ।
বান্ধবৈঃ সংপরিষ্বক্তঃ সুখী ভূত্বা স্থিতোঽভবৎ ॥ ৭২ ॥

বিষণ্ণ ও শোকাভিভূত হইতেছ। পরন্তু এই অনিত্য শরীরের নিমিত্ত সর্ব্বদা জন্মমৃত্যুজনিত নানাপ্রকার ক্লেশে পতিত হইতেছ ॥ ৬৮ ॥

তুমি অবিদ্যাজনিত সংসারবন্ধনে আবদ্ধ হইয়া নানাপ্রকার দুঃখভোগ করিতেছ। কিন্তু সেই দুঃখনিবৃত্তির কোন উপায়চিন্তা করিতেছ না এবং যাহাতে পরব্রহ্মানন্দলাভ হইতে পারে, তাহারও কোন কারণলাভ করিতে পার নাই ॥ ৬৯ ॥

যেমন গান্ধারদেশীয় ব্যক্তি বহুবিধ ক্লেশ পাইয়া বহুকালের পর কোন দয়ালু পথিকের সাক্ষাৎ পাইয়াছিল এবং তখন সেই পথিক তাহার চক্ষুবন্ধন উন্মুক্ত করিয়া দেয়, তাহাতেই সেই গান্ধারদেশীয় ব্যক্তি সুস্থ হয় ॥ ৭০ ॥

অনন্তর সেই পথিক গান্ধারদেশীয় ব্যক্তিকে সুস্থ দেখিয়া পথপ্রদর্শন করিয়া দিল, তখন সে স্বদেশগমনোপযোগী পথ জানিতে পারিয়া সেই পথ অবলম্বনপূর্ব্বক গ্রামান্তরে গমন করিল। এইরূপে সেই মেধাবী ক্রমতঃ এক একগ্রাম পরিত্যাগ করিয়া গ্রামান্তরে উপস্থিত হইতে লাগিল ॥ ৭১ ॥

অনন্তর ক্রমশঃ বহু বহু গ্রামনগরাদি অতিক্রম করিয়া পুনর্ব্বার গান্ধার-দেশে উপস্থিত হইল এবং অবশেষে আপন গৃহে উপস্থিত হইয়া পূর্ব্ববৎ বান্ধবগণের সহিত সমাগত হইয়া সুখে অবস্থিতি করিতে লাগিল ॥ ৭২ ॥

ভ্রমন্নপ্যেবমনেকেষু দুঃখদায়িষু জন্মসু।
ভ্রান্তো দৈবাচ্ছুভে মার্গে জাতশ্রদ্ধঃ সুকর্ম্মকৃৎ ॥ ৭৩ ॥
বর্ণাশ্রমাচারপরোঽবাপ্তপুণ্যমহোদয়ঃ।
ঈশ্বরানুগ্রহাল্লব্ধো ব্রহ্মবিৎ গুরুসত্তমঃ ॥ ৭৪ ॥
বিধিবৎ কৃতসংন্যাসো বিবেকাদিযুতঃ সুধীঃ।
প্রাপ্তো ব্রহ্মোপদেশোঽদ্য বৈরাগ্যাভাসতঃ পরং ॥ ৭৫ ॥
পণ্ডিতস্তত্র মেধাবী যুক্ত্যা বস্তু বিচারয়ন্।
নিদিধ্যাসনসম্পন্নঃ প্রাপ্তো হি ত্বং পরং পদং ॥ ৭৬ ॥
অতো ব্রহ্মাত্মবিজ্ঞানং উপদিষ্টং যথাবিধি।

তুমিও গান্ধারদেশবাসীর ন্যায় বহু বহু জন্মেতে অনন্ত যোনিতে ভ্রমণ করিয়া বিবিধ দুঃখভোগ করিয়াছ। এইক্ষণ তোমার শুভাদৃষ্টফলে ঈশ্বরানুগ্রহবশতঃ শ্রদ্ধাবান্, সৎকর্ম্মনিরত, বর্ণাশ্রমাচারতৎপর, পুণ্যশীল, মহাত্মা, ব্রহ্মবিজ্ঞানবিৎ গুরুলাভ করিয়াছ। এইক্ষণ এই লব্ধ গুরুর শরণাগত হও, তাহাহইলে যেমন গান্ধারদেশবাসী দয়ালু পথিকের সাহায্যে ও উপদেশে স্বীয় দেশ প্রাপ্ত হইয়াছিল, তুমিও সেইরূপ এই কৃপালু গুরুর উপদেশে ব্রহ্মধামে যাইতে পারিবে ॥ ৭৩-৭৪ ॥

তুমি অতি সুবুদ্ধি, বিবেকাদিযুক্ত হইয়া বৈরাগ্যাদি অভ্যাসে তৎপর হও এবং যথাবিধি সন্ন্যাস করিয়া ব্রহ্মোপদেশ প্রাপ্ত হও। বিধিপূর্ব্বক সন্ন্যাস করিলেই বিবেক উপস্থিত হইবে এবং সেই বিবেকের সাহায্যে সংসারে বৈরাগ্য জন্মিবে, তাহাহইলেই ব্রহ্মোপদেশের অধিকারী হইতে পারিবে ॥ ৭৫ ॥

তুমি অতি সুপণ্ডিত ও মেধাবী, এইক্ষণ যুক্তিদ্বারা বস্তুবিচারপূর্ব্বক নিদিধ্যাসন করিয়া পরমপদ প্রাপ্ত হও, অর্থাৎ সংসারের সদসৎ বস্তুনিরূপণ করিয়া অসদ্বস্তু পরিহারপূর্ব্বক ব্রহ্মেতে চিত্তসমর্পণ করিলেই পরব্রহ্মলাভ করিতে পারিবে ॥ ৭৬ ॥

তুমি আমার সুবুদ্ধি শিষ্য, আমি তোমার ব্রহ্মোপদেশক আচার্য্য, অত-

ময়াচার্য্যেণ তে ধীর সম্যক্ তত্র প্রযত্নবান্ ॥ ৭৭ ॥
ভূত্বা বিমুক্তবন্ধস্ত্বং ছিন্নদ্বৈতাত্মসংশয়ঃ।
নির্দ্বন্দ্বো নিস্পৃহো ভূত্বা বিচরস্ব যথাসুখং ॥ ৭৮ ॥
বস্তুতো নিষ্প্রপঞ্চোসি নিত্যমুক্তঃ স্বভাবতঃ।
ন তে বন্ধবিমোক্ষৌ স্তঃ কল্পিতৌ তৌ যতস্ত্বয়ি ॥ ৭৯ ॥
ন নিরোধো নচোৎপত্তির্ন বদ্ধো ন চ সাধকঃ।
ন মুমুক্ষুর্ন বৈ মুক্ত ইত্যেষা পরমার্থতা ॥ ৮০ ॥
শ্রুতিসিদ্ধান্তসারোয়ং তথৈব ত্বং স্বয়া ধিয়া।
সংবিচার্য্য নিদিধ্যাস্য নিজানন্দাত্মকং পরং ॥ ৮১ ॥

এব তুমি এইক্ষণ আমার নিকট যথাবিধি ব্রহ্মতত্ত্বের উপদেশগ্রহণ করিয়া পরব্রহ্মতত্ত্ব[illegible] যত্নবান্ হও; তাহাহইলেই অদ্বৈত সচ্চিদানন্দ ব্রহ্মকে জানিতে পারিবে ॥ ৭৭ ॥

হে শিষ্য! আমার নিকট উপদিষ্ট হইয়া সংসারবন্ধন হইতে বিমুক্ত হও এবং অদ্বৈত আত্মসংসারচ্ছেদ করিয়া সুখ-দুঃখ-রাগ দ্বেষাদি দ্বন্দ্ব পরিত্যাগ-পূর্ব্বক অসার সাংসারিক স্পৃহাপরিত্যাগ করিয়া যথাসুখে বিচরণ কর ॥৭৮॥

বাস্তবিক তুমি নিষ্প্রপঞ্চ, অর্থাৎ ঘটপটাদিব ন্যায় তোমার কোন পরিদৃশ্যমান আকার নাই. তুমি স্বভাবতই নিত্যমুক্তস্বরূপ, অতএব তোমার বন্ধ বা মোক্ষ কিছুই নাই। তোমার বন্ধমোক্ষ কল্পনামাত্র; কাবণ অলীক কল্পনা-দ্বারাই "আমি বদ্ধ ও আমি মুক্ত" এইরূপ ব্যবহার হইয়া থাকে ॥ ৭৯ ॥

শ্রুতিপ্রমাণে জানা যায় যে, তোমার নিরোধ, অর্থাৎ কোনরূপ বন্ধন নাই, উৎপত্তি নাই; সুতরাং তুমি বদ্ধ বা কোন কার্য্যের সাধক নহ। তুমি মুমুক্ষু নহ বা মুক্ত নহ; ইহাই পরমার্থতা। প্রকৃতপক্ষে বিবেচনা করিয়া দেখিলে তুমি সর্ব্ববিষয়েই নির্লিপ্ত ॥ ৮০ ॥

ইহাই শ্রুতির সারসিদ্ধান্ত যে, তুমি স্বীয় বুদ্ধিদ্বারা বিচার করিয়া নিদি-ধ্যাসনপূর্ব্বক অবিচ্ছিন্ন অক্ষয় অদ্বৈত নিজানন্দস্বরূপ পরব্রহ্মের সাক্ষাৎকার

সাক্ষাৎকৃত্বা পরিচ্ছিন্নাদ্বৈতব্রহ্মাক্ষরং স্বয়ং।
জীবন্নেব বিনির্ম্মুক্তো বিশ্রান্তশান্তিমাশ্রয় ॥ ৮২ ॥
বিচারণীয়া বেদান্তা বন্দনীয়ো গুরুঃ সদা।
গুরূণাং বচনং পথ্যং দর্শনং সেবনং নৃণাং ॥ ৮৩ ॥
গুরুর্ব্রহ্ম স্বয়ং সাক্ষাৎ সেব্যো বন্দ্যো মুমুক্ষুভিঃ।
নোদ্বেজনীয় এবায়ং কৃতজ্ঞেন বিবেকিনা ॥ ৮৪ ॥
যাবদায়ুস্ত্রয়ো বন্দ্যো বেদান্তো গুরুরীশ্বরঃ।
মনসা কর্ম্মণা বাচা শ্রুতিরেবৈষ নিশ্চয়ঃ ॥ ৮৫ ॥

লাভ করিয়া জীবন্মুক্ত হও এবং বিশ্রান্ত হইয়া শান্তিসুখলাভ কর। যখন নিদিধ্যাসনাদিদ্বারা পরব্রহ্মতত্ত্বের পরিজ্ঞান হয়, তখনই সর্ব্বপ্রকার সাংসারিক বিষয় হইতে বিরত হইয়া পরম শান্তিসুখভোগ হইয়া থাকে ॥ ৮১-৮২ ॥

সর্ব্বদা বেদান্তশাস্ত্রের বিচার করিবে এবং গুরুকে বন্দনা করিবে। গুরুদেবের বাক্যই মনুষ্যমাত্রের পথ্য এবং গুরুর দর্শন ও সেবনই মনুষ্যের অবশ্যকর্ত্তব্য। বেদান্তশাস্ত্রের বিচার এবং গুরুর উপদেশ গ্রহণ করিয়া পরমব্রহ্ম তত্ত্বানুসন্ধানে প্রবৃত্ত হইলেই মনুষ্য কৃতকৃত্য হইতে পারে ॥ ৮৩ ॥

স্বয়ং গুরুদেবই সাক্ষাৎ ব্রহ্মস্বরূপ; যাহারা মোক্ষকামনা করে, তাহারা শ্রীগুরুর সেবা ও বন্দনা করিবে। যাহারা কৃতজ্ঞ ও বিবেকী, তাহারা কদাচ ইহার অন্যথা করিবে না। শ্রীগুরুর প্রসাদে যাহারা বিবেকলাভ করিয়াছে, তাহারা সেই গুরুকৃত উপকার স্মরণ করিয়া চিরকাল গুরুর আরাধনা করে ॥ ৮৪ ॥

মনুষ্য যাবৎ জীবিত থাকিবে, তাবৎ বাক্য, মন ও কর্ম্মদ্বারা বেদান্ত, গুরু ও ঈশ্বর এই তিনের বন্দনা করিবে; ইহাই শ্রুতির তাৎপর্য্য। (সর্ব্বদা কর্ম্ম, মন ও বাক্যদ্বারা বেদান্তশাস্ত্র বিচারপূর্ব্বক শ্রীগুরুর উপদেশানুসারে ঈশ্বরের উপাসনা করিলেই মনুষ্যগণ পরমব্রহ্মপদ লাভ করিয়া ভবসাগর উত্তীর্ণ হইতে পারে এবং তাহাহইলেই পরম শান্তিসুখলাভ হইয়া থাকে) ॥ ৮৫ ॥

ভাবাদ্বৈতং সদা কুর্য্যাৎ ক্রিয়াদ্বৈতং ন কর্হিচিৎ।
অদ্বৈতং ত্রিষু লোকেষু নাদ্বৈতং গুরুণা সহ॥ ৮৬

ইত্যেবং বোধিতো ব্রহ্মামৃতবোধাত্মনা দ্বিজঃ।
গুরুণা ভাষ্যকারেণ মণ্ডনাখ্যকবির্ম্মহান্॥ ৮৭॥

ইতি শ্রীপরমহংসপরিব্রাজকাচার্য্য-শ্রীমচ্ছঙ্কর-
ভগবৎকৃতস্তত্ত্বোপদেশঃ সমাপ্তঃ॥

সর্ব্বদা অদ্বৈতরূপে ঈশ্বরের ভাবনা করিবে, কখনও ক্রিয়াতে অদ্বৈতজ্ঞান করিবে না। তিন লোককেতেই অদ্বৈতজ্ঞান করিবে, কিন্তু গুরুর সহিত অদ্বৈত-ভাবনা করিবে না। (কেবল ঈশ্বরকেই সর্ব্বময়রূপে অদ্বৈতজ্ঞান করিবে, কিন্তু সদসৎ ক্রিয়াকে একরূপ জ্ঞান করিবে না)॥ ৮৬॥

দ্বিজবর মণ্ডনমিশ্র এইরূপে পরম কারুণিক ভাষ্যকার আচার্য্যপ্রবর গুরুর উপদেশে ব্রহ্মবিজ্ঞানরূপ অমৃতলাভে প্রবোধিত হইলেন। উক্তরূপে শঙ্করাচার্য্যের উপদেশশ্রবণ করিয়াই মণ্ডনমিশ্র ব্রহ্মলাভে তৎপর হয়েন॥৮৭॥

ইতি তত্ত্বোপদেশ সমাপ্ত॥